باسمه تعالى

قال عليه الصلوة والسلام احبوا العرب لثلاث لانى عربى والقران عربى وكلام
اهل الجنة عربى (رواه البيهقى)
الادب خير من الذهب

ইস্‌রারুল ফরদাবাদী
ফী-শরহি
দীওয়ানুল মুতানাব্বী

আরবি-বাংলা

মূল গ্রন্থকার

আহমাদ ইবনে হুসাইন ইবনে হাসান ইবনে আ: সামাদ আবুত্তাইয়িব মুতানাব্বী
(মাক্‌তূল) - ৩৫৪ হি.

অনুবাদক

মাওলানা আমীরুল ইসলাম ফরদাবাদী
প্রবীণ মুহাদ্দিস জামেয়া ইসলামিয়া ৫৫, ইসলামবাগ
পোস্তা, লালবাগ, ঢাকা- ১২১১
সাবেক ভাইস প্রিন্সিপাল, জামেয়া হুসাইনিয়া আশরাফুল উলূম
(বড় কাটরা মাদ্‌রাসা) ঢাকা- ১১০০

প্রকাশনায়

ইসলামিয়া কুতুবখানা
৩০/৩২, নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০

প্রকাশক

মাওলানা মোহাম্মদ মোস্তফা
ইসলামিয়া কুতুবখানা
৩০/৩২, নর্থব্রুক হল রোড
বাংলাবাজার, ঢাকা-১১০০

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

প্রকাশকাল : ডিসেম্বর- ২০০৪

বর্ণবিন্যাস

আল-মাহমুদ কম্পিউটার হোম
৩০/৩২, নর্থব্রুক হল রোড
বাংলাবাজার, ঢাকা-১১০০

হাদিয়া : ২৫০.০০ টাকা মাত্র

মুদ্রণে

ইসলামিয়া অফসেট প্রেস
প্যারিদাস রোড, ঢাকা-১১০০

অভিমত ও দোয়া

'ইসরারুল ফরদাবাদী ফী-শরহি দীওয়ানুল মুতানাব্বী' গ্রন্থটি সম্পর্কে আমার পরম শ্রদ্ধেয় উস্তাদ ও শায়খ, চট্টগ্রাম দক্ষিণ পটিয়া থানার অন্তর্গত 'আলামদার পাড়া' নিবাসী, ঢাকার ঐতিহ্যবাহী জামেয়া হুসায়নিয়া আশরাফুল উলূম (বড় কাটরা মাদ্‌রাসা)-এর সাবেক মুহাদ্দিস এবং পাক-ভারত তথা উপমহাদেশের ওলীকুলের সম্রাট হযরত **আল্লামা হুসাইন আহমাদ** (শায়খ মাদানী র.) এর সুযোগ্য খলীফা পীরে কামেল হযরত **আল্লামা নো'মান সাহেব** (দামাত বারাকাতুহুম)-এর অভিমত ও দোয়া।

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহীম

নাহ্‌মাদুহু ওয়া নুসাল্লি 'আলা রাসূলিহিল কারীম।

আমার স্নেহের ছাত্র ও শাগরেদ 'হাফেজ মাওলানা আমীরুল ইসলাম ফরদাবাদী' তিনি ঢাকার ঐতিহ্যবাহী জামেয়া হুসায়নিয়া আশরাফুল উলূম (বড় কাটরা মাদ্‌রাসা)-এর সুযোগ্য উস্তাদ ও ভাইস প্রিন্সিপ্যাল পদে দীর্ঘদিন অধিষ্ঠিত ছিলেন, আমি তাঁকে ১৯৮৮ খ্রিস্টাব্দ সালে এজাযতও দিয়েছি।

এর-ই মাঝে তিনি ইসলাম এর প্রচার-প্রসারের উদ্দেশ্যে বেশ অনেকগুলো পুস্তক-ই সহজ সরল বাংলায় লিখেছেন এবং আল্লাহ তা'আলার অশেষ রহমতে তাঁর লেখা প্রতিটি পুস্তক-ই বর্তমান সময়ে মুসলিম সমাজের চাহিদানুযায়ী হয়েছে ও মুসলিম সমাজ সে গ্রন্থগুলোর দ্বারা উপকৃত হচ্ছে।

আরবি সাহিত্য জগতের সুপ্রসিদ্ধ ও বিখ্যাত গ্রন্থ **'ইসরারুল ফরদাবাদী ফী-শরহি দীওয়ানুল মুতানাব্বী'** আদৌ এর কোনো অনুবাদ বাংলা ভাষায় ছিল না, রাব্বুল আ'লামীনের অশেষ মেহেরবানীতে আমার প্রিয় শাগরেদ মাওলানা আমীরুল ইসলাম ফরদাবাদী এ গ্রন্থটির যে অনুবাদ ও ব্যাখ্যা সহজ সরল বাংলায় লিখেছেন– আমি এর বিভিন্ন স্থান থেকে বেশ কিছু অংশ নিজে পড়ে অতি আনন্দিত হয়েছি। কেননা, এ শরাহ্‌তে কবিতাগুলোর শব্দার্থ, ভাবার্থ, তাহ্‌কীক এবং তারকীব সবই আছে। তাই আমি উপলব্ধি করেছি যে, আসাতিজায়ে কেরাম ও প্রিয় ছাত্রদের জন্য **'ইসরারুল ফরদাবাদী ফী-শরহি দীওয়ানুল মুতানাব্বী'** শরাহ্‌টি ইফাদা ও ইস্তিফাদার ক্ষেত্রে ইন্‌শাআল্লাহ্‌ অত্যন্ত ফলপ্রসূ হবে।

অতএব, আমি উৎফুল্ল ও উল্লসিত মনে পরম করুণাময়ের দরবারে শুক্‌রিয়া আদায় করছি এবং একাগ্রচিত্তে এর অনুবাদকের জন্য দোয়া করছি– আল্লাহ যেন তাঁর এ মেহ্‌নতকে কবুল করত জাযায়ে খায়ের দান করেন, আর এর পাঠকবৃন্দকে উপকৃত হওয়ার তৌফিক প্রদান করেন– আমীন।

দোয়া প্রার্থী

মোহাম্মদ নো'মান

গ্রাম : আলামদার পাড়া

ডাকঘর : ছনহরা, থানা : পটিয়া

জেলা : চট্টগ্রাম।

১৪/১০/০৩ খ্রি.

অনুবাদকের দু'টি কথা

সকল প্রশংসা তাঁর-ই জন্য যিনি রাব্বুল 'আলামীন। অসংখ্য দরূদ ও সালাম তাঁর-ই জন্য যিনি রাহ্‌মাতুল্লিল 'আলামীন। আর অগনিত রহমত ও শান্তি বর্ষিত হোক তাঁর-ই ঐ সকল পরিবারবর্গ ও সাথীবৃন্দের উপর যাঁরা ঈমান ও আমলে সাবেকীন।

ইতোপূর্বে এ 'দীওয়ানুল মুতানাব্বী' গ্রন্থটি এমন অসংখ্য ক্ষণজন্মা পণ্ডিতগণ পড়েছেন ও পড়ায়েছেন– যাঁদের জন্য এর বঙ্গানুবাদ করা কোনো চিন্তা-ভাবনার ব্যাপার ছিল না, আর আল্লাহর ফজলে এখনো আরবি ভাষার অগণিত পণ্ডিত এমন আছেন– যাঁদের জন্য এর বঙ্গানুবাদ করা কোনো ব্যাপারই নয়। কিন্তু তাঁদের থেকে কেউ আদৌ এর বঙ্গানুবাদের জরুরত অনুভব করেননি– এর কারণ এটাই যে, হয়তো তাঁরা মনে করেছেন যে, এ গ্রন্থটি অতি সহজ, তাই এর বঙ্গানুবাদের প্রয়োজন নেই। না হয় তো মনে করেছেন যে, এর বঙ্গানুবাদ করলে ছাত্ররা এর অনুবাদের উপর ভরসা করে বসে থাকবে– নিজেরা এর হল করতে চেষ্টা করবে না। আর না হয় তো সময়ের অভাবে তাঁরা কেউ এর বঙ্গানুবাদ করেননি।

উল্লিখিত প্রতিটি কারণই নিজ নিজ স্থানে বাস্তব ও সঠিক, এতে কোনো সন্দেহ নেই। তারপরও বর্তমান সময়ে ছাত্রদের দুর্বলতা, আরবি ভাষার প্রতি অমনোযোগিয়তা ও অবহেলা ইত্যাদির প্রতি লক্ষ্য করলে এর বঙ্গানুবাদ করা যথাযথই মনে হয়।

বিলআখের কারণ যাই হোক পরম দয়ালু মহান আল্লাহ্ তা'আলার দরবারে– কোটি কোটি শোক্‌র আদায় করছি এ জন্য যে, আমার মতো অজ্ঞ ও অধমকে আরবি সাহিত্যের সুপ্রসিদ্ধ ও এত উচ্চস্তরের গ্রন্থ 'দীওয়ানুল মুতানাব্বী'র বঙ্গানুবাদের হিম্মত ও সাহস দিয়েছেন, এটা সত্যিই এ নরাধমের জন্য আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে একটি কল্পনাতীত নিয়ামত। এরই সাথে আরো একটি নিয়ামত হচ্ছে– এ গ্রন্থখানা উপমহাদেশের প্রখ্যাত ক্ষণজন্মা স্বনামধন্য শায়খুল হাদীস ও বুখারী শরীফের সর্ব প্রথম বঙ্গানুবাদকারী উস্তাযুল আসাতিযা হযরাতুল **আল্লাম আজীজুল হক সাহেব** দামাত বারাকাতুহুম এর কাছে– ঢাকার ঐতিহ্যবাহী জামেয়া কোরআনিয়া আরাবিয়া (লালবাগ মাদ্‌রাসায়) পড়ার সৌভাগ্য হয়েছে।

তাঁর সুদৃষ্টি ও দোয়া ঐ হিম্মতকে বাস্তবায়িত করার ক্ষেত্রে আল্লাহর ফজলে অনেক সহায় হয়েছে, আর এ ক্ষেত্রে আরো উদ্দীপ্ত করেছে উক্ত গ্রন্থের বিষয় বস্তুর মাহাত্ম্য, বৈশিষ্ট্য, নতুনত্বসমূহ, শিল্প-সাহিত্য ও বিভিন্ন ব্যতিক্রমী উপমাসমূহের দিকগুলো।

(হ্যাঁ- এ কথা বাস্তব যে, মূলগ্রন্থকার পথভ্রষ্ট ছিল বিধায় সে মুসলিম সমাজে ঘৃণিত ছিল, কিন্তু তা সত্ত্বেও তার এ গ্রন্থখানা আরবি সাহিত্য জগতে একটি উচ্চাঙ্গের গ্রন্থ, তাই মুসলিম সমাজ মহামনীষীদের বাক্য 'কি বলেছে– তা দেখো এবং কে বলেছে– তা দেখিও না' এ উপদেশের উপর আমল করে এ গ্রন্থটিকে গ্রহণ করে নিয়েছেন।)

পরম করুণাময় আল্লাহর উপর ভরসা করে 'দীওয়ানুল মুতানাব্বী' গ্রন্থের প্রথম থেকে ধারাবাহিকভাবে ১৯৬টি শে'রের শব্দার্থ, ভাবার্থ, তাহ্‌কীক ও তারকীব **'ইসরারুল ফরদাবাদী ফী-শরহি দীওয়ানুল মুতানাব্বী'** নামক এ শরাহতে লিপিবদ্ধ করেছি।

হে দয়াময় রাব্বুল আলামীন! আমার পরম শ্রদ্ধেয় উস্তাদকে হায়াতে তাইয়্যিবা এবং দু'জাহানের কামিয়াবী ও শান্তি দান করুন-আমীন।

আল্লাহ প্রদত্ত হিম্মত ও আমার ক্ষুদ্র চেষ্টাকে আরো অগ্রগামী করেছে জামেয়া ইসলামিয়া ইসলামবাগের শ্রদ্ধেয় আসাতিযায়ে কেরামের দোয়া এবং অত্র জামেয়ার আরবি ভাষা অন্বেষণকারী প্রিয় ছাত্রদের অনেক বারের আবদার। আল্লাহ তা'আলা তাঁদের সকলকে জাযায়ে খায়ের দান করুন– আমীন।

আর এটাও বাস্তব যে, বহুদিন যাবৎ আমার অন্তরে লুকিয়ে রেখেছিলাম একটি স্বপ্ন, তা হচ্ছে কওমী মাদ্‌রাসার নেসাবভুক্ত কয়েকটি কিতাবের বঙ্গানুবাদ করব, তন্মধ্য থেকে **'ইসরারুল ফরদাবাদী ফী-শরহি দীওয়ানুল মুতানাব্বী'** দ্বারা বিফাদলিহী তা'আলা একটি বাস্তবায়িত হলো।

আসলে এ সবকিছুর সম্মিলন না হলে বর্তমান অবস্থায় উপনীত হওয়া– আমার পক্ষে আদৌ সম্ভব ছিল না।

আর এ শরাহ্‌তে যদি কোনো সফলতা থাকে– তা তাঁদেরই অবদান, আমি তাঁদের কাছে চিরঋণী।

তবে **'ইসরারুল ফরদাবাদী ফী-শরহি দীওয়ানুল মুতানাব্বী'** এখন আপনাদের হাতে, তাই অনুরোধ করছি– ভুল-ত্রুটি থেকে যাওয়া খুব স্বাভাবিক। আপনাদের ক্ষমা ও সুদৃষ্টি পেলে আমি কৃতার্থ হব। ভবিষ্যতে আপনাদের যে কোনো সুপরামর্শ সাদরে গ্রহণ করব– ইন্‌শা-আল্লাহ্। আর আপনাদের দোয়া আমার জীবন পথের পাথেয় হিসেবে থাকবে, তাই দোয়া চাই– আমার নিজের জন্য, দো'আ চাই– আমি যে দীনি প্রতিষ্ঠানে খিদমত রত আছি– সে প্রতিষ্ঠানের সার্বিক উন্নতির জন্য। আমি এখন বার্দ্ধক্যে উপনীত– জানি না মাওলার দরবারে উপস্থিতির ডাক কখন চলে আসবে! করুণাময়ের দরবারে দিলের তামান্না– যাওয়ার আগে যেন এ ধর্মীয় প্রতিষ্ঠান **জামেয়া ইস্‌লামিয়া ইসলামবাগ** (পোস্তা, লালবাগ, ঢাকা) কে সত্যিকার অর্থেই ইসলামের একটি সুসজ্জিত বাগান হিসেবে দেখে যেতে পাই আমীন।

পরিশেষে দয়াময়ের দরবারে বুক ভরা আশা নিয়ে এ মুনাজাতই করছি– হে দয়াময়! তোমার দীনের প্রচার-প্রসারের উদ্দেশ্যে নিবেদিত এ খেদমতটুকু কবুল করে পরকালে আমার নাজাতের অসিলা বানিয়ে দাও এবং এর পাঠকবৃন্দকে উপকৃত হওয়ার তৌফিক দাও, আমীন, ছুম্মা আমীন।

অনুবাদক
আমীরুল ইসলাম ফরদাবাদী
০১/০২/০৪ খ্রি. মোতাবেক ০৯/১২/১৪২৪ হি.

তাক্বদিমাহ্

আমার পরম শ্রদ্ধেয় সকল আসাতিযায়ে
কেরামের উচ্চমর্যাদা এবং তাঁদের ইহকাল
ও পরকালের শান্তি কামনায়—

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আরবি ভাষার উৎপত্তি : বিভিন্ন গোত্র থেকে আরবি ভাষার আবির্ভাব হয়েছে বা আরবি ভাষাকে নেওয়া হয়েছে। যেমন– কাইস গোত্র, তামীম গোত্র ও আসাদ গোত্র। সুয়ূতী (র.) বলেছেন যে, আরবি ভাষার অধিকাংশ (শব্দ-বাক্য) উক্ত তিন গোত্র থেকে নেওয়া হয়েছে, আর উক্ত তিন গোত্রের সাথেই আরবী শব্দসমূহের অর্থ ও উচ্চারণ ইত্যাদির সম্পর্ক ও নির্ভরতা। তারপর হুযাইল গোত্র ও কেনানাহ্ গোত্র থেকেও লওয়া হয়েছে, আর ত্বাই গোত্রের কিছু লোক থেকে ও লওয়া হয়েছে।

সারকথা হচ্ছে যে, আরবী ভাষা ঐ গোত্রগুলো থেকে লওয়া হয়নি– যে গোত্রগুলো আ'জমের (আরবী ব্যতিত অন্য ভাষায় ভাষীদের) পড়শী ছিল কিংবা আ'জমীদের সাথে উঠা-বসা ও সম্পর্ক ছিল। কেননা, আ'জমীদের স্পর্শে ও সংস্রবে ঐ গোত্রগুলোর ভাষা মিশ্রিত হয়ে গিয়েছিল। সুতরাং জুযাম ও গাস্সান গোত্রদ্বয় শাম বাসীদের সংস্রবে ছিল, তগলীব গোত্র ইয়ামেন বাসীদের সংস্রবে ছিল এবং বকর গোত্র পারস্যবাসীদের সংস্রবে ছিল– এ কারণে উক্ত গোত্রগুলো থেকে আরবী ভাষা লওয়া হয়নি।

অভিধানিক অর্থে 'আদব' শব্দের তাহ্কীক : اَلْاَدَبُ বাবে ك থেকে মাসদার اَدَبًا ভদ্র হওয়া, সুপণ্ডিত হওয়া, হুঁশিয়ার ও বুদ্ধিমান হওয়া, সিফত اَدِيْبٌ, সাহিত্যিক, লেখক, গ্রন্থকার, বিজ্ঞজন, পণ্ডিত, ভদ্র, সভ্য, বহুবচন اُدَبَاءُ, বাবে ض থেকে মাসদার اَدْبًا এবং বাবে اِفْعَالٌ থেকে মাসদার اِيْدَابًا দাওয়াতের খানা তৈরি করা, ডাকা, আপ্যায়ন করা, নিমন্ত্রণ করা, ভোজ দেওয়া, اَدَبَهُمْ عَلَى الْاَمْرِ সে তাদের সকলকে কোনো কাজের জন্য সমবেত করেছে। বাবে تَفْعِيْلٌ থেকে সুন্দরভাবে গঠন করা, পরিপাটিভাবে তৈরি করা, আদব শিক্ষা দেওয়া, অন্যায়ের কারণে শাস্তি দেওয়া। বাবে تَفَعُّلٌ থেকে সুগঠিত হওয়া, আদব শিক্ষা পাওয়া, শিক্ষাপ্রাপ্ত হওয়া, ভদ্র হওয়া, শিষ্ট হওয়া, عَنْ - بِصِلَةٍ অন্যের আদর্শে আদর্শবান হওয়া, অন্যের অনুকরণ করা। বাবে اِسْتِفْعَالٌ থেকে আদব শিক্ষা করা।

اَلْاَدَبُ-এর আরও অর্থসমূহ রয়েছে যেমন– সাহিত্য, ভদ্রতা, সভ্যতা, শিক্ষা, শিষ্টাচার, চারিত্রিক ঐ যোগ্যতা ও গুণ যা মানুষকে অন্যায় কার্যাবলি থেকে বিরত রাখে, তীক্ষ্ণবুদ্ধির অধিকারী, হাসি-খুশি মেজাজের অধিকারী, বহুবচন اٰدَابٌ। সর্বপ্রকার عُلُوْم ও مَعَارِفْ-এর ক্ষেত্রেও اٰدَابٌ শব্দটি ব্যবহৃত হয় অথবা এগুলোর ন্যায় সঙ্গত কোনো অংশের উপরও ব্যবহৃত হয়, কোনো বস্তু বা কোনো ব্যক্তির নির্দিষ্ট নিয়ম-পদ্ধতির ক্ষেত্রেও اٰدَابٌ শব্দটি ব্যবহৃত হয়, যেমন– اٰدَابُ مَجْلِسٍ ، اٰدَابُ دَرْسٍ ইত্যাদি ক্ষেত্রে বলা হয়।

اَلْمَأْدُبَةُ - اَلْمَأْدَبَةُ - اَلْاَدْبَةُ ঐ খানা-খাদ্যকে বলা হয় যা দাওয়াতকে কেন্দ্র করে তৈরি করা হয়, এগুলোর বহুবচন - مَآدِبُ।

পরিচালিত ভাষায় 'আদব' শব্দের তা'রীফ :

هُوَ عِلْمٌ يُحْتَرَزُ بِهِ عَنْ جَمِيْعِ أَنْوَاعِ الْخَطَإِ فِيْ كَلَامِ الْعَرَبِ لَفْظًا أَوْ كِتَابَةً لِأَنَّ الْإِفَادَةَ وَالْإِسْتِفَادَةَ لَاتَكُوْنَانِ إِلَّا بِهِمَا -

অর্থ ঃ 'আদব' ঐ ইল্‌মকে বলা হয়- যা দ্বারা কালামে আরবের মধ্যে সর্ব প্রকার ভুল-ত্রুটি থেকে আরবি বলার ক্ষেত্রে ও লেখার ক্ষেত্রে বাঁচা যায়। কেননা, অপরকে উপকার পৌঁছানো ও অপর থেকে উপকার লাভ করা আরবি বলা ও লেখা ব্যতীত সম্ভব নয়।

আরো বলা হয়েছে- اَلْاَدَبُ حِفْظُ اَشْعَارِ الْعَرَبِ وَاَخْبَارِهَا

অর্থ: 'ইল্‌মে আদব' ঐ ইল্‌ম যা দ্বারা আরবি কবিতাসমূহ ও গদ্যসমূহকে ভুল-ত্রুটি থেকে বাঁচানো যায়।

কেউ এ তা'রীফ করেছেন-

هِيَ رِيَاضَةٌ مَحْمُوْدَةٌ يَتَخَرَّجُ الرَّجُلُ بِهَا إِلٰى فَضِيْلَةٍ مِنَ الْفَضَائِلِ الْعِلْمِيَّةِ وَالْعَمَلِيَّةِ ثُمَّ خُصَّ بِالْعَمَلِيَّةِ -

অর্থ: 'এল্‌মে আদব' একটি প্রশংসনীয় সাধনা যা দ্বারা মানুষ ইল্‌মী ও আমলী উচ্চস্তরে পৌঁছতে পারে, পরবর্তীতে 'ইল্‌মে আদব' দ্বারা শুধু আমলী উচ্চমর্যাদাকেই বুঝানো হয়েছে।

এ তা'রীফ শুধু 'ইল্‌মে আদব'-কে-ই শামিল করে না, বরং সমস্ত عُلُوْم -কেও শামিল করে নেয়, কিন্তু যেহেতু মুতাক্বাদ্দিমীনদের দৃষ্টিতে তা'রীফ জামে' ও মানে' হওয়া শর্ত নয়, তাই এ তা'রীফের উপর কোনো প্রকার আপত্তি করা ঠিক হবে না। কেননা, 'তা'রীফ' জামে' ও মানি' হওয়া শর্ত হচ্ছে- মুতাআখিখ্‌রীনদের দৃষ্টিতে।

আদব দু'প্রকার- ১. আদবে নফ্‌সী, ২. আদবে কস্‌বী।

প্রথম প্রকার হচ্ছে- ঐ সমস্ত সুন্দর কার্যাবলি যেগুলো আল্লাহ প্রদত্ত তৌফিক দ্বারা করা হয়।

দ্বিতীয় প্রকার হচ্ছে- ঐ সমস্ত সুন্দর কথপোকথন ও কার্যাবলি যেগুলো মানুষ প্রচেষ্টার মাধ্যমে সাধনা ও উপার্জন করে।

ইবনে আম্বারীর মতে দ্বিতীয় প্রকারটি হচ্ছে- ৮ প্রকার ইল্‌মের সমষ্টি, যথা- ১. ইল্‌মে লুগাত, ২. ইল্‌মে সরফ, ৩. ইল্‌মুল ইশ্‌তিক্বাক্ব, ৪. ইল্‌মে নাহু, ৫. ইল্‌মুল মা'আনী, ৬. ইল্‌মুল বয়ান, ৭. ইল্‌মুল 'আরয, ৮. ইল্‌মুল ক্বাওয়াফী। উল্লেখিত ৮টি হচ্ছে- মূল এবং (সামনের) ৪টি হচ্ছে- শাখা, যথা- ১. ইল্‌মে রুস্‌মে খত্ব, ২. ইল্‌মে ক্বরজে শে'র, ৩. ইল্‌মে ইন্‌শা অর্থাৎ যা গদ্যের সাথে খাস, ৪. ইল্‌মে মুহাযারাত অর্থাৎ যা পদ্য ও গদ্যের সাথে খাস নয়।

উপরোক্ত বর্ণনায় সন্দেহ এটাই যে, যখন 'ইল্‌মে আদব' পৃথক পৃথক ১২ প্রকার ইল্‌মসমূহের নাম, তবে এগুলোর মধ্যে কোনো কোনোটি মূল এবং কোনো কোনোটি শাখা কিভাবে হবে?

এ প্রশ্নের উত্তর এ উপমা দ্বারা দেওয়া যায় যে, নামাজের মধ্যে রুক্‌ন অনেক এবং এগুলোর মধ্যে কেরাআতকে অতিরিক্ত রুক্‌ন বলা হয়, অথচ 'কেরাত' নামাজের একটি রুক্‌ন, অতিরিক্ত কিভাবে হলো?

ইল্‌মে আদব শিখার মুখ্য উদ্দেশ্য : ইল্‌মে আদব শিখার উদ্দেশ্য হচ্ছে- কালামুল্লাহ (কুরআনুল কারীম)-এর ফাসাহাত ও বালাগাত এবং চ্যালেঞ্জসমূহকে বুঝা, আর আল্লাহ'র কালাম ও মানুষের কালামের মধ্যে পার্থক্যের মা'রিফাত হাছেল করা, আর এ মা'রিফাত ও দক্ষতা তখনই অর্জিত হবে, যখন আরববাসীদের পরিভাষা এবং তাদের বাক্য ও শব্দের ব্যবহারের স্থানগুলো সম্পর্কে অবগত হতে পারবে, তা না হলে সম্ভব নয়। উপরোক্ত বক্তব্যে ইল্‌মে আদবের জরুরতও প্রমানিত হয়ে যায়।

ইল্‌মে আদবের সংস্রবের অসিলায়ই আল্লাহ তা'আলা মানুষকে যওক্বে সালীম দান করেন, যে যওক্বে সালীমের দ্বারা মানুষ কালামে ফাসীহ ও গাইরে ফাসীহ্ এবং কালামে সহীহ্ ও গাইরে সহী'র মধ্যে পার্থক্য করতে পারে এবং কালামুল্লাহ'র ইশারা ইঙ্গিত ও মূল তথ্য এবং রহস্যকে বুঝতে পারে। যেমন– কোনো এক আরবির সামনে এক ক্বারী সাহেব যখন পড়েছেন–

وَالسَّارِقُ وَالسَّارِقَةُ فَاقْطَعُوْا اَيْدِيَهُمَا جَزَآءً بِمَا كَسَبَا نَكَالًا مِّنَ اللّٰهِ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ -

আরবি ব্যক্তি বললেন, এটা অশুদ্ধ। ক্বারী সাহেব দ্বিতীয়বার পড়লেন– وَاللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ আরবি লোকটি বললেন, এটা শুদ্ধ।

এমনিভাবে অনেক অজ্ঞলোক নিম্নের দু'টি আয়াতের অর্থ একই রকম করে থাকে এবং তাফন্নুনে ইবারাত হিসেবে আখ্যা দিয়ে থাকে। এক আয়াতে "খাশ্‌য়াত" শব্দটিকে মুক্বাদ্দার মেনে নেয়। দু'টি আয়াতের প্রথমটি হচ্ছে–

لَا تَقْتُلُوْٓا اَوْلَادَكُمْ خَشْيَةَ اِمْلَاقٍ نَحْنُ نَرْزُقُكُمْ وَاِيَّاهُمْ -

দ্বিতীয় আয়াতটি হচ্ছে– لَا تَقْتُلُوْٓا اَوْلَادَكُمْ مِّنْ اِمْلَاقٍ نَحْنُ نَرْزُقُهُمْ وَاِيَّاكُمْ

অথচ যারা ইল্‌মে আদব সম্পর্কে বিজ্ঞ ও দক্ষ, তাদের কাছে গোপন নয় যে, দু'টি আয়াতের অর্থে ব্যবধান রয়েছে। এ ব্যবধানের পূর্বে জানতে হবে যে, خَشْيَة ، خَوْف ও حُزْن-এর অর্থে ব্যবধান রয়েছে। خَشْيَة ও خَوْف হয় ভবিষ্যতের বেলায়, حُزْن হয় অতীতে যা ছুটে গেছে– ওগুলোর বেলায় خَشْيَة এর অর্থে বড়ত্বের লক্ষ্য করা হয়, আর خَوْف-এর অর্থে তা লক্ষ্য করা হয় না।

এখন স্পষ্ট এটাই যে, প্রথম আয়াতে যাদেরকে সাম্বোধন করা হয়েছে তারা ধনী এবং সন্তানাদি বেঁচে থাকলে– এদের খোরপোশ দেওয়ার কারণে তাদের ধন-সম্পদ শেষ হয়ে যাবে– দরিদ্রতা এসে যাবে, এ আশঙ্কা ও ভয় তাদের রয়েছে। আর দ্বিতীয় আয়াতে যাদেরকে সম্বোধন করা হয়েছে– তারা ফকির। উভয় সম্প্রদায়ের রিজিকদাতা আল্লাহ এ গুরুত্ব বুঝানোর জন্য উভয় শ্রেণীকে لَا تَقْتُلُوْٓا বলে নির্দেশ দেওয়া হয়েছে। উপরোক্ত বর্ণনায় نَحْنُ نَرْزُقُكُمْ وَاِيَّاهُمْ এবং نَحْنُ نَرْزُقُهُمْ وَاِيَّاكُمْ-এর পার্থক্যতার রহস্য হয়তো বুঝে এসে যাবে, তা হচ্ছে– প্রথম আয়াতে সন্তানাদির কারণে অভাবে পতিত হওয়ার ভয় ও আশংকা ছিল, সে উদ্দেশ্যকে প্রথম বর্ণনা করে বলা হয়েছে نَحْنُ نَرْزُقُكُمْ وَاِيَّاهُمْ আমি তোমাদেরকেও রিজক দেব এবং তাদেরকেও (সন্তানাদিদেরকেও)। যেহেতু ধনীরা নিজ সন্তানদের কারণে দরিদ্রতার আশঙ্কা করতে ছিল, তাই প্রথমে نَرْزُقُكُمْ বলে ধনীদের রিজিকের কথা বলা হয়েছে, তারপর وَاِيَّاهُمْ বলে সন্তানদের রিজিকের কথা বর্ণনা করা হয়েছে। আর দ্বিতীয় আয়াতে যাদেরকে সম্বোধন করা হয়েছে–তারা নিজেরাই বর্তমানে অভাবগ্রস্ত, এ জন্য তারা সন্তানদেরকে কোথা থেকে খাওয়াবে? আশঙ্কা করতে ছিল, তাই প্রথমে نَرْزُقُهُمْ বলে সন্তানদের রিজিকের কথা বলা হয়েছে– তারপর وَاِيَّاكُمْ বলে অভাবগ্রস্তদের রিজিকের কথা বর্ণনা করা হয়েছে।

সুতরাং ইল্‌মে আদব না জানলে কুরআন ও হাদীসের মর্ম বুঝা সম্ভব না, তাই ইল্‌মে আদব শিখার উদ্দেশ্য কুরআন ও হাদীস বুঝা।

মুতানাব্বী সম্পর্কে আলোচনা : আবুত্তাইয়িব তার উপনাম, মুতানাব্বী তার উপাধি, আর তার নাম আহমাদ ইবনে আল-হুসাইন ইবনে হাসান ইবনে আব্দুস সামাদ আল-জুফী আল-কিন্দী আল-কূফী। তার গোত্র জুফার দিকে নিসবত করে তাকে আল-জুফী বলা হয় এবং যেহেতু তার জন্ম কূফার অন্তরগত কিন্দাহ নামক এক গ্রামে ৩০৩ হিঃ সনে হয়েছে, এ জন্য তাকে আল-কিন্দী বলা হয়, কিন্তু সে তার উপাধি "মুতানাব্বী" দ্বারাই অধিক প্রসিদ্ধি লাভ করেছে।

তার শৈশবকাল কিন্দাহতেই অতিবাহিত হয়েছে। তার পিতা একজন সাধারণ পানি বহনকারী ছিল, মহল্লার ঘরে ঘরে পানি দিত– এ জন্য সে ঈদানে "সুক্কা" নামে প্রসিদ্ধ ছিল। মুতানাব্বী'র কাছে যখনই কেউ তার বংশ সম্পর্কে জিজ্ঞেস করতো– তখন সে অস্পষ্ট উত্তর দিত, আর যদি এ ব্যাপারে প্রশ্নাদি দ্বারা সে কুণ্ঠাসা হয়ে পড়তো– তখন বলে দিতো যে, আমি বেঁচে থাকলে খুব অল্প সময়ের মধ্যে আমার বংশ পরিচয় জানতে পারবে।

শৈশব থেকেই সে অত্যন্ত বুদ্ধিমান ও মেধাবী ছিল, অল্প বয়সেই সে সিরিয়ায় চলে যায় এবং জীবনের প্রথম অংশটি ওখানের ইল্‌ম ও আদবের পরিবেশে অতিবাহিত করে।

সাবালেগের বয়সে পৌছার পর ইল্‌মে আদবের বড় বড় প্রসিদ্ধ পণ্ডিতগণের সান্নিধ্য লাভ করে তাঁদের থেকে "ইল্‌মে আদব" শিখেছে। ঐ যুগের বড় বড় আদীবগণের মধ্যে যুজাজ, ইব্‌নুস্ সিরাজ, আবুল হাসান, আখ্‌ফাশ, আবূ বকর মুহাম্মদ ইবনে দরীদ এবং ফন্নে আদবের সুপ্রসিদ্ধ ইমাম আবূ আলী ফারেসী ছিলেন। মুতানাব্বীর শুধুমাত্র তাঁদের সাথে সাক্ষাৎই ছিল না, বরং নিজের অসাধারণ যোগ্যতা ও মেধা দ্বারা তাঁদেরকে প্রভাবিতও করেছিল। ফন্নে আদবের প্রসিদ্ধ ইমাম আবূ আলী ফারেসী স্বয়ং বর্ণনা করেছেন যে, আমি একদিন পরীক্ষা স্বরূপ মুতানাব্বীকে জিজ্ঞেস করেছি, আরবিতে فِعْلَى -এর وَزْن -এ কতগুলো বহুবচন ব্যবহৃত হয়?

মুতানাব্বী সাথে সাথে উত্তর দিয়েছে– حَجْلَى ও ظِرْبَى, আর নয়। আবূ আলী ফারেসী বলেন যে, এ আলোচনার পর আমি একাধারে তিনদিন তিনরাত আরবী অভিধানের সমস্ত কিতাবগুলো তন্ন তন্ন করে তালাশ করে ঐ দু'টির বেশি তৃতীয় একটি বের করতে পারলাম না।

যেহেতু ঐ সমস্ত প্রবীণ ও প্রসিদ্ধ আদীবগণের সাথে মুতানাব্বীর সাক্ষাৎ ও সঙ্গ ছিল, তাই মুতানাব্বী আসল আরবদের বিরল ব্যবহৃত শব্দ, বাক্য ও পরিভাষা সম্পর্কে অধিক অবগত ছিল এবং উপমার ক্ষেত্রে তার মেধাশক্তি প্রসিদ্ধ ছিল। সুতরাং একদা ইমামে লুগাত "আসমায়ীর" একটি পাণ্ডুলিপি যা প্রায় ৩০ পাতা ছিল, মুতানাব্বী একবার দেখে তা মুখস্থ শুনায়ে ছিল। যখন মতানাব্বী "ক্বলব" গোত্রের কাছে গিয়ে ছিল, তখন নিজকে "আলবী" বলে দাবী করে ছিল, তার পর নিজকে "নবী" বলে দাবি করেছে।

তাকে "মুতানাব্বী" কেন বলা হয়? এ সম্পর্কে অনেক কথা, তন্মধ্যে নির্ভরশীল কারণ এটাই যে, সে নিজকে "নবী" বলে দাবি করেছিল। এ কারণেই হিম্‌স এলাকার আমীর আবূ লু-লু তাকে জেলে রেখেছিলেন, তওবা করার পর জেল থেকে মুক্তি দিয়ে ছিলেন। যে সময় সে নবুয়তের দাবি করেছিল, সে সময়ে তার উপর ঐশী আয়াতসমূহ অবতরণেরও দাবি করেছিল, ঐ আয়াতসমূহ থেকে একটি আয়াত–

وَالنَّجْمِ السَّيَّارِ وَالْفَلَكِ الدَّوَّارِ وَالنَّهَارِ وَاللَّيْلِ إِنَّ الْكَافِرَ لَفِيْ أَخْطَارٍ –

জেলখানা থেকে মুক্ত হয়ে সিরিয়ার বিভিন্ন অঞ্চলে ভ্রমণ করে আমীর ওমারাদের প্রশংসা করত এবং এ প্রশংসার উদ্দেশ্য ছিল ধন-সম্পদ উপার্জন করা, তাই সে একস্থানে দীর্ঘদিন অবস্থান করত না।

তারপর ৩৩৭ হিজরি সনে মুতানাব্বী ৩৪ বছর বয়সে হল্‌বের আমীর সাইফুলদ্দৌলা আলী ইব্‌নে হামদান আল-'আদবীর কাছে গমন করেছে। সাইফুদ্দৌলা তাকে অনেক সম্মান করেছেন, অন্যান্য উপঢৌকন ছাড়াও তাকে বৎসরে তিন হাজার স্বর্ণ মুদ্রা ভাতা হিসেবে দিতেন। মুতানাব্বী এখানে এসে অত্যন্ত সুখ-শান্তিতে জীবন-যাপন করতে ছিল, হঠাৎ একটি দুর্ঘটনা ঘটে গেল। ঘটনাটি হচ্ছে, একদা সাইফুদ্দৌলার দরবারে ইল্‌মে নাহুর ইমাম ইব্‌নে খালুবিয়্যাহ ও মুতানাব্বী–এ দু'জনের মধ্য কিছু তর্ক-বিতর্ক হচ্ছিল, এমতাবস্থায় মুতানাব্বীর হাতে চাবির গুচ্ছো ছিল– সে গুচ্ছো নাহুর ইমামের দিকে ছুড়ে মারে, যে কারণে ইমামের শরীর জখম হয়ে গেল, এ ঘটনাটি সাইফুদ্দৌলাকে খুবই অসন্তুষ্ট করে ছিল, যার পরিপ্রেক্ষিতে মুতানাব্বীর জন্য আর হলবে

থাকা সম্ভব হলো না, তাই এখানে শান্তিতে অবস্থানের নবম বৎসরের মাথায় ৩৪৬ হিজতে এখান থেকে মুতানাব্বীর চলে যেতে হলো।

তারপর মুতানাব্বী মিশরের বাদ্‌শাহ্‌ কাফূরের দরবারে গেল বাদশাহ্‌ তাকে অনেক সম্মান করেছেন এবং তাকে কোনো একটি এলাকার গভর্নর নিযুক্ত করারও অঙ্গীকার করেছিলেন, কিন্তু মুতানাব্বী অধিক অহঙ্কারী স্বভাবের ছিল, তাই তাকে গভর্নর নিযুক্ত করেননি, বরং কাফূর বলেছেন, যে ব্যক্তি মিথ্যা নবুয়তের দাবি করেছে– সে পৃথক রাজত্বেরও দাবি করতে পারে।

তাই মুতান্নাব্বী ৩৫০ হিজরির শেষভাগে বেশ কিছু আশ'আর দ্বারা কাফূরকে অপমান করে মিশর ত্যাগ করেছে।

তারপর পারস্যের দিকে রওয়ানা হয়ে ওয়াসিতাহ্‌ নামক স্থানে পৌঁছে ইব্‌নে বুওয়াইহ্‌ আদ্‌ দাইলামীর প্রশংসায় কিছু আশ্‌আর বলেছে, যার কারণে তাকে ইবনে বুওয়াইহ্‌ অনেক মূল্যবান পুরস্কার দিয়েছেন। ৭ই রমজান ৩৫৪ হিজরিতে বাগদাদে ফিরে আসার জন্য রওয়ানা হয়ে বাগদাদের নিকটবর্তী "ছায়িয়া" নামক গ্রামে পৌঁছলে পরে ফাতিক ইবনে আবু জাহেল ইবনে খারেশ ইবনে শাদ্দাদ আল-আসাদীর সাথে সাক্ষাৎ হয়, যে ফাতিক-জব্বাহ্‌ ইবনে ইয়াযীদ আল-আতাবীর মামা ছিল। মুতানাব্বী জব্বাহ্‌'র কুৎসা বলার মধ্যে এমন অকথ্য ভাষা ব্যাবহার করেছিল- যা কোনো সভ্য মানুষ শুনতেও পারে না এবং সহ্য ও করতে পারে না, আর জব্বাহর মা সম্পর্কে এত খারাপ কথা বলেছিল যা কোনো মানুষের কান সহ্য করতে পারে না, জব্বাহ্‌'র মা-ফাতিকের আপন বোন ছিল।

এ জন্য ফাতিক যে দিন ঐ কুৎসাযুক্ত আশ'আর শুনেছিল ঐ দিন থেকেই সে মুতানাব্বীকে হত্যা করার সিদ্ধান্ত নিয়েছিল। সে ১৫/ ২০ জন লোক নিয়ে একটি দল বেঁধে মুতানাব্বীকে তালাশ করতে ছিল, ঘটনাক্রমে মুতানাব্বী যখন পারস্য থেকে বাগদাদের দিকে ফিরতে ছিল, তখন বাগদাদের নিকটে " ছায়িয়া" নামক স্থানে মুতানাব্বীকে ধরে ফেলল এবং তার সাথে তার ছেলে মুহাম্মদ ও "গোলাম" মুফ্‌লেহও ছিল, আর পারস্যের মূল্যবান পুরস্কার ও অন্যান্য সামানাদিও ছিল। ফাতিক ও তার দলের লোকেরা এ সুযোগকে কাজে লাগাল। হঠাৎ মুতানাব্বী ও তার ছেলে এবং গোলামের উপর আক্রমণ করে- তিনজনকে হত্যা করে তাদের লাশ ওখানেই ফেলে রাখল। এ ঘটনা ২৮ শে রমজান ৩৫৪ হিজরিতে ঘটে গেল- আর তাদের লাশ গোর কাফন ব্যতীত বালুর ময়দানে পড়ে থাকলো।

ভাষাসমূহ থেকে সর্বপ্রথম ভাষা সম্পর্কে আলোচনা : সমস্ত ভাষাসমূহ থেকে সর্বপ্রথম ভাষা হচ্ছে আরবি, আর অন্যান্য ভাষাসমূহ এরপর আবিষ্কার হয়েছে, যার দলিল হচ্ছে- কুরআন শরীফ যা অবিনশ্বর বাণী, সেটা আরবি ভাষায় অবতীর্ণ করা হয়েছে, এর দ্বারা প্রমাণিত হয় যে, আরবি ভাষাও অবিনশ্বর ভাষা, এ জন্যই কেউ কেউ মন্তব্য করেছেন যে, আম্বিয়ায়ে কেরামের উপর যে ওহী অবতীর্ণ হতো তা আরবি ভাষায়ই হতো, কিন্তু প্রত্যেক পয়গম্বরই নিজ নিজ কওম বা উম্মতের ভাষায় সেটার অর্থ ব্যক্ত করতেন।

সর্বপ্রথম কে আরবিতে কথা বলেছেন : প্রসিদ্ধ বর্ণনা মতে সর্বপ্রথম আরবিতে কথা বলেছেন– হযরত ইসমাঈল (আ.), তাঁর ভাই হযরত ইসহাক (আ.)-এর ভাষা ছিল সুরয়ানী। হযরত ইসমাঈল (আ.)-এর ভূমিষ্ঠের দিন থেকেই তাঁর কাছে আরবি ভাষা ইলহাম করা হয়েছে (প্রেরণ করা হয়েছে), যেমন হযরত ইব্‌নে আব্বাস (রা.) হতে বর্ণিত, তিনি বলেছেন–

اِنَّهٗ قَالَ اَوَّلُ مَنْ تَكَلَّمَ بِالْعَرَبِيَّةِ اِسْمَاعِيْلُ عَلَيْهِ السَّلَامُ فَاِنَّهٗ تَكَلَّمَ بِالْعَرَبِيَّةِ الَّتِىْ اُنْزِلَ الْقُرْاٰنُ بِهَا –

অথাৎ সর্বপ্রথম আরবিতে কথা বলেছেন, হযরত ইসমাঈল (আ.), নিশ্চয়ই তিনি ঐ আরবি ভাষায় কথা বলেছেন- যে আরবি ভাষায় কুরআন শরীফ অবতীর্ণ করা হয়েছে।

আর কেউ মন্তব্য করেছেন যে, যিনি সর্বপ্রথম বিশুদ্ধ আরবি ভাষায় কথা বলেছেন- তিনি ছিলেন "ইয়া'রাব ইবনে ক্বাহ্‌তান", তার নামকে ধরেই আরবকে "আরব" নামে নামকরণ করা হয়েছে।

অন্য কেউ মন্তব্য করেছেন যে, যখন হযরত ইব্‌রাহীম (আ.) নিজ পুত্র ইসমাঈল (আ.) ও তাঁর মা- হাজেরা (আ.)-কে মক্কার মরুভূমিতে আল্লাহ তা'আলার নির্দেশে রেখে আসলেন, তখন ইসমাঈল (আ.) ওখানে বড় হয়ে জুর্হাম গোত্র থেকে আরবি ভাষা শিখেছেন। এ মন্তব্য মোতাবেক ভূমিষ্ঠের দিন থেকেই তাঁর কাছে আরবি ভাষা ইল্‌হাম বা প্রেরিত হয়নি।

আর অন্য কারো মন্তব্য হচ্ছে, এক বেহেশ্‌তী হুর দুনিয়ায় এসে সর্বপ্রথম আরবি ভাষায় কথা বলেছেন ।

সুতরাং রিওয়ায়াতে আছে যে, হযরত আদম (আ.) নিজ মুমূর্ষ অবস্থায় আপন ছেলে শীশ (আ.)-কে বললেন যে, তুমি আল্লাহ্ তা'আলার কাছে দোয়া' কর– যাতে বেহেশ্‌তের ফল মিলে যায়, গন্দমের ব্যাপারটির কারণে তো আমার দোয়া' করতে লজ্জা লাগে, তখন শীশ (আ.)-এর দোয়া'র প্রেক্ষিতে এক বেহেশ্‌তী হুর বেহেশ্‌তী ফল নিয়ে উপস্থিত হলেন এবং আদম (আ.)-এর দোয়া'র অসিলায় ঐ হুরের সাথে শীশ (আ.)-এর বিয়েও হয়ে গেল, এ হুরই সর্বপ্রথম আরবি ভাষায় কথা বলেছেন।

শায়েরদের স্তরসমূহের বর্ণনা : শায়েরদের ৪টি স্তর, প্রথম স্তরটি হচ্ছে জাহেলিয়াত যুগের শায়েরদের। তারা ঐ সমস্ত শায়ের যে, তাদের মুসলমান হওয়া তো দূরের কথা-তারা ইসলামের জামানাই পায়নি। যেমন– ইম্‌রুউল ক্বাইস, যোহাইর ও তুর্ফা।

দ্বিতীয় স্তরটি হচ্ছে, মুখায্‌রামূন তারা ঐ সমস্ত শায়ের, যারা জাহেলিয়াত ও ইসলাম উভয় জামানাই পেয়েছে। যেমন– হযরত হাস্‌সান (রা) এবং লবীদ।

তৃতীয় স্তরটি হচ্ছে, ইসলামের প্রাথমিক সময়ের অর্থাৎ মুতাক্বাদ্দিমীন শায়েরগণ। যেমন– ফারায্‌দাক্ব ও জারীর। উক্ত তিন স্তরের শায়েরদের কালাম বা আশ্‌'আরগুলোকে আরবি ভাষার ক্ষেত্রে দলিল বা প্রমাণ স্বরূপ পেশ করা হয়।

চতুর্থ স্তরটি হচ্ছে, পরবর্তী সময়ের অর্থাৎ মুতাআখ্‌খিরীন শায়েরগণ। যেমন– আবূ তাম্মাম, আবুত্তাইয়িব মুতানাব্বী ও বুখ্‌তারী। তাদের আশ্‌'আরগুলো তো দলিল স্বরূপ পেশ করার যোগ্য নয়, কিন্তু তারা মুতাক্বাদ্দিমীন শায়েরদের থেকে যে সমস্ত আশ্‌'আর বর্ণনা করেছে– ওগুলো দলিল স্বরূপ পেশ করার যোগ্য এবং কদাচিৎ চতুর্থ স্তরের শায়েরদের আশ্‌'আরগুলোকেও দলিল স্বরূপ পেশ করার যোগ্য বলে বিবেচনা করা হয়।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قَافِيَةُ الْهَمْزَةِ

অর্থাৎ (কবিতায়) শ্লোকের অন্ত্যমিল হামযাহ্ বিশিষ্ট হওয়া।

বিশ্লেষণ : قَافِيَه (কবিতায়) শ্লোকের অন্ত্যমিল, ঘাড়ের পশ্চাদ্ভাগ, গলার পেছনের হিস্যা, কবিতার শেষ শব্দ বা শেষ অক্ষর, প্রত্যেক বস্তুর শেষাংশ, বহুবচন قَوَافِيْ ও قَوَافٍ। اَلْكَلَامُ الْمُقَفّٰى ঐ বাক্য যার ছন্দে মিল থাকে। شَاةٌ قَافِيَةٌ ঐ বকরি যাকে গর্দানের দিক থেকে জবাই করা হয়। قَفِيَّةٌ ফজিলত, কিনারা, কর্ণার, খানা যা মেহ্মানের সামনে রাখা হয়। قَفَاوَةٌ মেহেরবানী, দয়া, মেহ্মানের সম্মান, যদ্বারা মেহ্মানের সম্মান করা হয়, বংশগত সম্মান। قَفْوَةٌ অপবাদ, মন্দ কথার নিসবত করা, গুনাহ। قِفْوَةٌ ঐ ধুলাবালি যা বৃষ্টির প্রারম্ভে উড়ে। বাবে ن থেকে - قَفْوًا - م قُفُوًّا পদাঙ্ক অনুসরণ করা, পিছনে চলা, ঘাড়ে আঘাত করা, গর্দানের উপর মারা, স্পষ্ট অপবাদ লাগানো, اَثَرَهٗ অনুকরণ করা। বাবে اِفْتِعَالٌ থেকে অনুসরণ করা, পিছনে লাগা। বাবে تَفَعُّلٌ থেকে খুঁজ লাগানো, তালাশ করা। বাবে تَفْعِيْل থেকে পেছনে পাঠানো, পরে পাঠানো, অন্ত্যমিলযুক্ত করা, আসা, অনুকরণ করানো, পিছনে চালানো। বাবে تَفَاعُلٌ থেকে মিথ্যা অপবাদ লাগানো।

اَلْهَمْزَةُ আরবি বর্ণমালার অন্যতম বর্ণ, কুমন্ত্রণা, বহুবচন هَمَزَاتٌ। هُمَزَةٌ নিন্দুক, গিবতকারী, ছিদ্রান্বেষী। বাবে ن ও ض থেকে هَمْزًا - م গুঁতা মারা, খোঁচা মারা, নিন্দা করা, গিবত করা, হাম্যা (ء) দেওয়া বা লেখা।

وَقَالَ وَقَدْ اَمَرَهٗ سَيْفُ الدَّوْلَةِ بِاِجَازَةِ اَبْيَاتٍ لِابْنِ مُحَمَّدٍ الْكَاتِبِ اَوَّلُهَا ـ

এবং 'মুতানাব্বী বলেছে' আর আমীর সাইফুদ্দৌলাহ্ (শায়ের) আবূ যর সহল ইব্‌নে মুহাম্মদ আল-কাতিব-এর শে'রগুলোর ছন্দে শে'র বলার জন্য তাকে আদেশ করেছেন।

বিশ্লেষণ : قَالَ বাবে ن থেকে مَقَالًا. قِيْلًا ـ قَوْلًا ـ م বলা, কহা, কওয়া, উচ্চারণ করা, কথা বলা। বাবে ض থেকে قَيْلُوْلَةً - م ও مَقِيْلًا মধ্যাহ্ন ভোজের পর হাল্‌কা নিদ্রা যাওয়া, দিনে ঘুমানো। বাবে تَفْعِيْل থেকে কথা বলা শিক্ষা দেওয়া, কথা বলানো, মিথ্যা বলানো, ভুল কথার নিসবত করা। বাবে مُفَاعَلَه থেকে আলোচনা করা, দর কষাকষি করা, চুক্তি করা, ঠিকা লওয়া, তর্ক করা। বাবে تَفَعُّلٌ থেকে বানায়ে বলা, আরোপ করা, গুজব ছড়ানো, মিথ্যা কথা বানানো। বাবে اِفْعَالٌ থেকে বরখাস্ত করা, অপসারণ করা, অব্যাহতি দেওয়া, ক্ষমা করা। قَوْل কথা, বাণী, উক্তি, বচন, বাক্য, বক্তব্য, মন্তব্য, বর্ণনা, মত, বহুবচন اَقْوَالٌ - جج اَقَاوِيْلُ। قَوْلَةٌ কথা, উক্তি, বাণী, মন্তব্য। قَيْلٌ রাজা, নেতা, সর্দার, দলপতি, বহুবচন اَقْيَالٌ।

اَمْرٌ বিষয়, বস্তু, ব্যাপার, কাজ, অবস্থা, ক্ষমতা, কর্তৃত্ব, বহুবচন اُمُوْرٌ। বাবে ن থেকে اَمْرًا ـ م আদেশ করা, নির্দেশ দেওয়া, হুকুম করা, হুকুম দেওয়া। বাবে مُفَاعَلَه ও تَفَاعُلٌ থেকে পরামর্শ করা, ষড়যন্ত্র করা, চক্রান্ত করা। বাবে تَفْعِيْل থেকে কর্তৃত্ব অর্পণ করা, ক্ষমতায় অধিষ্ঠিত করা, আমীর বানানো।

اَمْرٌ আদেশ, নির্দেশ, হুকুম, পরোয়ানা, আদেশসূচক ক্রিয়া, বহুবচন اَوَامِرُ। اَمْرٌ-এর পর مَامُوْر যাকে আদেশ করা হয় এবং مَامُوْر بِهٖ যে কাজের আদেশ করা হয় উল্লেখ থাকা জরুরি, চাই প্রকাশ্যভাবে থাকুক বা অপ্রকাশ্যভাবে থাকুক, بَاء - مَامُوْر بِهٖ-এর উপর আসে এবং কখনো مَامُوْر

أَمَرْتُكَ بِالْخَيْرِ فَافْعَلْ –যেমন ,উল্লেখ থাকে না باء উভয়টিই উল্লেখ করা হয়, আর مَأْمُورٌ بِهٖ ও بِهٖ مَا أَمَرْتَ, এ ক্ষেত্রে باء -এর সাথে ও باء ব্যতীত উভয় প্রকারের ব্যবহার আরবি ভাষায় বিদ্যমান রয়েছে।

وَقَالَ -এর মধ্যে واو আতিফা। مَعْطُوْف عَلَيْه -এর উল্লেখ ব্যতীত واو عَاطِفَه কিভাবে আসল! এর ঘটনাটি হচ্ছে, মুতানাব্বী'র শিষ্যগণ প্রথমে তার শেরেগুলোকে ঐভাবেই তরতীব দিয়েছে যেভাবে সে বলেছে, অর্থাৎ আগেরটি আগে এবং পরেরটি পরে, কিন্তু পরবর্তী সময়ে এ তরতীবকে পাল্টে দিয়ে এমন করেছে যে, ক্বাফিয়া বা ছন্দ হিসেবে যে সমস্ত শেরে-এর শেষাংশে "হাম্‌যাহ্‌" আছে– ওগুলোকে প্রথমে উল্লেখ করা হয়েছে, এমনিভাবে যে সমস্ত শেরে-এর শেষাংশে "বা" আছে– ওগুলোকে তারপর উল্লেখ করা হয়েছে। এমন করার কারণে বর্তমান তরবীবে واو عَاطِفَه এব্‌তেদা'র মধ্যে অর্থাৎ শুরুতে এসে গেছে। এ قَالَ -এর يَالَائِمِيْ كُفَّ حَالٌ নয়, বরং الْمَلَامَ - مَقُوْلَه الخ عَذْلُ الْعَوَاذِلِ। قَالَ - وَقَدْ أَمَرَهٗ سَيْفُ الدَّوْلَةِ -এর যমীর থেকে, بِإِجَازَةٍ -এর 'বা' أَمَرَ ফে'লের সাথে মুতাআল্লিক হয়েছে, أَبْيَاتٌ তরকীবে مَوْصُوْف এবং তার صِفَة - مَحْذُوْف, যে صِفَة মুতা'আ'ল্লাক্ব হচ্ছে لِابْنِ مُحَمَّدٍ -এর, আসলে ইবারতটি এমন হবে–

بِإِجَازَةِ أَبْيَاتٍ مَنْظُوْمَةٍ لِابْنِ مُحَمَّدٍ الْكَاتِبِ -

إِجَازَة অনুমতি, অনুমোদন, সম্মতি, ছুটি, সনদ। বাবে إِفْعَال এর - م - অর্থ হচ্ছে– পাসপোর্ট, পুরস্কার দেওয়া, জায়েজ ও বৈধ রাখা বা করা, অনুমতি দেওয়া, ক্ষমতা দেওয়া, বৈধ করা, অতিক্রম করা। আর একটি অর্থ হচ্ছে– (যে অর্থটি এখানে উদ্দেশ্য) وَزْن ও قَافِيَه ঠিক রেখে অন্যের শে'রের মতো শে'র তৈরি করা। আর এক অর্থ হচ্ছে– تَشْطِيْر অর্থাৎ অন্য কারো শে'রকে দু'টি টুকরো করে নিজ শে'রের সাথে মিশ্রিত করা। আর এক অর্থ হচ্ছে– تَضْمِيْن অর্থাৎ নিজ শে'রের শেষাংশে অন্যের শে'র মিলানো।

এ স্থলে إِجَازَة মুযাফ হয়েছে মফ্‌উলের দিকে এবং তার فَاعِلْ মাহ্‌যূফ, মূল ইবারত হবে– بِإِجَازَتِهٖ أَبْيَات, আর দ্বিতীয়টি لِابْنِ مُحَمَّدِ الْكَاتِبِ, প্রথমটি হচ্ছে– صِفَة এ أَبْيَاتٌ -এর দু'টি হচ্ছে– أَوَّلُهَا, كَاتِبٌ অর্থ– গদ্যের লেখক, আর এক অর্থ– পেশকার, এ স্থলে দ্বিতীয় অর্থই উদ্দেশ্য।

إِجَازَة বাবে ن থেকে م - جَوْزًا - جُؤُوْزًا - جَوَازًا - مَجَازًا বৈধ হওয়া, জায়েজ হওয়া, অতিক্রম করা, চলা, بِالْمَكَانِ ও اَلْمَكَانَ - بِصِلَه চলা, অতিক্রম করা, بِصِلَه اَلْبَيْعَ বেচাকেনা সম্পন্ন হওয়া, সম্পন্ন করা, م - اَلْأَمْرُ جَوَازًا জায়েজ হওয়া, সম্ভব হওয়া। বাবে تَفْعِيْل থেকে বৈধ করা, বৈধ ঘোষণা করা, অনুমোদন করা, اَلْأَمْرَ জায়েজ সাব্যস্ত করা, اَلْحُكْمَ জায়েজ মনে করা। বাবে مُفَاعَلَه থেকে অতিক্রম করা, ছাড়িয়ে যাওয়া, লঙ্ঘন করা, আগে বেড়ে যাওয়া। বাবে تَفَعُّلْ থেকে সহ্য করা, দেখেও না দেখা। বাবে تَفَاعُلْ থেকে অতিক্রম করা, পার হয়ে যাওয়া, ছাড়িয়ে যাওয়া, ক্ষমা করে দেওয়া, সীমালঙ্ঘন করা। বাবে إِفْتِعَالْ থেকে পার হওয়া, কাটিয়ে উঠা, (পরীক্ষায়) পাস করা, চলা, অতিক্রম করা। বাবে إِسْتِفْعَالْ থেকে অনুমতি চাওয়া, জায়েজ ও বৈধ মনে করা।

جَوْزٌ আখ্‌রোট গাছ। جَوْزَةٌ আখ্‌রোট (ফল)। جَوْز هِنْدِي নারিকেল। جَوْزُ الشَّيْءِ বস্তুর মাঝ, আধা, অধিকাংশ হিস্যা। اَلْجَوْزَاءُ - মিথুন রাশি, রাশিচক্রের তৃতীয় রাশি, আকাশের একটি গ্রহের নাম, তৎকালে আরববাসীদের এ বিশ্বাস ছিল যে, এ সময় সৌভাগ্যের নক্ষত্রসমূহ থেকে কোনো নক্ষত্র যদি এ গ্রহের সময় উদিত হয়ে এ গ্রহের সাথে মিলে, আর ঠিক এ সময় কোনো সন্তান জন্মে– তবে অবশ্যই এ সন্তান কথায় পটু ও অনলবর্ষি হবে।

أَبْيَاتٌ - بَيْتٌ-এর বহুবচন (কবিতার) লাইন, চরণ, শ্লোক, بَيْتٌ ঘর, কক্ষ, বাড়ি, বাসস্থান, পরিবার, বহুবচন بُيُوتٌ ও بُيُوتَاتٌ । بَيْتُ الشِّعْرِ ঐ ছন্দ মিলানো বাক্য, যার দু'টি مِصْرَعٌ থাকে, চরণ, শ্লোক, (কবিতার) লাইন। বাবে ض ও س থেকে م - بَيَاتًا - بَيْتُوتَةً - مَبِيتًا - بَيْتًا ও بِصِلَه فُلَانًا وَبِهِ مَبَاتًا হওয়া, থাকা, হয়ে যাওয়া, بِصِلَه الْمَكَانَ রাত্রি যাপন করা, রাত কাটানো, بِصِلَه الرَّجُلَ وَعِنْدَهُ কারো কাছে রাত্রে আসা। বাবে ض থেকে م - بَيْتًا بِصِلَه الرَّجُلُ বিয়ে করা এবং বিয়ে করানো। বাবে تَفْعِيل থেকে রাতে সম্পন্ন করা, রাতে আক্রমণ করা, রাত কাটাতে দেওয়া, بِصِلَه الشَّيْءَ রাত্রে কাজ করা, بِصِلَه الْبَيْتَ ঘর বানানো। বাবে اِفْعَالٌ থেকে রাত্রি যাপন করানো। বাবে اِسْتِفْعَالٌ থেকে রাতের খাওয়ার বন্দবস্ত করা।

بَيْتُ الْمُقَدَّسِ পবিত্র নগরীঃ জেরুজালেম, بَيْتُ الْمَالِ কোষাগার, সরকারী ধনাগার, রাজকোষ, ইসলামী হুকুমতের রাজস্ব ভান্ডার, اَلْبِيْتُ وَالْبِيْتَةُ রাতের খাদ্য, اَلْمُسْتَبِيْتُ ফকির, ভিক্ষুক।

ইবনে মুহাম্মদ আল-কাতিব-এর প্রথম শে'রটি হচ্ছে-

١- يَا لَائِمِيْ كُفَّ الْمَلَامَ عَنِ الَّذِيْ * اَضْنَاهُ طُوْلُ سَقَامِهِ وَشَقَائِهِ

অর্থ : হে আমায় তিরস্কারকারী! তুমি ঐ ব্যক্তিকে তিরস্কার করা বন্ধ কর, যাকে তার দীর্ঘ সময়ের রোগ ও দীর্ঘ সময়ের দুর্ভাগ্য ক্ষীণ করে দিয়েছে।

অর্থাৎ কবি বলেছে, হে উপদেশদাতা! এমন ব্যক্তিকে তিরস্কারমূলক কথা বলা তোমার জন্য ন্যায় সঙ্গত হবে না- যে স্বয়ং আপনজনের বিচ্ছেদ ও প্রেমের চিন্তায় বহু দিন যাবৎ লিপ্ত, দীর্ঘ দিনের রোগ ও দীর্ঘ দিনের দুর্ভাগ্য তার অবস্থাকে দয়ার পাত্র বানিয়ে দিয়েছে।

বিশ্লেষণ : يَا لَائِمِيْ - يَاءٌ হরফে নেদা, بَعِيد ও قَرِيب উভয়টির জন্যই ব্যবহৃত হয়, আর কোনো কোনো সময় তার মুনাদা محذوف ও হয় এবং এ ধরনের স্থানে শুধু يَاءٌ - تَنْبِيه-এর জন্য ব্যবহৃত হয়। لَائِم - بَحْث اِسْمِ فَاعِلٍ - وَاحِدْ مُذَكَّرْ - اِضَافَتْ اِلَى الْمَفْعُوْلِ بِهٖ - لُيَّمٌ বহুবচন لُوَّمٌ - لُوَّامٌ এবং لَا ئِمُوْنَ,বাবে ن থেকে م - لَوْمًا مَلَامًا ও مَلَامَةً - فِيْ ও بِصِلَه عَلٰى তিরস্কার করা, ভর্ৎসনা করা, নিন্দা করা, মন্দ বলা, এ মন্দ বলার ভাষার মধ্যে যদি ধমক ও কঠোরতা থাকে, তবে এটাকে مَلَامَتْ বলা হয়, আর যদি ভাষার মধ্যে নম্রতা থাকে, তবে এটাকে عَذْل বলা হয়। বাবে تَفْعِيل থেকে তিরস্কার করা, ভর্ৎসনা করা, নিন্দা করা, تَشْدِيد মুবালাগার জন্য, حَرْف "لام" لَوَّمَ لَامًا লেখা। বাবে مُفَاعَلَه থেকে مُلَاوَمَةً ও لِوَامًا একে অপরকে তিরস্কার করা। বাবে اِفْعَالٌ থেকে - م مُلَامٌ মালামত করা, দোষারোপ করা, ভর্ৎসনা করা, তিরস্কার করা, مُلِيْمٌ - صِفَتِ فَاعِلِيْ এবং اِلَامَةٌ সিফতে مَفْعُوْلِي, مَلَامَةٌ ইস্‌ম, বহুবচন مَلَاوِمٌ। বাবে تَفَعُّلٌ থেকে بِصِلَه فِى الْاَمْرِ অপেক্ষা করা, বিলম্ব করা। বাবে تَفَاعُلٌ থেকে পরস্পর তিরস্কার করা। বাবে اِفْتِعَالٌ থেকে মালামত গ্রহণ করা। বাবে اِسْتِفْعَالٌ থেকে তিরস্কারের যোগ্য হওয়া। اَللَّامُ ভয়, অস্তিত্ব, নৈকট্য, হরফে لَامٌ-এর বহুবচন لَامَاتٌ।

كُفَّ - بَحْث اَمْرِ حَاضِرْ مَعْرُوْف - وَاحِدْ مُذَكَّرْ حَاضِرْ-এর فَاءٌ এর মধ্যে زبر - زير - پيش তিন হরকতের যে কোনোটি দিয়ে পড়তে পারবে, মুযা'আফ। বাবে ن থেকে م - كَفًّا, كَفَافَةً - بِصِلَه عَنْ বিরত হওয়া, নিবৃত্ত হওয়া, বাধা দেওয়া, বিরত করা, بِصِلَه الشَّيْءَ একত্রিত করা, بِصِلَه ةُ বিরত রাখা, বাধা দেওয়া, كُفَّ بَصَرُهُ অন্ধ হওয়া। বাবে تَفَعُّلٌ থেকে ভিক্ষা চাওয়া, হাত পেতে নেওয়া, بِصِلَه النَّاسَ চাওয়ার জন্য মানুষের কাছে হাত বাড়ানো, بِصِلَه الرَّجُلَ হাতে লওয়া কিংবা ক্ষুধা নিবারণের পরিমাণ চাওয়া, بِصِلَه عَنِ الْاَمْرِ ছেড়ে দেওয়া। বাবে تَفَاعُلٌ থেকে একে অপরকে বাধা

দেওয়া। বাবে إِنْفِعَالْ থেকে বিরত থাকা। বাবে إِسْتِفْعَالْ থেকে بِصِلَه اَلشَّئَ কোনো কিছু হাতে নেওয়া, بِـ اَلنَّاسِ চাওয়ার জন্য মানুষের কাছে হাত বাড়ানো, عَنِ الشَّئِ - بِصِلَه বিরত থাকার জন্য বলা।

كَفٌ হাত, আঙ্গুলসমূহসহ হাতের তালু, নিয়ামত, বহুবচন اَكُفٌ ও كُفُوفٌ। كَافٌ-এর مُؤَنَّثٌ কাফ্ফা كَافَّةٌ জমায়েত, লোকের সমাবেশ, দল। مَكْفُوفٌ অন্ধকে বলা হয়, অন্ধ।

اَلْمَلَامُ এর মধ্যে কুফিঈনদের মতে اَلِفْ ও لَامْ মুযাফ্ ইলাই-এর পরিবর্তে, মূলে ছিল- مَلَامَكَ। বিসরিঈনদের মতে اَلِفْ ও لَامْ عَهْد خَارِجِىْ। عَنِ الَّذِىْ "আন" হরফে জার এবং এর পরবর্তী বাকি সমস্ত অংশ মিলে عَنْ-এর مَجْرُوْر, عَنْ হরফে জার তার مَجْرُوْر-কে নিয়ে مُتَعَلِّقْ হয়েছে كُفَّ-এর সাথে।

ض ن -বাব إِفْعَالْ থেকে মাদ্দা- صِيْغَه وَاحِدْ مُذَكَّرْ غَائِبْ - بَحْثْ فِعْل مَاضِىْ مَعْرُوْف ـ اَضْنَاهُ। إِضْنَاءٌ দুর্বল করা, ক্ষয় করা, নিঃশেষিত করা। বাবে س থেকে م - ضَنًى রোগের কারণে م ى - শীর্ণকায় হওয়া, দুর্বল হওয়া। বাবে تَفَعُّلْ থেকে ভান করে রুগ্‌ণ হওয়া। বাবে إِنْفِعَالْ থেকে দুর্বল হওয়া।

تَرْكِيْب طُوْلْ এ فَاعِلْ হচ্ছে اَضْنَا ফে'লের। বাবে ن থেকে م - طُوْلًا দীর্ঘ হওয়া, দীর্ঘায়িত হওয়া, লম্বা হওয়া, بِصِلَه عَلٰى জয়ী হওয়া, গর্ব করা, দয়া করা। বাবে تَفْعِيْل থেকে লম্বা করা, بِصِلَه لَهٗ সুযোগ দেওয়া। বাবে تَفَعُّلْ থেকে بِصِلَه عَلٰى দয়া ও ইহ্‌সান করা। বাবে إِفْعَالْ থেকে লম্বা করা, দীর্ঘ করা, প্রলম্বিত করা, দীর্ঘায়িত করা। বাবে مُفَاعَلَه থেকে তালবাহানা করা, লম্বার দিক দিয়ে অথবা ফজিলত ও বখশিশের হিসেবে জয়ী হওয়া। বাবে تَفَاعُلْ থেকে দীর্ঘায়িত হওয়া, প্রলম্বিত হওয়া, প্রসারিত হওয়া। বাবে إِسْتِفْعَالْ থেকে লম্বা হওয়া, بِصِلَه عَلَيْه দয়া ও ইহ্‌সান করা। طَوْلْ ফজিলত, বখ্‌শিশ, ক্ষমতা। طُوْلْ দৈর্ঘ্য, বহুবচন اَطْوَالْ।

ك ও س - م -এর سُقْمًا এবং سَقْمًا, سَقَامَةٌ ও سَقَامٌ অর্থ পীড়িত হওয়া, রোগা হওয়া, রুগ্‌ণ হওয়া বা অনেকদিন পর্যন্ত রুগ্নাবস্থায় থাকা, سَقَامْ দ্বারা এখানে উদ্দেশ্য হচ্ছে প্রকাশ্য রোগ, صِيْغَه صِفَتْ - سَقِيْمٌ, বহুবচন سِقَامٌ ও سُقَمَاءُ। বাবে إِفْعَالْ ও تَفْعِيْل থেকে রুগ্‌ণ করা। سُقْمٌ ও سَقَمٌ রোগ, سَقِيْمٌ ও سَقِمٌ রুগী।

ش ق و মাদ্দাহ م - س -এর বাবে شَقًا এবং شِقْوَةٌ, شُقْوَةٌ, شِقَاوَةٌ, شَقَاوَةٌ ও شَقَاءٌ নিঃস্ব হওয়া, কষ্টে পড়া, হতভাগ্য হওয়া, صِيْغَه صِفَتْ - شَقِىٌّ হতভাগ্য, বদ্‌বখ্‌ত, বহুবচন اَشْقِيَاءُ। شَقَاءٌ দ্বারা এখানে উদ্দেশ্য হচ্ছে গোপন রোগ। বাবে ن থেকে م - شَقْوًا এবং বাবে إِفْعَالْ থেকে কষ্ট দেওয়া, কষ্টে ফেলা, অসুখী করা, দুর্ভাগ্যবান করা, হতভাগ্য বানানো। বাবে مُفَاعَلَه থেকে হতভাগা হওয়ার বেলায় পরস্পর প্রতিদ্বন্দ্বিতা করা। مِشْقٰى চিরুনী।

তারকীব : يَا হরফে নেদা, لَائِمِىْ মুযাফ-মুযাফ ইলাই মিলে মুনাদা, নেদা-মুনাদা মিলে নেদা। كُفَّ ফেয়েল, যমীর اَنْتَ - فَاعِلْ, اَلْمَلَامَ মাফ্‌উলে বিহী, عَنْ হরফে জার, اَلَّذِىْ ইসমে মউসূল, اَضْنَا ফে'ল, ه যমীর মাফ্‌উলে বিহী, طُوْلُ মুযাফ, سَقَامِ মুযাফ ইলাই হয়ে ه যমীরের দিকে মুযাফ, আর ه মুযাফ ইলাই, طُوْلُ سَقَامِه মুযাফ-মুযাফ ইলাই সব মিলে مَعْطُوْف عَلَيْه। و হরফে আত্‌ফ, شَقَائِه মুযাফ ও মুযাফ ইলাই মিলে مَعْطُوْف, মা'তূফ-মাতূফ আলাই মিলে اَضْنَا ফে'লের فَاعِلْ, اَضْنَا ফে'ল তার فَاعِلْ ও যমীর مَفْعُوْل بِه -কে নিয়ে جُمْلَه فِعْلِيَه হয়ে اَلَّذِىْ ইসমে মউসূলের সেলা, সেলা-মউসূলা মিলে عَنْ হরফে জারের مَجْرُوْر, عَنْ হরফে জার তার مَجْرُوْر-কে নিয়ে مُتَعَلِّقْ হয়েছে كُفَّ ফে'লের সাথে, كُفَّ ফে'ল তার ফায়েল এবং مَفْعُوْل بِه ও مُتَعَلِّقْ-কে নিয়ে جُمْلَه فِعْلِيَه اِنْشَائِيَه।

٢- عَذْلُ الْعَوَاذِلِ حَوْلَ قَلْبِي التَّائِهِ * وَهَوَى الْأَحِبَّةِ مِنْهُ فِي سَوْدَائِهِ

٣- يَشْكُو الْمَلَامُ إِلَى اللَّوَائِمِ حَرَّهُ * وَيَصُدُّ حِينَ يَلُمْنَ عَنْ بُرَحَائِهِ

٤- وَبِمُهْجَتِي يَا عَاذِلِي الْمَلِكُ الَّذِي * أَسْخَطْتُ أَعْذَلَ مِنْكَ فِي إِرْضَائِهِ

٥- إِنْ كَانَ قَدْ مَلَكَ الْقُلُوبَ فَإِنَّهُ * مَلَكَ الزَّمَانَ بِأَرْضِهِ وَسَمَائِهِ

٦- اَلشَّمْسُ مِنْ حُسَّادِهِ وَالنَّصْرُ مِنْ * قُرَنَائِهِ وَالسَّيْفُ مِنْ أَسْمَائِهِ

٧- أَيْنَ الثَّلَاثَةُ مِنْ ثَلَاثِ خِلَالِهِ * مِنْ حُسْنِهِ وَإِبَائِهِ وَمَضَائِهِ

٨- مَضَتِ الدُّهُورُ وَمَا أَتَيْنَ بِمِثْلِهِ * وَلَقَدْ أَتَى فَعَجَزْنَ عَنْ نُظَرَائِهِ

٢- عَذْلُ الْعَوَاذِلِ حَوْلَ قَلْبِي التَّائِهِ * وَهَوَى الْأَحِبَّةِ مِنْهُ فِي سَوْدَائِهِ

অর্থ : তিরস্কারকারিনীদের তিরস্কার আমার পেরেশান অন্তরের (বাহিরে) এদিক-সেদিক থাকে, আর আমার প্রিয়াদের মহব্বত অন্তরের অন্তস্থলে আছে।

অর্থাৎ কবি বলেছে, উপদেশদাতার উপদেশসমূহ এবং তিরস্কারসমূহ আমার অন্তর পর্যন্ত পৌঁছতে পারে না, তাই আমার অন্তরের বাহিরে চতুর্দিকে ঘোরা-ফেরা করে। কেননা, প্রিয়ার প্রেম ও মহব্বত আমার অন্তরের অন্তস্থলে রয়েছে, তাই উপদেশ ও মালামত ঐ পর্যন্ত পৌঁছতে পারে না। যেমনভাবে কীট-পতঙ্গ লাইটের চিমনির বাহিরে চক্কর লাগায়ে মরে যায়, কিন্তু চিমনির ভিতরে আগুনের শিখা পর্যন্ত পৌঁছতে পারে না, কেননা, আগুন তো চিমিনির ভিতরে।

এ জন্যই উপদেশদাতার উপদেশসমূহ কখনো কার্যকরী হতে পারে না, অতএব উপদেশ দেওয়া ও মালামত করা একেবারে বে-কার ও নিষ্ফল।

বিশ্লেষণ : عَذْلُ - إِضَافَةُ إِلَى الْفَاعِلِ তরকীবে مُبْتَدَأ, বাবে ض ও ن থেকে م - عَذْلًا এবং বাবে تَفْعِيل থেকে নিন্দা করা, ভর্ৎসনা করা, তিরস্কার করা, صِيغَه صِفَتْ - عَاذِلٌ, বহুবচন - عَذَلَةٌ عُذَّلٌ ও عُذَّالٌ - عَاذِلُوْنَ । عَاذِلَةٌ - مُؤَنَّثْ, বহুঃ عَوَاذِلُ এবং عَاذِلَاتٌ । বাবে تَفَاعُلْ থেকে একে অপরকে তিরস্কার করা, বাবে تَفَعُّلْ ও اِفْتِعَالْ থেকে নিজকে নিজে তিরস্কার করা, তিরস্কার দ্বারা مُتَأَثِّر হওয়া বা প্রভাবিত হওয়া।

عَوَاذِلُ এটি فَوَاعِلُ -এর وَزْن এ- ذَوِى الْعُقُوْلِ ওয়াহেদে فَاعِلَة مُؤَنَّثْ -এর বহুবচন فَوَاعِلُ, এ নিয়ম অনুসারে عَوَاذِلُ - عَاذِلَةٌ -এর বহুবচন, আর غَيْر ذَوِى الْعُقُوْل ওয়াহেদে فَاعِل مُذَكَّر -এর বহুবচন فَوَاعِل -এর ওজনে ব্যবহৃত হয়- যেমন فَارِسٌ -এর বহুবচন فَوَارِسُ ব্যবহৃত হয়। মুন্তাহাল অরবের مُصَنِّفْ এমন ৫/৬ টি শব্দ হিসেব করেছেন- যেগুলোর وَاحِدْ - فَاعِلٌ এবং জমা' فَوَاعِلُ -এর ওজনে।

মুতানাব্বী এ শে'রে مُؤَنَّثْ عَوَاذِلُ উল্লেখ করে বুঝাতে চাচ্ছে যে, মহিলাদের তিরস্কার অত্যন্ত ঘৃণিত। কেননা, নিম্নস্তরের লোকেরা যদি উপরের স্তরের লোকদেরকে (পুরুষদেরকে) তিরস্কার করে, তবে তা জঘন্যতম ঘৃণা লাগে, আর সে বুঝাতে চাচ্ছে যে, মহিলাদের তিরস্কারই আমার অন্তরে লাগে না বা পৌঁছে না, বরং আমার অন্তরের বাহিরে থাকে, আর পুরুষদের তিরস্কার তো আমার অন্তরের ধারে কাছেও পৌঁছতে পারবে না।

حَوْلَ قَلْبِي التَّائِهِ তরকীবে خَبَر । حَوْل - حَوْلِي - حَوالَ ও حَوالِي সম্বন্ধে, সম্পর্কে, চারপাশে, চতুর্দিকে, আশেপাশে। বাবে ن থেকে م - حَوْلًا ও حُؤُولًا পরিবর্তিত হওয়া, রূপান্তরিত হওয়া, অবস্থার পরিবর্তন হওয়া, حَالَ الْحَوْلُ অতিক্রম করা, অতিবাহিত হওয়া এবং পরিপূর্ণ হওয়া, عَلَيْهِ الْحَوْلُ পুরা বৎসর অতিবাহিত হওয়া। বাবে س থেকে م - حَوْلًا بِصِلَه عَيْنُهُ টেরা চোখ ওয়ালা হওয়া। বাবে تَفْعِيْل থেকে পরিবর্তিত করা, রূপান্তরিত করা, বদলানো, ফিরানো, পাঠানো, স্থানান্তরিত করা, দূর করা, বদলি করা, اَلشَّيْئَ কোনো কিছুকে অসম্ভব বানানো। বাবে مُفَاعَلَه থেকে চেষ্টা করা, প্রচেষ্টা চালানো, প্রয়াস চালানো, উদ্যোগ নেওয়া, হীলা কিংবা বাহানার মাধ্যমে চাওয়া। বাবে اِفْعَال থেকে পরিবর্তিত করা, বদলানো, রূপান্তরিত করা, বদলি করা, পাঠানো, بِصِلَه اَلْحَوْلَ পূর্ণ করা, بِصِلَه بِالْمَكَانِ এক বৎসর অবস্থান করা, اَلرَّجُلُ অসম্ভব কথা বলা, بِصِلَه عَيْنَهُ চোখ টেরা করা। বাবে تَفَعُّل থেকে পরিবর্তিত হওয়া, বিবর্তিত হওয়া, প্রেরিত হওয়া, রূপান্তরিত হওয়া, بِصِلَه عَنْهُ ফিরে যাওয়া, بِصِلَه اَلرَّجُلُ এক স্থান থেকে অন্য স্থানে চলে যাওয়া। বাবে اِفْتِعَال থেকে কৌশল করা, ফন্দি করা, চেষ্টা করা, হীলা করা, বাহানা করা। বাবে اِسْتِفْعَال থেকে অবস্থার পরিবর্তন করা, অসম্ভব হওয়া, অসাধ্য হওয়া, পরিবর্তিত হওয়া।

اَلْحَال প্রকার, কাইফিয়াত, পরিস্থিতি, অবস্থান, বিষয়, ক্ষেত্র, সময়, বর্তমান, হাল, অবস্থা, রূপ, গরম রাক্ষ, কালো মাটি, বহুবচন اَحْوَالٌ - اَحْوِلَةٌ। اَلْحَوْلُ ক্ষমতা, হুঁশিয়ারী, স্বাধীনতা, দূরদর্শীতা, বৎসর, বহুবচন حُؤُولٌ - اَحْوَالٌ। حَوْلٌ - حَوْلَانٌ - حَوَلَانٌ - পরিবর্তন, বিপ্লব। حُوَّلٌ - حَوَالِيٌّ - حُوَّلِيٌّ ষড়যন্ত্রকারী, অনেক ফন্দিবাজ। حَوْلَةٌ - حِيْلَةٌ স্বাবধানতা, দূরদর্শিতা, কর্তৃত্বের ক্ষমতা, বহুবচন حِوَلٌ - حِيَلٌ। مُحَالٌ মুশ্‌কিল, অসম্ভব, বাতেল, টেড়া।

اَلْقَلْبُ অভ্যন্তর, কেন্দ্র, শাঁস, দিল, হৃদয়, মন, আত্মা, হৃৎপিণ্ড, বহুবচন قُلُوْبٌ।

বাবে ض থেকে م - قَلْبًا - اَلشَّيْئَ উল্টায়ে দেয়া, ফিরানো, ঘুরানো, দিক পরিবর্তন করা, উপরের অংশকে নীচা করা, ভিতরের অংশকে বাহির করা, اَلْقَوْمَ ফিরায়ে দেওয়া। বাবে ض ও ن থেকে م - قَلْبًا সিনায় মারা বা আঘাত করা, অন্তরে মারা। বাবে س থেকে م - قَلَبًا উল্টা ঠোঁট বিশিষ্ট হওয়া। বাবে تَفْعِيْل থেকে উল্টানো, ফিরানো, ওলট-পালট করা, ثُلَاثِي অর্থেই ব্যবহৃত হয় এবং لَام এর তাশ্‌দীদ মোবালাগা বা তাক্‌ছীরের জন্য হয়। বাবে اِفْعَال থেকে উল্টায়ে দেওয়া। বাবে تَفَعُّل থেকে উল্টে যাওয়া, পরিবর্তনশীল হওয়া, অস্থির হওয়া। বাবে اِنْفِعَال থেকে ফিরে যাওয়া, উল্টে যাওয়া, পরিবর্তিত হওয়া, রূপান্তরিত হওয়া।

قَلْبِيْ اَلتَّائِه-এর সিফত, মাদ্দা تِيْهٌ নির্জন প্রান্তর, হতবুদ্ধিতা, ভ্রম, বিভ্রান্তি, অহমিকা, ঔদ্ধত্য, اَلتَّائِه - صِيْغَه وَاحِدْ مُذَكَّرْ بَحْثْ اِسْم فَاعِل বাবে ض থেকে م - تِيْهًا অহঙ্কার করা এবং م - تَيْهًا ও تَيَهَانًا উদ্দেশ্যহীন ঘোরাফেরা করা, পথভ্রষ্ট হওয়া, হারিয়ে যাওয়া, পথ হারিয়ে ফেলা, বিভ্রান্ত হওয়া, صِيْغَه صِفَتْ تَيَّاهٌ وَتَيْهَانٌ। বাবে تَفْعِيْل ও اِفْعَال থেকে বিভ্রান্ত করা, বিপথগামী করা, দিশেহারা করা, পথভ্রষ্ট করা, ধ্বংস করা। تِيْهٌ-এর বহুবচন اَتْيَاهٌ - اَتَاوِيْهُ ও اَتَاوِهَةٌ। اَرْض تَيْهَاء ও اَرْض مَتِيْهَةٌ সাম্প্রতিক পথভ্রষ্টকারী জমিন।

هَوًى এটা বাবে س-এর م কামনা করা, চাওয়া, পছন্দ করা, ভালবাসা, প্রেমে পড়া, মহব্বত করা, আকাঙ্ক্ষা করা, صِيْغَه صِفَتْ هَوٍ। বাবে ض থেকে م - هَوِيًّا - هُوِيًّا ও هَوَيَانًا উপর থেকে নিচে পড়ে যাওয়া, উঁচু হওয়া, উঁচু স্থানে উঠা। বাবে مُفَاعَلَه থেকে পরস্পর আদান-প্রদান করা, দ্রুত চলা। বাবে اِفْعَال থেকে নিচে ফেলা, ঝুঁকে পড়া, কামনা করা, নিচে পড়ে যাওয়া।

বাবে تَفْعِيْل থেকে বায়ুপূর্ণ করা, বায়ু চলাচল করানো, বায়ুবীয় করা। বাবে اِفْتِعَالْ থেকে ইশারা করা। বাবে اِنْفِعَالْ থেকে উপর থেকে নিচে পড়ে যাওয়া। বাবে اِسْتِفْعَالْ থেকে হয়রান পেরেশান বানায়ে দেওয়া, বেহুঁশ করে দেওয়া, প্রেমকে সুসজ্জিত করে দেখানো।

اَلْهَاوِيَةُ ফয়সালা, সন্তান নিখোঁজকারিণী মহিলা। هَاوِيَة পতনশীল, অস্তগামী, আসক্ত, বায়ুপূর্ণ, শূন্য, দোজখ, এটা مَعْرِفَه এবং غَيْر مُنْصَرِف, কোনো কোনো সময় এর সাথে اَلِفْ ও لَامْ ব্যবহৃত হয়। اَلْهَوَاءُ উপরের শূন্যস্থান فِضَاء اَسْمَانِى, সাহসহীন, ঐ সমস্ত ভাণ্ড যেগুলোর নিচের অংশ ফেটে গিয়েছে, বহুবচন اَهْوِيَةٌ।

اَلْاَحِبَّةُ - اَحِبَّاءُ ও اَحْبَابٌ এগুলো حَبِيْبٌ-এর বহুবচন,বন্ধু, সুহৃদ, প্রিয়জন, প্রিয়তম, প্রেমিক, عَاشِقْ ও مَعْشُوْق, এ স্থানে মাশুকই উদ্দেশ্য।

বাবে ض থেকে م - حُبًّا وَحِبًّا আকাঙ্ক্ষা করা, চাওয়া, খাহেশ করা। বাবে مُفَاعَلَه থেকে পরস্পর মহব্বত করা, মহব্বত প্রকাশ করা। বাবে اِفْعَالْ থেকে মহব্বত করা, صِفَتِ فَاعِلِىْ . مُحِبٌّ এবং مُحَبٌّ . صِفَتِ مَفْعُوْلِى। বাবে تَفَعُّلْ থেকে اِلَيْه বন্ধুত্ব ও মহব্বত প্রকাশ করা। বাবে تَفَاعُلْ থেকে একে অপরকে মহব্বত করা, পরস্পর হৃদ্যতা পোষণ করা। বাবে اِسْتِفْعَالْ থেকে মহব্বত করা, ভাল মনে করা, পছন্দ করা, অগ্রাধিকার দেওয়া, পছন্দনীয় মনে করা।

حَبٌّ দানা, বিচি, বহুবচন حُبُوْبٌ ও حُبَّانٌ। وَاحِد حَبَّةٌ,বহুবচন حَبَّاتٌ। حِبٌّ বন্ধু, আশিক, মাহ্‌বুব, বহুবচন اَحْبَابٌ, حِبَّانٌ ও حِبَبَةٌ। حُبَّةٌ আঙ্গুর ফলের বিজ, মাশুক, মাশুকা, বহুবচন حُبَبٌ। اَلْحُبَابُ শেষ সীমা। اَلْحُبَابُ বন্ধুত্ব, মহব্বত, মাহবুব, সাপ, اُمّ حُبَابْ দুনিয়া। مِنْه . ه যমীরের مَرْجِعْ হচ্ছে قَلْب।

তরকীবে فِىْ سَوْدَائِه - سَوْدَاء। خَبَر - فِىْ سَوْدَائِه এবং مُبْتَدَأ -هَوَى الْاَحِبَّةِ مِنْهُ -এর مِثْل হচ্ছে سَوْدَاء। حُمَيْرَاء এর مِثْل হচ্ছে- سُوَيْدَاء, حَمْرَاء এর مَوْصُوْف হচ্ছে مَحْذُوْف, অর্থাৎ نُقْطَةٌ سَوْدَاءُ অন্তরের কালো নোক্‌তাহ্ বা স্থান ও চিহ্ন কিংবা কালো অংশ, এ স্থানে سَوْدَائِه দ্বারা উদ্দেশ্য অন্তরের কেন্দ্রস্থল বা অন্তরের অন্তস্থল। বাবে ن থেকে م - سِيَادَةٌ - سُوْدُدًا - سُوْدُدًا ও سَيْدُوْدَةٌ ও سُوْدًا নেতৃত্ব দেওয়া, শাসন করা, প্রভুত্ব করা, ভদ্র হওয়া, বুজুর্গ ও সম্মানিত হওয়া, নেতা ও সরদার হওয়, صِفَتْ - سَائِدٌ صِيْغَه جَمْع ,سَادَةٌ جج ,سَادَاتٌ। বাবে س থেকে م - سَوَدًا এবং বাবে اِفْعِيْلَال থেকে কালো হওয়া। বাবে تَفْعِيْل থেকে কালো করা, (জমিতে) সার দেওয়া, খসড়া লেখা, সাহসী হওয়া, সরদার বানানো। বাবে مُفَاعَلَه থেকে ধোঁকা দেওয়া, রাতের অন্ধকারে সাক্ষাৎ করা, নেতৃত্ব বা কালো হওয়ার ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বিতা করা, গোপন রহস্য বলে দেওয়া। বাবে اِفْعَالْ থেকে م - اِسْوَادًا ও اِسَادَةٌ নেতা জন্ম দেওয়া, কালো ছেলে প্রসব করা। বাবে تَفَعُّلْ থেকে বিয়ে করা, নেতা হওয়া, কালো হওয়া। বাবে اِفْتِعَالْ থেকে اَلْقَوْمَ গোত্রের সরদারকে হত্যা করা কিংবা বন্দি করা।

اَلسُّوْدُ কালো পাথর ওয়ালা সমতল ময়দান। اَلسَّوْدَةُ খেজুর গাছ ওয়ালা জমিন। سَوَادُ الْعَيْنِ চোখের কালো অংশ, চোখের পুতলী বা মনি। سَوَادُ الْقَلْبِ অন্তরের কালো নোক্‌তাহ্ বা কালো চিহ্ন। اَلسِّوَادُ আওয়াজ। اَلسُّوْدَانُ সুদান দেশের বাসিন্দা, কালো রং-এর মানুষ। اَلْحَبَّةُ السَّوْدَاءُ কালিজিরা। اَلْمُسَوَّدَةُ مِنَ الْاَيَّامِ কঠিন সময়, বিপদের দিন।

তারকীব : عَذْلُ মুযাফ, اَلْعَوَاذِلِ মুযাফ ইলাই, মুযাফ-মুযাফ ইলাই মিলে مُبْتَدَأ। حَوْلَ যরফ-মুযাফ, قَلْبِى মুযাফ-মুযাফ ইলাই মিলে মউসূফ, اَلتَّائِه সিফত, সিফত-মউসূফ মিলে حَوْلَ মুযাফের মুযাফ ইলাই, حَوْلَ যরফ তার মুযাফ ইলাইকে নিয়ে মাহ্‌যূফ شِبْه فِعْل مَوْجُوْد

ও مُبْتَدَأ ,خَبَرْ شِبْه جُمْلَه হয়ে فِعْل তার مَفْعُول فِيْه -কে নিয়ে مَفْعُول فِيْه ,শিবা এর اَلْاَحِبَّة মিলে جُمْلَه خَبَرِيَه হয়ে মা'তূফ আলাই। وَ হরফে আত্‌ফ, هَوَى মাছদার মুযাফ, خَبَرْ مَجْرُوْر- মুযাফ ইলাই, مِنْهُ জমীরের مَرْجِعْ - قَلْب এর দিকে, مِنْ হরফে জার, ه - যমীর, জার-মাজরূর মিলে مُتَعَلِّقْ - هَوَى - مَصْدَر -এর সাথে, هَوَى - مَصْدَر মুযাফ তার মুযাফ ইলাই ও مُتَعَلِّقْ -কে নিয়ে শিব جُمْلَه হয়ে مُبْتَدَأ। فِيْ হরফে জার, سَوْدَائِهِ মুযাফ-মুযাফ ইলাই মিলে مَجْرُوْر, জার-মাজরূর মিলে মাহ্‌যূফ شِبْه فِعْل ثَابِتٌ -এর সাথে مُتَعَلِّقْ ,شِبْه فِعْل তার مَعْطُوْف ,مُتَعَلِّقْ -কে নিয়ে شِبْه جُمْلَه হয়ে خَبَرْ ,مُبْتَدَأ ও خَبَرْ মিলে جُمْلَه خَبَرِيَه হয়ে مَعْطُوْف ও مَعْطُوْف عَلَيْه মিলে جُمْلَه عَاطِفَه।

٣- يَشْكُو الْمَلَامُ إِلَى اللَّوَائِمِ حَرَّهُ * وَيَصُدُّ حِيْنَ يَلُمْنَ عَنْ بُرَحَائِهِ

অর্থ : তিরস্কারকারিনীদের কাছে তিরস্কার প্রেমিকের অন্তরের তাপের ব্যাপারে অভিযোগ করছে এবং যখন নিন্দাকারিণীরা নিন্দা করে, তখন প্রেমিকের অন্তরের অধিক তাপের কারণে নিন্দা মুখ ফিরায়ে নেয়।

অর্থাৎ প্রেমিকের অন্তরে মহব্বতের আগুন জ্বলছে, আর তাপ অতদূর পর্যন্ত পৌঁছে গেছে যে, নিন্দাসমূহ এর নিকটস্থ হলে পরে অধিক তাপের কারণে উল্টা ফিরে আসে এবং নিন্দাকারিণীদের কাছে অভিযোগ করে যে, এ প্রজ্বলিত আগুনের কাছে যাওয়া আমাদের জন্য সম্ভব নয়।

বিশ্লেষণ : يَشْكُو বাবে ن থেকে م - شَكَاوَةً - شِكَايَةً ও شَكِيَّةً অনুযোগ করা, কষ্ট ব্যক্ত করা, অভিযোগ করা, শেকায়াত করা, দুঃখ প্রকাশ করা, কারো অপরাধ বা দোষ অন্যের কাছে বর্ণনা করা, بِصِلَه اَلْاَمْر উল্লেখ করা, ব্যথিত হওয়া, مَرَضَهُ لِلطَّبِيْب ডাক্তারের কাছে রোগের অবস্থা বর্ণনা করা, প্রকাশ করা। শেকায়েতকারীকে شَاكِيْ বলে। যার শেকায়েত করা হয়, তাকে مَشْكُوٌّ مِنْهُ ও مَشْكُوٌّ اِلَيْهِ বলে এবং যার কাছে শেকায়েত করা হয়, তাকে مَشْكُوٌّ বলে। উক্ত শে'রে اَلْمَلَامُ হচ্ছে شَاكِيْ, اَللَّوَائِم হচ্ছে مَشْكُوٌّ اِلَيْهِ ,اَلْمَلَامُ -এর মধ্যে اَلِف ও مُضَافْ اِلَيْه - لَامْ এর পরিবর্তে এনেছে, অর্থাৎ مَلَامُ اللَّوَائِمِ।

বাবে تَفْعِيْل থেকে অভিযোগ গ্রহণ করা। বাবে اِفْعَال থেকে শেকায়েত গ্রহণ করা, শেকায়েত কবুল করা, শেকায়েতকারী পাওয়া, কারো সাথে এমন ব্যবহার করা যে, সে শেকায়েত করতে বাধ্য হয়, কারো থেকে শেকায়েত দূর করা। বাবে مُفَاعَلَه থেকে অভিযোগ করা। বাবে تَفَعُّلْ ও اِفْتِعَالْ থেকে রুগ্‌ন হওয়া, অভিযোগ করা, শেকায়েত করা, ব্যথিত হওয়া। বাবে تَفَاعُلْ থেকে পরস্পর একে অপরের কাছে অভিযোগ করা, শেকায়েত করা। شَكَاةٌ আয়েব, দোষ।

اَلْمِشْكَاةُ তাক, বাতি রাখার তাক, চেরাগদান।

حَرَّهُ মুযাফ ও مُضَاف اِلَيْه মিলে مَفْعُوْل হচ্ছে يَشْكُو ফে'লের, حَرٌّ তাপ, উত্তাপ, উষ্ণতা, তেজ, বহুবচন حُرُوْرٌ ও اَحَارِرُ।

حَرَّةٌ বাবে س থেকে م - حُرِّيَّةٌ بِصِلَه اَلْعَبْدُ - حَرَارًا মুক্ত হওয়া, م - খান্দানী নম্র ভদ্র হওয়া, م - পিপাসিত হওয়া। বাবে ض ও ن - س থেকে م - حَرًّا - حَرَّةً - حُرُوْرًا ও حَرَارَةً উষ্ণ হওয়া, উত্তপ্ত হওয়া, গরম হওয়া। বাবে تَفْعِيْل থেকে মুক্ত করা, মুক্তি দেয়া, উৎসর্গ করা, রচনা করা,

সম্পাদনা করা, اَلْعَبْدَ মুক্ত করা, اَلْوَلَدَ আল্লাহর এবাদতের জন্য ওয়াক্‌ফ্ করে দেওয়া, اَلْكِتَابَ সুন্দর ও সঠিক লেখা। বাবে إِفْعَالٌ থেকে গরম হওয়া, গরম করা। বাবে تَفَعُّلٌ থেকে মুক্ত হওয়া। বাবে إِسْتِفْعَالٌ থেকে কঠোর হওয়া।

اَلْحَرُوْرُ রাতের গরম বাতাস, রোদের গরম তাপ, আগুন, দুর্বলতা। اَلْحَرِيْرُ রেশম, রেশমি কাপড়। اَلْحُرُّ স্বাধীন, মুক্ত, ভদ্র, উত্তম অংশ, মহৎ, উদার, মুক্তবুদ্ধি, বহুবচন اَحْرَارٌ।

وَيَصُدُّ عطف হয়েছে يَشْكُو-এর উপর, বাবে ض ও ن থেকে م – صَدًّا ও صُدُوْدًا - بِصِلَه عَنْ বাধা দেওয়া, প্রতিরোধ করা, ফিরে যাওয়া, বিরত রাখা, বিরত থাকা, এ অর্থই এ স্থানে উদ্দেশ্য। বাবে ض ও ن থেকে م – صَدِيْدًا চিৎকার করা, হৈ চৈ করা, চিল্লানো। বাবে ن থেকে بِصِلَه عَنْ م – صَدًّا বাধা দেওয়া, নিষেধ করা। বাবে مُفَاعَلَه থেকে প্রতিহত করা, প্রতিরোধ করা। বাবে تَفْعِيْل থেকে তালি বাজানো, তুরি দেওয়া। বাবে إِفْعَال থেকে بِصِلَه عَنْ নিষেধ করা, বিরত রাখা। বাবে تَفَعُّلٌ থেকে পিছে লাগা। বাবে إِسْتِفْعَالٌ থেকে اَلْمَرْأَةُ পর্দা করা। اَلصِّدَادُ পর্দা।

حِيْنَ সময়, ক্ষণ, সঠিক সময়, উপযুক্ত সময়, লগ্ন, বহুবচন اَحْيَانٌ جج اَحَايِيْنُ।

বাবে ض থেকে م – حَيْنًا – حَيْنُوْنَةً কাছে আসা, ঘনিয়ে আসা, উপস্থিত হওয়া, সময় নিকটবর্তী হওয়া, فُلَانٌ ধ্বংস হওয়া, দুঃখ-কষ্টে পড়া, তৌফিক থেকে বঞ্চিত হওয়া। বাবে تَفْعِيْل থেকে সময় ও মেয়াদ নির্ধারণ করা। বাবে مُفَاعَلَه থেকে নির্দিষ্ট সময়ের জন্য মোয়ামালা করা। বাবে إِفْعَالٌ থেকে সময় আসা। বাবে تَفَعُّلٌ থেকে অপেক্ষা করা, তৌফিক ও হিদায়েত থেকে বঞ্চিত থাকা। বাবে إِسْتِفْعَالٌ থেকে সুবর্ণ সময়ের আকাঙ্ক্ষা করা, সুসময়ের আশা রাখা।

اَلْحَانُ ও اَلْحَانَةُ শরাব বিক্রির দোকান। اَلْحَيْنُ ধ্বংস, দুঃখ, কষ্ট, মেহনত। اَلْحَائِنُ বুদ্ধিহীন, বেকুব। اَلْحَائِنَةُ বিপদ, বহুবচন حَوَائِنُ।

তারকীব : فَاء- تفسيرية, مَا- نافيه, كَانَ ফে'লে ناقص, ذَالِكَ তার اسم, مَدْحًا শিবহে فعل, لَهُ জার -মাজরূর মিলে শিবহে ফে'লের সাথে متعلق। শিবহে فعل তার متعلق-কে নিয়ে শিবহে جمله হয়ে كَانَ তার اسم ও خبر-কে নিয়ে جمله اسمية خبرية হয়ে معطوف عليه। وَ হরফে عطف, لٰكِنَّ হরফে مشبه بالفعل, هُ তার اسم, كَانَ ফে'লে ناقص, هُوَ যমীর তার اسم, هَجْوَ الْوَرٰى মুযাফ-মুযাফ ইলাই মিলে তার خبر। كَانَ তার اسم ও خبر-কে নিয়ে جمله اسمية خبرية হয়ে بتاويل مفرد - خبر, لٰكِنَّ তার اسم ও خبر-কে নিয়ে جمله اسمية خبريه হয়ে معطوف। معطوف عليه ও معطوف মিলে جمله عاطفه হয়ে مُفَسِّرْ।

١٤٥- وَقَدْ ضَلَّ قَوْمٌ بِاَصْنَامِهِمْ * وَاَمَّا بِزِقِّ رِيَاحٍ فَلَا

অর্থ : আর (পৃথিবীর অন্যান্য) কওম তো নিজেদের মূর্তির পূজা করার কারণে পথভ্রষ্ট হয়েছে, কিন্তু বাতাসের মশকের পূজা করে কোনো কওম পথভ্রষ্ট হয় নাই।

অর্থাৎ দুনিয়ার আনাচে কানাচে মূর্তির পূজা করে মানুষ পথভ্রষ্ট হয়েছে ও হচ্ছে- এর উপমা তো সর্বস্থানেই আছে, কিন্তু এ কথা কোথাও শুনা যায়নি যে, কামারের বাতাসের মশকের পূজা করে কোনো জাতি পথভ্রষ্ট হয়েছে। হ্যা, এমন শুধু মিশরেই হয়েছে, যে কাফূর ভাট্টিখানার মশকের মতো কালো -আর বাতাসে ভরপুর -তার পূজা করে মিশরবাসী পথভ্রষ্ট হয়েছে।

বিশ্লেষণ : قَدْ ضَلَّ- واحد مذكر غائب - بحث فعل ماضى قريب معروف বাবে ض ও س থেকে ضَلَالًا- م ও ضَلَالَةً পথভ্রষ্ট হওয়া, সত্য ধর্ম বা সঠিক রাস্তা থেকে সরে পড়া, বিভ্রান্ত হওয়া, পথ হারানো, বিপথে যাওয়া, اَلشَّيْئُ বিনষ্ট হওয়া। বাবে تَفْعِيْل থেকে বিপথগামী করা, পথভ্রষ্ট করা, ভুল পথে চালানো, পথভ্রষ্টতার দিকে নিসবত করা বা ইঙ্গিত করা। বাবে اِفْعَالْ থেকে ধ্বংস করা, বিনষ্ট করা, দাফন করা, গোপন করা। বাবে تَفَاعُلْ থেকে পথভ্রষ্টতার দাবি করা। বাবে اِسْتِفْعَالْ থেকে পথভ্রষ্ট হওয়ার জন্য বলা।

ضَلَّ-ضَلَّ-ضَلَالٌ ও ضَلَالَةٌ ভুল, ভ্রষ্টতা, ভ্রান্তি, বিভ্রান্তি। ضَلَلٌ ভুল, ভ্রষ্টতা, বিভ্রান্তি। ضَلَّةٌ হতভম্ব, ভালো বা মন্দের তালাশে অদৃশ্য হওয়া।

اَصْنَامٌ বহুবচন, একবচন صَنَمٌ মূর্তি, প্রতিমা, প্রতিমূর্তি। বাবে س থেকে م- صَنَمًا - اَلْعَبْدُ শক্তিশালী হওয়া, اَلرَّائِحَةُ বিনষ্ট হওয়া। বাবে تَفْعِيْل থেকে আওয়াজ দেওয়া, চিৎকার করা, মূর্তি তৈরি করা।

زِقٌّ (পানির) মশক, ভিস্তি, থলি, কামারের ভাট্টি, বহুবচন زِقَاقٌ-اَزْقَاقٌ-زُقَّانٌ ও اَزُقٌّ। زُقٌّ শরাব, বহুবচন زِقَقَةٌ। زُقَاقٌ গলি, সরু পথ, প্রণালী, বহুবচন اَزِقَّةٌ ও زُقَّانٌ। زَقَّاقٌ মশক তৈরিকারী।

তারকীব : وَ হরফে عطف, قَدْ ضَلَّ ফে'ল, فاعل-قَوْمٌ, بَاءٌ হরফে জার, اَصْنَامِهِمْ মুযাফ -মুযাফ ইলাই মিলে মাজরূর, জার ও মাজরূর মিলে ফে'লের সাথে متعلق। فعل তার فاعل ও متعلق-কে নিয়ে جمله فعليه হয়ে معطوف عليه। وَ হরফে عطف, اَمَّا হরফে تفسير - متضمن معنى الشرط, فعل শিবহে مصدر-ضَلَالٌ - ضَلَالُ قَوْمٍ بِزِقِّ رِيَاحٍ মূলে ছিল بِزِقِّ رِيَاحٍ, بَاءٌ হরফে জার, زِقِّ رِيَاحٍ মুযাফ ও মুযাফ ইলাই মিলে মাজরূর, জার-মাজরূর মিলে শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে فعل তার متعلق-কে নিয়ে শিবহে جمله হয়ে মুযাফ, قوم মুযাফ ইলাই, মুযাফ ও মুযাফ ইলাই মিলে মুবতাদা متضمن معنى الشرط। فَاءٌ জাযাইয়া, لَا মূলে ছিল لَا يُوْجَدُ, فعل-لَا يُوْجَدُ তার যমীর هُوَ নায়েবে ফায়েলের সাথে মিলে جمله فعليه হয়ে جزاء, شرط ও جزاء মিলে جمله شرطيه হয়ে معطوف।

١٤٦- وَتِلْكَ صُمُوْتٌ وَذَا نَاطِقٌ * إِذَا حَرَّكُوْهُ فَسَا اَوْ هَذَى

অর্থ : আর মূর্তিগুলো তো নীরব (নির্বাক) এবং সে (কাফূর) বাকশক্তি সম্পন্ন, যখন তাকে নাড়া দেয়, তখন সে পায়ুপথে বায়ু নির্গত করে অথবা অযথা কথা বলে।

অর্থাৎ মূর্তি আর কাফূরের মাঝে পার্থক্য এটা যে, পাথরের মূর্তিগুলো থেকে আওয়াজ বের হয় না, কিন্তু কাফূরকে যখন নাড়া দেয়, তখন দু' প্রকার আওয়াজ বের হয় কখনো -(১) বাতকর্ম করে, কখনো- (২) অযথা কথা বলে অর্থাৎ আহমকী কথা বলে।

বিশ্লেষণ : تِلْكَ ইস্‌মে ইশারা مؤنث, বঈদের জন্য (দূরের জন্য) صُمُوْتٌ নীরবতা, মৌনতা, নিস্তব্ধতা। বাবে ن থেকে م- صَمْتًا- صُمُوْتًا ও صُمَاتًا চুপ থাকা, নিশ্চুপ থাকা, নীরব থাকা। বাবে اِفْعَالٌ ও تَفْعِيْل থেকে চুপ করানো, নিশ্চুপ করা, নীরব করা।

حَرَّكُوْا- بحث ماضى معروف -جمع مذكر غائب। বাবে تَفْعِيْل থেকে নড়ানো, চালানো, নাড়া দেওয়া, গতিসঞ্চার করা, আন্দোলিত করা, (বর্ণে) হরকত দেয়া। বাবে ك থেকে م - حَرْكًا ও حَرَكَةٌ নড়া, চলা। বাবে س থেকে م-حَرَكًا কোমরে বা দু' কাঁধের মাঝে দুর্বলতা বিশিষ্ট হওয়া, কাপুরুষ হওয়া। বাবে ن থেকে م- حَرْكًا হক্ব আদায় করা থেকে বিরত থাকা, দু' কাঁধের মাঝে মারা, بِالسَّيْفِ তলোয়ার দ্বারা মারা বা আঘাত করা।

حَرَكَةٌ নড়ন, চলন, নাড়া, গতি, আন্দোলন, চলাচল, (বর্ণের) স্বরচিহ্ন, ধ্বনি চিহ্ন, হরকত।

فَسَا বাবে ن থেকে م- فَسْوًا ও فُسَاءٌ ধ্বনি ব্যতীত বাতকর্ম করা, আওয়াজ ব্যতীত পাদ দেওয়া, পায়ুপথে বায়ু নির্গত করা, বাতকর্ম করা। বাবে تَفَاعُلٌ থেকে বাতকর্ম করার জন্য চোতড় উঠানো।

ض বাবে هَذَى থেকে ن বাবে هَذْوًا -م নিরর্থক কথা বলা, বকবক করা, যুক্তিহীন কথা বলা। বাবে থেকে هَذْيًا -م ও هَذَيَانًا রাগ ইত্যাদি কারণে আজে বাজে কথা বলা, নিরর্থক কথা বলা। বাবে إِفْعَالٌ থেকে اَللَّحْمَ গোশ্‌ত্ উত্তমভাবে গলায়ে পাকানো। বাবে مُفَاعَلَة থেকে পরস্পর বকবক করা। বাবে تَفَاعُلٌ থেকে আলোচনার মধ্যে আজে বাজে কথা বলা।

তারকীব : وَ হরফে عطف, تِلْكَ - مبتدأ, صُمُوْتٌ - خبر, مبتدأ ও خبر মিলে جمله اسميه হয়ে معطوف عليه । وَ হরফে عطف, ذَا نَاطِقٌ ইস্‌মে اشاره - مبتدأ , خبر- نَاطِقٌ , مبتدأ ও خبر মিলে معطوف । إِذَا জরফ متضمن معنى الشرط, حَرَّكُوْهُ মা'তূফ আলাই ও معطوف মিলে مُفَسَّرْ । فعل - فَسَا - فاعل ও مفعول به মিলে جمله فعلية হয়ে شرط । فعل - فاعل ও فعل মিলে جمله فعليه معطوف عليه , وَ হরফে عطف, هَذَى - فعل ও فاعل মিলে جمله فعلية হয়ে معطوف, شرط ও جزاء মিলে جمله شرطية হয়ে جزاء । معطوف عليه ও معطوف মিলে مُفَسِّرْ । مُفَسَّرْ ও مُفَسِّرْ মিলে معطوف ।

١٤٧- وَمَنْ جَهِلَتْ نَفْسُهُ قَدْرَهُ * رَأَى غَيْرُهُ مِنْهُ مَا لَا يَرَى

অর্থ : আর যে ব্যক্তি নিজ মর্যাদা ও যোগ্যতা সম্পর্কে অজ্ঞ, অন্যান্য লোক তার ঐ আয়েবগুলো দেখে যেগুলো সে নিজে দেখতে পারে না।

অর্থাৎ যে ব্যক্তি নিজ মর্যাদাকে উপলব্ধি করতে পারে না -তার সিদ্ধান্তে এমন অনেক ভুল থাকে এবং এগুলো যে তার মারাত্মক ভুল সে এটাও অনুভব করতে পারে না। হ্যাঁ, অন্যান্য লোকের চোখে তার ভুলগুলো ধরা পড়ে এবং তারা অনুতপ্ত হয়ে বলে যে, এত বড় ব্যক্তি দ্বারা এমন ধরনের ভুল হতে পারে?

তারকীব : وَ হরফে عطف, مَنْ ইস্‌মে موصوله, جَهِلَتْ -فعل, نَفْسُهُ মুযাফ-মুযাফ ইলাই মিলে فاعل, قَدْرَهُ মুযাফ-মুযাফ ইলাই মিলে مفعول به - কে নিয়ে جمله فعليه , فعل তার فاعل ও مفعول به মিলে صله, موصوله ও صله মিলে شرط । رَأَى-فعل, غَيْرُهُ মুযাফ-মুযাফ ইলাই মিলে فاعل , مِنْهُ জার-মাজরূর মিলে ফে'লের সাথে متعلق, مَا- موصوفه, لَا يَرَى - فعل ও فاعل মিলে جمله فعليه হয়ে صفت, موصوف ও صفت মিলে مفعول به । رَأَى-فعل তার فاعل ও متعلق এবং مفعول به কে নিয়ে جمله فعليه হয়ে جزاء, شرط ও جزاء মিলে جمله شرطية হয়ে معطوف ।

وَعَابَ قَوْمٌ عَلَيْهِ علوَّ الْخِيَامِ فَقَالَ

অর্থাৎ মানুষ মুতানাব্বীর উপর দোষ চাঁপিয়েছে -এ কারণে যে, সে সাইফুদ্দৌলার প্রশংসায় বলেছে : তাঁবু সাইফুদ্দৌলার মাথার উপর এবং সাইফুদ্দৌলা তাঁবুর নিচে। এর দ্বারা সাইফুদ্দৌলাকে ছোট ও তুচ্ছ করেছে মুতানাব্বী।

মুতানাব্বী উক্ত সমালোচনার উত্তরে বলেছে :

١٤٨- لَقَدْ نَسَبُوا الْخِيَامَ إِلَى عَلَاءٍ * اَبَيْتُ قَبُوْلَهُ كُلَّ الْاِبَاءِ

١٤٩- وَمَا سَلَّمْتُ فَوْقَكَ لِلثُّرَيَّا * وَلَا سَلَّمْتُ فَوْقَكَ لِلسَّمَاءِ

١٥٠- وَقَدْ اَوْحَشْتَ اَرْضَ الشَّامِ حَتَّى * سَلَبْتَ رُبُوْعَهَا ثَوْبَ الْبَهَاءِ

١٥١- تَنَفَّسُ وَالْعَوَاصِمُ مِنْكَ عَشْرٌ * فَيُعْرَفُ طِيْبُ ذٰلِكَ فِى الْهَوَاءِ

١٤٨- لَقَدْ نَسَبُوا الْخِيَامَ إِلَى عَلَاءٍ * اَبَيْتُ قَبُوْلَهُ كُلَّ الْاِبَاءِ

অর্থ : অবশ্যই লোকেরা তাঁবুগুলোর উচ্চতা সম্পর্কে বলেছে , আমি সে কথাকে মেনে নেওয়ার ক্ষেত্রে সম্পূর্ণভাবে অস্বীকার করেছি।

অর্থাৎ কবি বলেছে যে, আমি শুনেছি যে, মানুষ আমাকে দোষী করেছে এ বলে যে, আমি নিজ কবিতায় "তাঁবুকে উপরে উল্লেখ করেছি আর সাইফুদ্দৌলাকে তাঁবুর নিচে" বলে উল্লেখ করেছি, মানুষের উক্ত কথা ও মন্তব্য একেবারে মিথ্যা, আমি তাদের কথাকে কখনো মেনে নেইনি, বরং অস্বীকার করেছি।

বিশ্লেষণ: اَلْخِيَامَ ও اَلْخِيَمُ বহুবচন, একবচন, - خَيْمَةٌ তাঁবু, শিবির, ক্যাম্প, শামিয়ানা, ঐ ঘর যা ইট, পাথর, মাটি ইত্যাদি দ্বারা তৈরি করা হয় না। خَيَّامٌ তাঁবু নির্মাণকারী, তাঁবুর বাসিন্দা, শিবিরবাসী, তাঁবু ওয়ালা, বহুবচন خَيَّامُوْنَ। خَامَةٌ তরতাজা ঘাস, বহুবচন خَامٌ ও خَامَاتٌ ।

বাবে ض থেকে عَنْ بصله -م خَيْمًا-خَيَمَانًا- خُيُوْمًا - خُيُوْمَةٌ - خِيَامًا ও خَيْمُوْمَةٌ অবস্থান করা, সাহসহীন হওয়া, অবাধ্যতা করা। বাবে ن থেকে م - خَوْمَانًا (স্থান) অস্বাস্থ্যকর হওয়া, স্বাস্থ্যের জন্য প্রতিকূল হওয়া। বাবে تَفْعِيْل থেকে তাঁবু লাগানো, তাঁবুতে অবস্থান করা। বাবে اِفْعَال থেকে তাঁবু গাড়া। বাবে تَفَعُّل থেকে তাঁবু দাঁড় করানো।

তারকীব : لَامْ - قسمية, قَدْ-نَسَبُوْا فعل, اَلْخِيَامَ - مفعول به, اِلٰى হরফে জার, عَلَاءٍ মাজরূর - জার-মাজরূর মিলে ফে'লের সাথে متعلق। فعل তার যমীর هم-فاعل ও مفعول به এবং متعلق -কে নিয়ে جملة فعلية হয়ে قسم । اَبَيْتُ-فعل, যমীর اَنَا-فاعل, قبوله মুযাফ-মুযাফ ইলাই মিলে مفعول به, كُلَّ الْاِبَاءِ মুযাফ-মুযাফ ইলাই মিলে مفعول مطلق। فعل তার فاعل ও مفعول به এবং مفعول مطلق -কে নিয়ে جملة فعلية হয়ে جواب قسم , قسم ও جواب قسم মিলে معطوف عليه ।

১৪৯- وَمَا سَلَّمْتُ فَوْقَكَ لِلثُّرَيَّا * وَلَا سَلَّمْتُ فَوْقَكَ لِلسَّمَاءِ

অর্থ : এবং আমি এ স্বীকৃতিও দেই নাই যে, ছুরাইয়া নক্ষত্রের স্থান আপনার চেয়ে উপরে, আর আমি এ স্বীকৃতিও দেই নাই যে, আকাশ আপনার চেয়ে উপরে।

অর্থাৎ তাঁবু আপনার উপরে এটা স্বীকার করা তো দূরের কথা, সপ্তম আকাশের নক্ষত্র ছুরাইয়ার বেলায়ও তো আমি স্বীকার করিনা যে, ছুরাইয়া আপনার চেয়ে উপরে, আর যে আকাশ গোটা দুনিয়ার উপরে সে আকাশের বেলায়ও তো আমি স্বীকার করিনা যে, আকাশ আপনার উপরে। অতএব তাঁবুর ন্যায় অতি সাধারণ বস্তু আপনার উপরে এটা আমি কিভাবে বলতে পারি?

তারকীব : وَ হরফে, عطف, مَا سَلَّمْتُ - فعل, যমীর أنَا - فاعل, فَوْقَكَ মুযাফ-মুযাফ ইলাই মিলে مفعول فيه, لِلثُّرَيَّا জার-মাজরূর মিলে ফে'লের সাথে متعلق। فعل তার فاعل ও مفعول فيه এবং متعلق-কে নিয়ে جمله فعليه হয়ে معطوف عليه। وَ হরফে عطف, لَا سَلَّمْتُ - فعل যমীর أنَا - فاعل, فَوْقَكَ মুযাফ-মুযাফ ইলাই মিলে مفعول فيه, لِلسَّمَاءِ জার-মাজরূর মিলে ফে'লের সাথে متعلق। فعل তার فاعل ও مفعول فيه এবং متعلق-কে নিয়ে جمله فعليه হয়ে معطوف হয়ে معطوف عليه আলাই।

১৫০- وَقَدْ أَوْحَشْتَ أَرْضَ الشَّامِ حَتَّى * سَلَبْتَ رُبُوعَهَا ثَوْبَ الْبَهَاءِ

অর্থ : আর আপনি সিরিয়ার আবাসভূমিকে জনশূন্য করে দিয়েছেন - এ পর্যন্ত যে, সিরিয়ার আবাসিক অঞ্চলের উজ্জ্বলতা ও সৌন্দর্যের পোশাক কে ছিনে নিয়েছেন।

অর্থাৎ আপনার সাহসিকতা ও বীরত্বের নিদর্শন এটাই যে, সিরিয়ার মতো এতবড় শক্তিশালী একটি দেশকে পরাজিত করে ওটাকে বন্যভূমি করে দিয়েছেন, আর ঐ দেশের সৌন্দর্যতার পোশাককে ছিনে ফেলে দিয়েছেন, এখন ওখানের জমিনগুলো নির্জন জনশূন্য ও বন্য হিসেবে পড়ে রয়েছে।

বিশ্লেষণ : أَوْحَشْتَ : মাদ্দা وَحْشٌ, বাবে إِفْعَالٌ থেকে اَلْمَكَانَ জনশূন্য হওয়া, اَلْمَكَانَ জনশূন্য পাওয়া, বন্যতা অনুভব করা। বাবে ض থেকে পলায়নের সময় ভয়ে সামান ইত্যাদি ফেলে দেওয়া। বাবে تَفْعِيل থেকে বন্য করা, নির্জন করা, জনশূন্য করা। বাবে تَفَعُّلٌ থেকে জঙ্গলীর মতো হওয়া, ক্ষুদার কারণে পেট খালি হওয়া, কাপড় ফেলে দেওয়া, বন্য হওয়া, জঙ্গলী হওয়া, নির্জন হওয়া, জনশূন্য হওয়া, اَلْمَكَانُ বন্য হওয়া। বাবে إِسْتِفْعَالٌ থেকে বন্যতা অনুভব করা, নির্জন হওয়া, অভাব অনুভব করা, অপছন্দ করা, ভীত হওয়া।

اَلْوَحْشُ বন্যজন্তু, বন্যপশু, দানব, বহুবচন وُحُوشٌ। اَلْوَحْشَةُ একাকীত্ব, জনমানবশুন্যতা, বন্যতা, নিঃসঙ্গতা, অভিনবত্ব, শীতলতা, বিষাদ। اَلْوَحْشَانُ চিন্তিত, বহুবচন وَحَاشَى। وَحْشِيٌّ - বন্য, জঙ্গলী, বর্বর, নৃশংস, পাশবিক, হিংস্র।

صيغه سَلَبْتَ বাবে ن থেকে سَلْبًا-م লুট করা, অপহরণ করা, লুট করা, ছিনতাই করা, صفت سَالِبٌ বহুবচন سَالِبُونَ ও سُلَّابٌ। বাবে س থেকে سَلَبًا-م শোকের বস্ত্র পরিধান করা। বাবে إِنْفِعَالٌ থেকে অনেক দ্রুত চলা।

سَلْبٌ লুন্ঠন, লুট, অপহরণ, ছিনতাই। سَلَبٌ লুটের মাল, লুণ্ঠিত দ্রব্য, জবাইকৃত পশুর পা, চামড়া, ভুঁড়ি ইত্যাদি। سَلِيبٌ বুদ্ধিহারা, বিবেকহারা, কিংবা সম্পদ হারা, বহুবচন سَلْبَى। أُسْلُوبٌ পদ্ধতি, রাস্তা, অভ্যাস, নীতি, বহুবচন أَسَالِيبُ।

رُبُوعُهَا - رُبُوعٌ - رِبَاعٌ - أَرْبُعٌ - أَرْبَاعٌ বহুবচন, একবচন, رَبْعٌ ঘর, ঘরের আশেপাশের স্থান, আবাস, বাসস্থান, অঞ্চল, এলাকা, হেমন্তকাল অতিবাহিতের স্থান, মানুষের জামাআত, লাশ। رُبْعٌ ও رُبُعٌ এক-চতুর্থাংশ, চার ভাগের একভাগ, বহুবচন أَرْبَاعٌ।

বাবে ف থেকে م - رَبْعًا অপেক্ষা করা, থেমে যাওয়া, بصله بِالْمَكَانِ অবস্থান করা, بصله عَنْ বিরত থাকা, بصله عَلَيْهِ মেহেরবানী করা, দয়া করা। বাবে تفعيل থেকে চার কোনো বিশিষ্ট করা। বাবে إفعال থেকে চতুর্থ বৎসরে প্রবেশ করা। বাবে تَفَعُّلْ থেকে আসন করে বসা।

তারকীব : وَ হরফে عطف ,قَدْ أَوْحَشْتَ - فعل যমীর أَنْتَ-فاعل, أَرْضَ الشَّامِ মুযাফ-মুযাফ ইলাই হয়ে مفعول فيه, حَتّٰى হরফে জার, (ان-مصدرية মাহ্যূফ) سَلَبْتَ-فعل যমীর, أَنْتَ - فاعل, رُبُوعَهَا মুযাফ-মুযাফ ইলাই মিলে مفعول به اول, ثَوْبَ الْبَهَاءِ মুযাফ-মুযাফ ইলাই মিলে مفعول به ثانى। سَلَبْتَ - فعل তার فاعل ও উভয় مفعول به-কে নিয়ে جمله فعليه হয়ে بتاويل مفرد মাজরূর, জার-মাজরূর মিলে قَدْ أَوْحَشْتَ ফে'লের সাথে متعلق। فعل তার فاعل ও مفعول فيه এবং متعلق-কে নিয়ে جمله فعليه হয়ে معطوف।

١٥١- تَنَفَّسُ وَالْعَوَاصِمُ مِنْكَ عَشْرٌ * فَيُعْرَفُ طِيْبُ ذٰلِكَ فِي الْهَوَاءِ

অর্থ : আপনি শ্বাসপ্রশ্বাস নিচ্ছেন অথচ আওয়াসিম এলাকা আপনা থেকে দশদিনের দূরত্বে রয়েছে -এতদসত্ত্বেও আপনার শ্বাস-নিশ্বাসের সুগন্ধ বাতাসে অনুভব করা যাচ্ছে।

অর্থাৎ কবি তার প্রশংসিত ব্যক্তি সাইফুদ্দৌলার প্রশংসায় এ কবিতায় বলেছে যে, আপনি তো রাজধানীতে অবস্থান করছেন ও শ্বাসপ্রশ্বাস নিচ্ছেন, আপনার শ্বাস-নিশ্বাস থেকে যে সুগন্ধ ছড়াচ্ছে -তা হলব-ইন্তাকিয়া ইত্যাদির বাসিন্দারাও অনুভব করতে পারছে। অথচ হলব ইন্তাকিয়া আপনার অবস্থান থেকে দশ দিনের দূরত্বে অবস্থিত।

বিশ্লেষণ: طِيبٌ সন্তোষ, সন্তুষ্টি, আনন্দ, খুশি, হালাল, সুবাস, সুগন্ধ, সুরভি, বহুবচন أَطْيَابٌ ও طُيُوبٌ। طَابَةٌ শরাব, মদীনা মুনাওয়ারার উপাধি। طِيبَةٌ হালাল, খুশি। طَيَّابٌ অনেক বেশি পবিত্র। طُوبٰى সুসংবাদ, শুভ সংবাদ, সুখ, আশীর্বাদ। طَابٌ সুস্বাদু, মজাদার। طَيِّبٌ - طَيِّبَةٌ ভাল, উত্তম, সেরা, সুন্দর, বেশ, পবিত্র,পরিচ্ছন্ন, সুস্বাদু। বাবে ض থেকে م - طِيبًا - طَابًا - طِيبَةً ও تَطْيَابًا ভাল হওয়া, সুখী হওয়া, সুস্বাদু হওয়া, মিষ্টি হওয়া,আনন্দিত হওয়া, উত্তম হওয়া। বাবে تفعيل থেকে ভাল করা, সুন্দর করা, সুবাসিত করা, সুরভিত করা, সুগন্ধ ব্যবহার করা, সান্ত্বনা দেওয়া। বাবে إفعال থেকে ভাল করা, ভাল পাওয়া, মিষ্টি কথা বলা। বাবে مُفَاعَلَه থেকে হাসি ঠাট্টা করা, খেলাধুলা করা। বাবে تَفَعُّلْ থেকে সুগন্ধী ব্যবহার করা। বাবে إِسْتِفْعَالْ থেকে মিষ্টি পানি চাওয়া, উত্তম পাওয়া।

তারকীব : تَنَفَّسُ - فعل যমীর أَنْتَ - ذو الحال, وَ - حاليه, الْعَوَاصِمُ মুব্‌তাদা, مِنْكَ জার -মাজরূর মিলে مَسِيْرَةً শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে فعل তার متعلق-কে নিয়ে শিবহে جمله হয়ে صفت - عَشْرٌ ,موصوف ও صفت মিলে خبر, مبتدأ ও خبر মিলে مُفَسَّرٌ। فاء - تفسيرية, يُعْرَفُ-فعل, طِيْبُ ذٰلِكَ মুযাফ-মুযাফ ইলাই মিলে নায়েবে فاعل, فِي الْهَوَاءِ - জার -মাজরূর মিলে ফে'লের সাথে متعلق। فعل তার নায়েবে فاعل ও متعلق-কে নিয়ে جمله فعليه হয়ে مُفَسِّرٌ। مُفَسَّرٌ ও مُفَسِّرٌ মিলে حال, ذو الحال ও حال মিলে فاعل, تَنَفَّسُ - فعل তার فاعل-কে নিয়ে جمله فعليه।

وَقَالَ يَهْجُو السَّامِرِيَّ

এবং মুতানাব্বী সামিরী'র কুৎসা বর্ণনা করে বলেছে :

١٥٢- أَسَامِرِيُّ ضُحْكَةَ كُلِّ رَاءٍ * فَطِنْتَ وَأَنْتَ أَغْبَى الْأَغْبِيَاءِ

١٥٣- صَغُرْتَ عَنِ الْمَدِيحِ فَقُلْتَ أُهْجَى * كَأَنَّكَ مَاصَغُرْتَ عَنِ الْهِجَاءِ

١٥٤- وَمَا فَكَّرْتُ قَبْلَكَ فِي مُحَالٍ * وَلَا جَرَّبْتُ سَيْفِي فِي هَبَاءِ

١٥٢- أَسَامِرِيُّ ضُحْكَةَ كُلِّ رَاءٍ * فَطِنْتَ وَأَنْتَ أَغْبَى الْأَغْبِيَاءِ

অর্থ : হে সামিরী! তুমি তো প্রত্যেক দর্শকের দৃষ্টিতে হাসির পাত্র, তুমি কি আমার কবিতাগুলোর মর্মার্থ বুঝতে পেরেছ? অথচ তুমি নির্বোধ লোকদের চেয়ে বড় নির্বোধ।

অর্থাৎ আমার কবিতাগুলোর মর্মার্থ বুঝা জ্ঞানী লোকের কাজ, আর তুমি সামিরী একেবারে অজ্ঞ, নির্বোধ ও হাবা, তুমি যদি মনে করে থাকো যে, আমার কবিতাসমূহের মর্মার্থ তুমি বুঝে গেছ, তবে এটা তোমার বোকামি বৈ কিছু নয়, কেননা তুমি অন্যান্য হাবাদের চেয়েও বড় হাবা, তুমি কি করে কবিতা বুঝবে?

বিশ্লেষণ : سَامِرِيُّ -কে নিসবত করা হয়েছে سَامِرِيُّ -এর দিকে, سَامَرِّيّ বাগদাদের নিকটবর্তী একটি শহরের নাম, এ শহরটি তৈরি করেছেন খলীফা মু'তাসিম বিল্লাহ, যখন এ শহর নির্মাণের কাজ আরম্ভ করেছেন, তখন তার সৈন্যরা এ কাজকে অত্যন্ত কঠিন মনে করে বলেছিল سَاءَ مَنْ رَأَى (মন্দ হোক যে এ শহরকে দেখবে), পরে যখন স্বয়ং মু'তাসিম বিল্লাহ এ শহরে চলে আসেন, তখন শহরবাসী সকলে আনন্দে উল্লাসে বলতে লাগল سُرَّ مَنْ رَأَى (শুভ ও আনন্দ হোক যে এ শহরকে দেখবে), পরে এ বছরই. سَاءَ مَنْ رَأَى এবং سُرَّ مَنْ رَأَى উভয় বাক্যকে পরিবর্তন করে سَامَرِّيّ বলা হয়েছে। কুরআন পাকে যে سَامِرِيّ -এর কথা বলা হয়েছে ঐ سَامِرِيّ এখানে উদ্দেশ্য নয়।

তারকীব : أَ হরফে নেদা, سَامِرِيُّ মুনাদা হয়ে متبوع . ضُحْكَةَ -এর পূর্বে يا হরফে নেদা-মাহ্‌যূফ, ضحكة মুনাদা মুযাফ, كُلِّ মুযাফ ইলাই মুযাফ, رَاءٍ মুযাফ ইলাই, ضُحْكَةَ তার উভয় মুযাফ ইলাহকে নিয়ে মুরাক্কাবে اضافى হয়ে মুনাদা, এ নেদা ও মুনাদা মিলে متبوع। تابع أَغْبَى الْأَغْبِيَاءِ ও تابع মিলে মুব্‌তাদা। فَطِنْتَ ফে'ল, যমীর أَنْتَ যুলহাল, وَ হালিয়া أَنْتَ মুব্‌দাতা, মুরাক্কাবে اضافى হয়ে খবর। মুব্‌তাদা-খবর মিলে জুমলায়ে খবরিয়া হয়ে হাল। যুলহাল ও হাল মিলে জুমলায়ে হালিয়া হয়ে بتاويل মুফরাদ ফায়েল, ফে'ল ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে খবর, মুব্‌তাদা ও খবর মিলে জুমলায়ে খবরিয়া।

١٥٣- صَغُرْتَ عَنِ الْمَدِيحِ فَقُلْتَ أُهْجَى * كَأَنَّكَ مَا صَغُرْتَ عَنِ الْهِجَاءِ

অর্থ : তুমি প্রশংসারযোগ্য থেকে ক্ষুদ্র হয়ে গেছ, আর মনে মনে বল যে, আমার দুর্নাম করা হোক, এখন বলা যেতে পারে যে, তুমি নিজকে দুর্নামের পাত্র থেকে নগণ্য মনে কর না।

অর্থাৎ তোমার এ বিশ্বাস ছিল যে, তোমার মধ্যে এমন কোনো গুণ নেই যার উপর ভিত্তি করে মানুষ তোমার প্রশংসা করবে, এ জন্য তুমি মনে মনে চিন্তা করেছ যে, কমপক্ষে মানুষ যদি তোমার দুর্নাম রটায়, এর দ্বারাও তোমার কিছুটা প্রচার-প্রসার হবে, কিন্তু তোমার এ চিন্তাও ভুল। কেননা, তুমি বদনামের যোগ্যও না, বরং তুমি এর চেয়েও নগণ্য এবং নিকৃষ্ট।

বিশ্লেষণ : صُغُرْتَ - واحد مذكر حاضر - بحث ماضى معروف , বাবে ك ও س থেকে صُغْرَانًا - م ছোট হওয়া, ক্ষুদ্র হওয়া, কমে যাওয়া,হ্রাস পাওয়া। বাবে ك থেকে صِغَرًا - صُغْرًا - صَغَارَةً অপমানিত হওয়া, অপদস্থ হওয়া। বাবে صِغَرًا - صُغْرًا - صَغَارًا ও صَغَارَةً - م থেকে হেয় করা, অবজ্ঞা করা, অপমানিত করা, ছোট করা। বাবে افعال ও تفعيل থেকে ক্ষুদ্র হওয়া, ছোট হওয়া। বাবে تفاعل থেকে ছোট পাওয়া, ছোট মনে করা। استفعال

صِغْرَةً সন্তানদের মধ্যে সবচেয়ে ছোট। صُغْرٌ ও صَغَارٌ অপদস্থ, অত্যাচার, صَغِيرٌ ছোট, ক্ষুদ্র, কনিষ্ঠ, বহুবচন صِغَارٌ ও صُغَرَاءُ - صَغِيرَةٌ ছোট পাপ, ক্ষুদ্র অপরাধ, সগীরা গুনাহ, বহুবচন صَغَائِرُ।

তারকীব : صَغُرْتَ ফে'ল, যমীর اَنْتَ ফায়েল, عَنِ الْمَدِيْحِ জার মাজরূর মিলে ফে'লের সাথে متعلق, ফে'ল তার ফায়েল ও متعلق কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف আলাই। فَاءُ হরফে عطف ، قُلْتَ ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে قول। أُهْجِيْ ফে'লে مجهول, যমীর اَنَا নায়েবে فاعل , ফে'ল তার নায়েবে فاعل -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে قول - مقوله ও مقوله মিলে معطوف ,معطوف আলাই ও معطوف মিলে জুমলায়ে عاطفه হয়ে মুব্‌তাদা।

كَأَنَّكَ - كَأَنَّ হরফে মুশাব্বাহ্ বিল ফে'ল, كَ তার ইস্‌ম। مَاصَغُرْتَ ফে'ল, যমীর اَنْتَ ফায়েল, عَنِ الْهِجَاءِ জার মাজরূর মিলে ফে'লের সাথে متعلق, ফে'ল তার فاعل ও متعلق -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে بتاويل مفرد - كَأَنَّ-এর খবর - كَأَنَّ তার ইস্‌ম ও খবরকে নিয়ে জুমলায়ে ইস্‌মিয়ায়ে খবরিয়া হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে খবরিয়া।

١٥٤- وَمَا فَكَّرْتُ قَبْلَكَ فِيْ مُحَالٍ * وَلَا جَرَّبْتُ سَيْفِيْ فِيْ هَبَاءِ

অর্থ : আর তোমার পূর্বে আমি কখনো নিকৃষ্ট ও মন্দ কাজের ব্যাপারে চিন্তা করি নাই এবং আমার তলোয়ারকে ধূলিকণার উপর পরখ করি নাই।

অর্থাৎ যাকে সমস্ত দুনিয়ার মানুষ মন্দ বলে এবং যে সকলের কাছে দুর্নামের পাত্র, আমার মতো লোক এমন ব্যক্তির ব্যাপারে কোনো চিন্তা করব? আর তোমার ব্যক্তিত্ব ধূলিকণার চেয়ে বেশি না এবং কোনো বুদ্ধিমান লোক ধূলিকণার উপর নিজ তলোয়ার পরখ করে না।

বিশ্লেষণ : فَكَّرْتُ - واحد متكلم - بحث ماضى معروف বাবে افعال - تفعيل ও ض থেকে চিন্তা করা, ধ্যান করা, মনে করা, ধারণা করা।

فِكْرٌ চিন্তা, ধারণা, মত, মতবাদ, বিবেচনা, উদ্বেগ, বহুবচন أَفْكَارٌ - فِكِّيرٌ ও فَيْكَرٌ অনেক চিন্তা ভাবনাকারী। فِكْرَةٌ চিন্তাধারা, মতবাদ, মত, ধারণা, বহুবচন فِكَرٌ ও فِكَرَاتٌ।

তারকীব : وَ হরফে عطف ، مَافَكَّرْتُ ফে'ল, যমীর اَنَا ফায়েল, قَبْلَكَ মুরাক্কাবে اضافى হয়ে مفعول فيه, فِيْ مُحَالٍ জার মাজরূর মিলে ফে'লের সাথে متعلق, ফে'ল তার ফায়েল ও مفعول فيه এবং متعلق -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف عليه, وَ হরফে আত্‌ফ, لَاجَرَّبْتُ ফে'ল, যমীর اَنَا ফায়েল, سَيْفِيْ মুরাক্কাবে اضافى হয়ে مفعول به, فِيْ هَبَاءٍ জার-মাজরূর মিলে ফে'লের সাথে, متعلق, لَا جَرَّبْتُ ফেয়েল তার فاعل ও مفعول به এবং তার متعلق -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف। معطوف عليه ও معطوف মিলে জুমলায়ে عاطفه।

حَرْفُ الْبَاءِ

وَقَالَ وَهُوَ يُسَايِرُهُ اِلَى الرِّقَّةِ وَقَدْ اِشْتَدَّ الْمَطَرُ بِمَوْضَعٍ يُعْرَفُ بِالثُّدْثَيْنِ

অর্থ : এবং মুতানাব্বী সাইফুদ্দৌলার প্রশংসায় বলেছে- এমতাবস্থায় যে, সে সাইফুদৌল্লার সাথে সফর করতে ছিল- রিক্কাহ্‌ নামক স্থানের দিকে, আর মুসলধারে বৃষ্টি হচ্ছিল ঐ স্থানে, যে স্থানটি সুদ্‌সাইন নামে প্রসিদ্ধ।

١٥٥- لِعَيْنِيْ كُلَّ يَوْمٍ مِنْكَ حَظٌّ * تَحَيَّرُ مِنْهُ فِيْ اَمْرٍ عُجَابٍ

١٥٦- حِمَالَةُ ذَا الْحُسَامِ عَلٰى حُسَامٍ * وَمَوْقَعُ ذَا السَّحَابِ عَلٰى سَحَابٍ

١٥٥- لِعَيْنِيْ كُلَّ يَوْمٍ مِنْكَ حَظٌّ * تَحَيَّرُ مِنْهُ فِيْ اَمْرٍ عُجَابٍ

অর্থ : আপনার পক্ষ থেকে প্রত্যহ আমার চোখের জন্য একটি বিশেষ অংশ থাকে – ঐ আশ্চর্যময় ব্যাপারগুলো দেখার কারণে চোখ অস্থির হয়ে যায়।

অর্থাৎ কবি বলে যে, আমার দৃষ্টি যখনই আপনার উপর পড়ে- তো প্রতিবারই-দৈনিকই নিত্য-নতুন স্বাদ ও আনন্দের কিছু পায় এবং আপনার ব্যক্তিত্ব থেকে যা কিছু বিস্ময়কর বস্তু দৃষ্টিতে আসে ওগুলো দেখে চোখ অধির হয়ে পড়ে।

বিশ্লেষণ : حَظٌّ ভাগ, অংশ, ভাগ্য, অদৃষ্ট, সৌভাগ্য, সুখ, প্রাচুর্য, আনুকূল্য, বহুবচন حُظُوْظٌ ও حِظَاظٌ। حَظِيْظٌ ভাগ্যবান, সৌভাগ্যবান, সুখী, حَظِيْظَةٌ - مؤنث। বাবে س থেকে م - حَظًّا ভাগ্যবান হওয়া, ভাগী হওয়া, প্রাচুর্যের অধিকারী হওয়া।

تَحَيَّرُ মাদ্দা حَيْرٌ ، واحد مؤنث غائب ، بحث مضارع معروف, মূলে ছিল تَتَحَيَّرُ একটি তা হযফ করা হয়েছে, বাবে تفعل ও استفعال থেকে হতবুদ্ধি হওয়া, দিশেহারা হওয়া। বাবে س থেকে م حَيْرًا - حَيْرَةً - حَيَرًا ও حَيْرَانًا হতভম্ব হওয়া, হতবুদ্ধি হওয়া, রাস্তা হারানো। বাবে تفعيل থেকে-দিশেহারা করা, হতবুদ্ধি করা।

حَيْرَانٌ-এর مؤنث حَيْرٰى হতবুদ্ধি, হতভম্ব, দিশেহারা, কিংকর্তব্যবিমূঢ়, বহুবচন حَيَارٰى।

তারকীব : لِعَيْنِيْ -لام হরফে জার, عَيْنِيْ মুরাক্কাবে اضافى হয়ে মাজরূর, জার-মাজরূর মিলে حاصل শিবহে ফে'লের সাথে متعلق হয়ে خبر মুকাদ্দাম। مِنْكَ জার মাজরূর মিলে شبه فعل শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল তার متعلق-কে নিয়ে শিবহে জুমলা হয়ে مصدر - حظ। موصوف ফে'ল, যমীর هِيَ ফায়েল (راجع - عَيْنِيْ-এর দিকে) مِنْ হরফে জার, ةُ মাজরূর (راجع - حَظٌّ-এর দিকে) জার-মাজরূর মিলে تَحَيَّرُ ফে'লের সাথে متعلق اول, فِيْ হরফে জার, اَمْرٍعُجَابٍ মুরাক্কাবে توصيفى হয়ে মাজরূর, জার-মাজরূর মিলে تَحَيَّرُ ফে'লের সাথে متعلق ثانى, تحير ফে'ল তার ফায়েল ও উভয় متعلق-কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে خبر। صفت - بتاويل مفرد। সিফত ও موصوف মিলে মুরাক্কাবে توصيفى হয়ে মুবতাদায়ে مؤخر। মুবতাদায়ে مؤخر মিলে জুমলায়ে খবরিয়া হয়ে মাজরূফ। كُلَّ يَوْمٍ মরাক্কাবে اضافى ও মুবতাদায়ে مقدم -এ-

হয়ে ثَابِتٌ শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল তার متعلق -কে নিয়ে শিবহে জুমলা হয়ে ظرف। যরফ-মাজরূফ মিলে জুমলায়ে ظرفيه।

١٥٦- حِمَالَةُ ذَا الْحُسَامِ عَلَى حُسَامٍ * وَمَوْقِعُ ذَا السَّحَابِ عَلَى سَحَابٍ

অর্থ : ঐ তলোয়ারের বোঝা তলোয়ারের উপর এবং ঐ মেঘের বর্ষণের স্থান মেঘের উপর।

অর্থাৎ প্রথম حُسَامِ অর্থ- তলোয়ার, দ্বিতীয় حُسَامِ অর্থ- সাইফুদ্দৌলা, প্রথম سَحَابِ

অর্থ : আকাশের মেঘ, দ্বিতীয় سَحَابِ অর্থ- সাইফুদ্দৌলা।

কবি বলে যে, আশ্চর্যময় ব্যাপার হচ্ছে- সাইফুদ্দৌলা স্বয়ং তলোয়ার, আর তাঁর কাঁধে ঝুলছে অন্য এক তলোয়ার, তো এর দ্বারা এক তলোয়ারের বোঝা আর এক তলোয়ারের উপর হচ্ছে, এটা অবশ্যই বিস্ময়কর ব্যাপার। আর এমনিভাবে সাইফুদ্দৌলা স্বয়ং দান ও বখ্‌শিশের মেঘ, আর তাঁর উপর আকাশের উড়ন্ত মেঘ বর্ষিত হচ্ছে, তো এর দ্বারা এক মেঘের বর্ষণ আর এক মেঘের উপর হচ্ছে, এটাও আর একটি বিস্ময়কর ব্যাপার।

বিশ্লেষণ : حِمَالَةٌ ও حَمِيْلَةٌ বলা হয় তলোয়ারের খাপে চামড়ার দ্বারা ফিতার ন্যায় লাগানো হয়, যা দ্বারা তলোয়ার কাঁধে ঝুলানো যায়, বোঝ বহন, কুলিগিরি, মুটের কাজ, বহুবচন حَمَائِلُ। حَمَّالَةٌ খুঁটি, স্তম্ভ, ঠেকনা, বন্ধনী, বহুবচন حَمَّالَاتٌ। حَمَّالٌ-এর حَمَّالَةُ مؤنث অর্থ- বোঝ বহনকারী, ভারবাহী, কুলি, মুটে, বাহক। حَمَّالَةُ الصَّدْرِ বক্ষবন্ধনী, ব্রেসিয়ার। حَمَالٌ ভর্তুকী, জরিমানা, বহবচন حُمُلٌ। حِمْلٌ বোঝ, বহুবচন أَحْمَالٌ ও حُمُوْلَةٌ حَمْلٌ পেটের বাচ্চা, ফল, বহুবচন حِمَالٌ - أَحْمَالٌ ও حُمُوْلٌ।

বাবে ض থেকে م - حَمْلًا ও حُمْلَانًا উঠানো, বহন করা, পোষণ করা, ধারণ করা, সহ্য করা, উত্তেজিত করা। اَلْمَرْأَةُ হামেলা হওয়া, গর্ভিতা হওয়া, م - حَمْلَةً আক্রমণ করা। বাবে تفعيل থেকে বোঝা চাপিয়ে দেওয়া, দায়িত্ব অর্পণ করা। বাবে تفعل থেকে উঠানো, সহ্য করা। বাবে تفاعل থেকে بصله فِى الْاَمْرِ কষ্টকর হওয়া সত্ত্বেও নিজ জিম্মায় নেওয়া, بصله عَلَى জুলুম করা, ক্ষমতার অধিক কাজের কথা বলা। বাবে انفعال থেকে উত্তেজিত হওয়া। বাবে افتعال থেকে উঠানো, বহন করা। বাবে استفعال থেকে বহনের ক্ষমতা রাখা।

اَلْحُسَامُ কর্তনকারী তরবারি, حُسَامُ السَّيْفِ তলোয়ারের ধার। حُسُوْمٌ অশুভ, বরকতহীন। বাবে ض থেকে م - حَسْمًا মূল থেকে কর্তন করা, সমাপ্ত করা, সিদ্ধান্ত করা, নিষেধ করা। বাবে انفعال থেকে মূল থেকে কেটে যাওয়া।

مَوْقِعٌ - واحد مذكر - بحث اسم ظرف, পতিত হওয়ার স্থান, বহুবচন مَوَاقِعُ। বাবে ف থেকে م - وُقُوْعًا পড়া, ঘটা, সংঘটিত হওয়া, প্রতিপন্ন হওয়া, পতিত হওয়া, অবস্থিত হওয়া, বসা। বাবে س থেকে م - وَقَعًا নাঙ্গা পা হওয়া, খালি পা হওয়া, শক্তজমিন বা পাথরের উপর হাঁটার কারণে পায়ে ব্যথা হওয়া। বাবে تفعيل থেকে ঘটানো, সংঘটিত করা, নামিয়ে আনা, পতিত করা পড়তে

দেওয়া, সম্পন্ন করা, কার্যকর করা, بصله عَلٰى স্বাক্ষর করা, আরোপ করা, প্রয়োগ করা, নথিভুক্ত করা। বাবে مفاعله থেকে যুদ্ধ করা। বাবে افعال থেকে পতিত করা, বাস্তবায়িত করা। বাবে تفعل থেকে লাভের আশা রাখা। বাবে تفاعل থেকে একে অপরের উপর আক্রমণ করা। বাবে استفعال থেকে হাসেল হওয়ার আশা রাখা।

وَقَعٌ পতন, সংঘটন, আঘাত, ছাপ। وَقْعَةٌ পতন, সংঘটন পতনের শব্দ, আঘাত, আক্রমণ। وُقُوعٌ সংঘটন, অবস্থান, উপবেশন। وَقِيْعَةٌ ঘটনা, যুদ্ধ, আঘাত, আক্রমণ, কুৎসা, গর্ত। وَقَّاعٌ ও وَقَّاعَةٌ মানুষের গিবতকারী। مِيْقَعَةٌ হাতুড়া, বহুবচন مَوَاقِعُ।

তারকীব : حِمَالَةُ মুযাফ, ذَا الْحُسَامِ ইসমে اشاره ও মুশারুন ইলাই মিলে মুযাফ ইলাই, মুযাফ-মুযাফ ইলাই মিলে মুরাক্কাবে اضافى হয়ে মুব্‌তাদা। عَلٰى হরফে জার, حُسَامٍ মাজরূর, জার-মাজরূর মিলে মাহ্‌যূফ ثَابِتٌ শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল তার متعلق কে নিয়ে শিবহে জুমলা হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়ায়ে খবরিয়া হয়ে معطوف আলাই। وَ হরফে عطف, مَوْقَعُ মুযাফ, ذَا السَّحَابِ ইসমে ইশারা ও মুশারুন ইলাই মিলে মুযাফ ইলাই। মুযাফ ও মুযাফ ইলাহ মিলে মুবতাদা। عَلٰى হরফে জার, سَحَابٍ মাজরূর, জার-মাজরূর মিলে ثَابِتٌ মাহযূফ শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল তার متعلق কে নিয়ে শিবহে জুমলা হয়ে খবর। মুব্‌তাদা-খবর মিলে জুমলায়ে ইসমিয়ায়ে খবরিয়া হয়ে معطوف। মা'তূফ আলাই ও معطوف মিলে জুমলায়ে عاطفه।

وَ زَادَ الْمَطَرُ فَقَالَ

এবং বৃষ্টি আরো বেড়েছে, অতঃপর মুতানাব্বী বলেছে:

١٥٧- تَجِفُّ الْاَرْضُ مِنْ هٰذَا الرَّبَابِ * وَيَخْلُقُ مَا كَسَاهَا مِنْ ثِيَابِ

١٥٨- وَمَا يَنْفَكُّ مِنْكَ الدَّهْرُ رَطْبًا * وَلَا يَنْفَكُّ غَيْثُكَ فِى انْسِكَابِ

١٥٩- تُسَايِرُكَ السَّوَارِىْ وَالْغَوَادِىْ * مُسَايَرَةَ الْاَحِبَّاءِ الطِّرَابِ

١٦٠- تُفِيْدُ الْجُوْدَ مِنْكَ فَتَحْتَذِيْهِ * وَتَعْجِزُ عَنْ خَلَائِقِكَ الْعِذَابِ

١٥٧- تَجِفُّ الْاَرْضُ مِنْ هٰذَا الرَّبَابِ * وَيَخْلُقُ مَا كَسَاهَا مِنْ ثِيَابِ

অর্থ : এ সাদা মেঘ থেকে জমিন‌‌-শুষ্ক হয়ে যায় এবং এ সাদা মেঘ জমিনকে যে পোশাক পরিধান করায়- সে পোশাক পুরাতন হয়ে যায়।

অর্থাৎ বর্ষা মৌসুমে বৃষ্টি হয় এবং এ বৃষ্টির কারণে জমিন-ঘাস এবং বিভিন্ন তরুলতা ও বৃক্ষে সবুজ হয়ে ওঠে, স্থানে-স্থানে পানি জমাও হয়ে থাকে, কিন্তু বর্ষাকাল চলে যাওয়ার সাথে সাথে জমিন শুষ্ক হয়ে তার সবুজ পোশাক বিলীন হয়ে যায়।

বিশ্লেষণ : تَجِفُّ - واحد مؤنث غائب - بحث مضارع معروف বাবে ض থেকে م - جَفَافًا ও جُفُوْفًا শুষ্ক হওয়া, শুকিয়ে যাওয়া। বাবে ن থেকে م - جَفًّا - اَلْمَالَ মাল জমা করে নিয়ে চলে যাওয়া। বাবে تفعيل থেকে শুষ্ক করা। বাবে تفعل থেকে শুকিয়ে যাওয়া। جَفٌّ - جَفَّةٌ - جُفٌّ ও جُفَّةٌ মানুষের জামাআত, লোকের সমাবেশ। جُفَافٌ শুষ্ক বস্তু।

اَلرَّبَابِ এক প্রকার বাদ্যযন্ত্র, সাদা মেঘ, সাদা আবর। اَلرِّبَابُ অঙ্গীকার, দশ দশজন মানুষের দল। رَابٌّ সতালো বাপ, رَابَّةٌ সতালো মা। رُبَّانٌ মাঝিদের সরদার। رَبُوْبٌ ও رَبِيْبٌ পালক ছেলে, সৎপুত্র, পালক পিতা, মিত্র, বহুবচন اَرِبَّاءُ। رِبًى সুদ, কুদীস, বৃদ্ধি। رِبِّىٌّ আল্লাহ ওয়ালা, খোদাভক্ত, ধার্মিক, বড় সংখ্যা, বহুবচন رِبِّيُّوْنَ। رَبِيْبَةٌ দাই মা, পালক মেয়ে, সৎমা, পালক মাতা, বান্ধবী, মিত্রা, বহুবচন رَبَائِبُ। رَبَّةٌ দেবী, বড় ঘর, সম্রাজ্ঞী। رَبٌّ মালিক, সরদার, সংশোধনকারী, লালন-পালনকারী, আল্লাহ তা'আলার নাম।

বাবে ن থেকে م - رَبًّا প্রভু হওয়া, মালিক হওয়া, কর্তৃত্ব করা, নিয়ন্ত্রণ করা, লালন-পালন করা, প্রতিপালন করা, পরিপূর্ণ ইহসান করা। বাবে تفعيل থেকে লালন-পালন করা, প্রতিপালন করা, পোষা, বড় করা, শিক্ষা দেওয়া। বাবে افعال থেকে নিকটস্থ হওয়া, অবস্থান করা। বাবে تفعل থেকে সমবেত হওয়া, একত্রিত হওয়া, اَلصَّبِىَّ শিশুকে বালেগ হওয়া পর্যন্ত প্রতিপালন করা।

يَخْلُقُ - واحد مذكر غائب - بحث مضارع معروف বাবে ن - س ও ك থেকে م - خُلُوْقَةً ও خَلَقًا - اَلثَّوْبَ পুরানো হওয়া, পুরাতন হওয়া, জীর্ণ হওয়া। বাবে ك থেকে م - خَلَاقَةً যোগ্য হওয়া, উপযুক্ত হওয়া, উপযোগী হওয়া, যথাযথ হওয়া। বাবে ن থেকে م - خَلْقًا ও خَلْقَةً সৃষ্টি করা, তৈরি করা, গঠন করা, গড়া। বাবে تفعيل থেকে সুসজ্জিত করা, সমতল করা। বাবে مفاعله থেকে সৎব্যবহারের সাথে জীবন যাপন করা। বাবে افعال থেকে পুরানো করা, পুরাতন করা।

خَلْقٌ সৃষ্টি, সৃষ্টিজীব, মানুষ, গঠন, আকৃতি। خُلُقٌ ও خُلْقٌ চরিত্র, স্বভাব, প্রকৃতি, নৈতিকতা, নীতি, আচরণ, বহুবচন اَخْلَاقٌ। خُلُقِيٌّ ও خُلُقِيَّةٌ চারিত্রিক, নৈতিক, নীতিশাস্ত্রীয়। خِلْقَةٌ প্রকৃতি, জন্মগত স্বভাব, চরিত্র, বাহ্যিক আকৃতি, গঠন, বহুবচন خِلَقٌ। خِلْقَةً জন্মগত স্বভাবে, স্বভাবগতভাবে। خَلَقٌ পুরাতন, বহুবচন اَخْلَاقٌ ও خُلْقَانٌ। خَلَاقٌ ও خَلُوْقٌ একপ্রকার সুগন্ধী। خَلِيْقٌ যোগ্য, উপযুক্ত, বহুবচন خُلَقَاءُ ও خُلُقٌ।

كَسَا বাবে ن থেকে كَسْوًا - م এবং বাবে افعال থেকে اَلثَّوْبَ। পোশাক পরানো কাপড় পরিধান করানো। বাবে س থেকে - م - كَسًا পরা, পোশাক পরা, কাপড় পরিধান করা। বাবে س থেকে كَسَاءً - م বুজুর্গ হওয়া, সম্মানিত, হওয়া। বাবে تفعل থেকে পরিধান করা, গায়ে দেওয়া। বাবে مفاعله থেকে ফখর করা, অহঙ্কার করা। বাবে افتعال থেকে পোশাক পরিধান করা। বাবে استفعال থেকে কারো কাছে পোশাক চাওয়া। كِسَاءٌ পোশাক, পরিচ্ছদ, পরিধেয়, কাপড়, কম্বল, বহুবচন اَكْسِيَةٌ। كُسْوَةٌ ও كِسْوَةٌ পরিচ্ছদ, পরিধেয়, বস্ত্র, উর্দি, আচ্ছাদন পোশাক, বহুবচন كُسًى ও كِسًى।

তরকীব : تَجِفُّ ফে'ল اَلْاَرْضُ ফায়েল مِنْ হরফে জার هٰذَا ইস্‌মে ইশারা, اَلرَّبَابِ মুশারুন ইলাই, ইস্‌মে ইশারা ও مشار اليه মিলে মাজরূর, জার-মাজরূর মিলে متعلق ফে'লের সাথে, ফে'ল তার ফায়েল ও متعلق-কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف আলাই। وَ হরফে আত্‌ফ, يَخْلُقُ ফে'ল, مَا ইস্‌মে موصول - كَسَا ফে'ল যমীর هُوَ ফায়েল (راجع - مَا ইসমে موصول-এর দিকে) هَا যমীর مفعول به (راجع - اَلْاَرْضُ-এর দিকে) مِنْ ثِيَابٍ জার-মাজরূর মিলে متعلق - كَسَا ফে'লের সাথে, ফে'ল তার যমীর هُوَ ফায়েল هَا যমীর মাফ্‌উলে বিহী ও متعلق-কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف। معطوف ও معطوف আলাই মিলে জুমলায়ে عاطفه।

১৫৮- وَمَا يَنْفَكُّ مِنْكَ الدَّهْرُ رَطْبًا * وَلَا يَنْفَكُّ غَيْثُكَ فِى انْسِكَابِ

অর্থ : এবং তোমার দ্বারা জমানা সর্বদা সজীব থাকে, আর তোমার মেঘ সর্বদা বর্ষিত হতে থাকে।

অর্থাৎ আকাশের মেঘ সর্বদা বর্ষিত হয় না, কিন্তু আপনার দান-খয়রাত ও বখ্‌শিশের বৃষ্টি সর্বদা বর্ষিত হতে থাকে, যে কারণে আপনার বৃষ্টি দ্বারা জমানা সর্বদাই তাজা ও সজীব থাকে। আকাশের বৃষ্টি দ্বারা জমানা শুধু বর্ষার মৌসুমে তাজা ও সজীব থাকে-বর্ষাকাল চলে গেলে জমানা শুষ্ক হয়ে যায়। তাই আকাশের মেঘে জমিন সর্বদা সজীব থাকে না, কিন্তু আপনার মেঘে জমিন সর্বদা সজীব থাকে। অতএব আপনার মেঘ-আকাশের মেঘের চেয়ে উত্তম।

বিশ্লেষণ : يَنْفَكُّ মাদ্দা فَكٌّ, বাবে انفعال থেকে বিচ্ছিন্ন হওয়া, আলগা হওয়া, খুলে যাওয়া, মুক্ত হওয়া, مَا يَنْفَكُّ বিচ্ছিন্ন না হওয়া, সর্বদা থাকা। বাবে ن থেকে فَكًّا - م ও فِكَاكًا। বিচ্ছিন্ন করা, পৃথক করা, জুদা করা, আলগা করা, খোলা, মুক্ত করা, মুক্তি দেওয়া। বাবে س থেকে فَكَّةً ও فَكًّا এবং বাবে افتعال থেকে اَلرَّهْنَ বন্ধক ছাড়ানো। বাবে ن ও س থেকে فُكُوْكًا ও فَكًّا - م দুর্বল হওয়া, বুদ্ধিহীন হওয়া, বেকুব হওয়া। বাবে تفعيل থেকে পৃথক পৃথক করা, ছাড়িয়ে দেওয়া। বাবে تفعل থেকে পৃথক হওয়া, বিচ্ছিন্ন হওয়া। বাবে استفعال থেকে মুক্তি চাওয়া।

فَكٌّ চোয়াল, হনু, বহুবচন فُكُوْكٌ। فَكَّةٌ (টাকার) ভাংতি।

رَطْبًا ও رَطِبًا সিক্ত, আর্দ্র, ভিজা, সরস, সতেজ, তাজা। বাবে ن থেকে رَطَابَةً - م (খেজুর) পাকা ও তাজা হওয়া। বাবে ك ও س থেকে م - رَطَابَةً ও رُطُوبَةً সিক্ত হওয়া, আর্দ্র হওয়া, সজীব হওয়া। বাবে تفعيل ও افعال থেকে সিক্ত করা, ভিজানো, সতেজ করা। বাবে تفعل থেকে ভিজা হওয়া।

رُطَبٌ তাজা খেজুর, পাকা খেজুর, বহুবচন رِطَابٌ ও أَرْطَابٌ। رُطُوبَةٌ সিক্ততা, আর্দ্রতা, সজীবতা।

غَيْثٌ - غَيْثُكَ বৃষ্টি, বর্ষণ, মেঘ, বহুবচন غُيُوثٌ। বাবে ض থেকে م - غَيْثًا বৃষ্টি দেওয়া, বর্ষাসিক্ত করা, সাহায্য করা। বাবে تفعل থেকে اَلْبَعِيْرُ উট মোটা তাজা হওয়া।

اِنْسِكَابٌ - انفعال -এর مصدر ও বাবে ن থেকে سُكُوْبًا প্রবাহিত হওয়া, ঝরা। বাবে ن থেকে م- سَكْبًا ও تَسْكَابًا ঢালা, ঝরানো, ঢালাই করা। বাবে تفاعل থেকে প্রবাহিত হওয়া।

اَلسَّكْبُ বিরতিহীন বৃষ্টি, অনবরত বৃষ্টি, লাগাতার বৃষ্টি। اَلسَّكْبُ তামা বা সীসা। اَلْاُسْكُبَّةُ চৌখাট।

তারকীব : وَ হরফে عطف، مَا يَنْفَكُّ ফে'ল, مِنْكَ জার মাজরূর মিলে ফে'লের সাথে متعلق ও مميز - الدَّهْرُ، مميز رُطَبًا তমঈয, তমঈয ও مميز মিলে ফায়েল, ফে'ল তার متعلق ও ফায়েলকে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف আলাই। وَ হরফে عطف، لَا يَنْفَكُّ ফে'ল, غَيْثٌ ও শিবহে ফে'ল, فِي انْسِكَابٍ জার ও মাজরূর মিলে مصدر শিবহে ফে'লের সাথে متعلق, مصدر শিবহে ফে'ল তার متعلق কে নিয়ে শিবা জুমলা হয়ে مضاف، كَ মুযাফ ইলাই, مضاف ও মুযাফ ইলাই মিলে মুরাক্কাবে اضافى হয়ে لَا يَنْفَكُّ ফে'লের فاعل, ফে'ল-ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف। معطوف ও معطوف আলাই মিলে জুমলায়ে عاطفه।

১৫৯- تُسَايِرُكَ السَّوَارِىْ وَالْغَوَادِىْ * مُسَايَرَةَ الْاَحِبَّاءِ الطِّرَابِ

অর্থ : সকাল ও সন্ধ্যার মেঘসমূহ আপনার সাথে সাথে চলে, আনন্দিত বন্ধুদের চলার ন্যায়। **অর্থাৎ** যেমনিভাবে বিনা সংকুচে বন্ধুগণ একে অপরের সাথে মিলে চলে, তেমনিভাবে সকাল ও সন্ধ্যার মেঘ আপনার সাথে মিলে একসাথে চলে।

বিশ্লেষণ : اَلسَّوَارِىْ বহুবচন একবচন سَارِيَةٌ, বাবে ض থেকে م - سِرَايَةً - سَرَيَانًا - مَسْرًى - سُرًى - سَرْيَةً - سُرْيَةً ও বাবে افتعال এবং افعال থেকে নৈশ ভ্রমণ করা, চলা, ভ্রমণ করা, সংক্রমিত হওয়া। বাবে تفعيل থেকে কারো দুশ্চিন্তাকে দূর করা। বাবে تفاعل থেকে একসাথে রাত্রে চলা। এখানে اَلسَّوَارِىْ দ্বারা উদ্দেশ্য রাতে চলা-চলকারী মেঘ বা আবর।

اَلْغَوَادِىْ বহুবচন একবচন غَادِيَةٌ এখানে উদ্দেশ্য প্রত্যুষে চলা-চলকারী মেঘ বা বৃষ্টি।

اَلطِّرَابُ বহুবচন, একবচন صيغه صفت - طَرِبٌ, এর مؤنث - طَرِبَةٌ উৎফুল্ল, প্রফুল্ল, উল্লসিত, আনন্দে মাতোয়ারা। বাবে س থেকে م - طَرَبًا উল্লসিত হওয়া, প্রফুল্ল হওয়া, আনন্দে মাতোয়ারা হওয়া। বাবে تفعيل থেকে গান গাওয়া। বাবে تفعيل ও افعال এবং تفعل থেকে আনন্দের উপর উৎসাহিত করা। বাবে استفعال থেকে অনেক আনন্দিত হওয়া।

طَرَبٌ আনন্দ, উল্লাস, বিনোদন, বহুবচন اَطْرَابٌ।

তারকীব : تُسَايِرُ ফে'ল, كَ মাফ্‌উলে বিহী, اَلسَّوَارِيْ وَالْغَوَادِيْ মা'তূফ আলাই ও মা'তূফ মিলে فاعل, مُسَايَرَةَ - مضاف - اَلْاَحِبَّاءِ - موصوف, اَلطِّرَابِ সিফত, সিফত ও মউসূফ মিলে মুরাক্কাবে توصيفى হয়ে মুযাফ ইলাই, মুযাফ-মুযাফ ইলাই মিলে মুরাক্কাবে اضافى হয়ে মাফ্‌উলে مطلق। ফে'ল তার فاعل ও মাউফলে বিহী এবং مفعول مطلق -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া।

১৬০- تُفِيْدُ الْجُوْدَ مِنْكَ فَتَحْتَذِيْهِ * وَتَعْجِزُ عَنْ خَلَائِقِكَ الْعِذَابِ

অর্থ : আপনার কাছ থেকে দান-বখ্‌শিশ লাভ করে-পরবর্তী সময়ে তার অনুকরণ করে, আর আপনার সুমিষ্টি আখ্‌লাক থেকে অক্ষম থাকে।

অর্থাৎ মেঘ বা আবর আপনার কাছ থেকে দান ও বখ্‌শিশের ছবক গ্রহণ করে স্বয়ং দান-বখ্‌শিশ করা আরম্ভ করে বটে, কিন্তু আপনার যে চিত্তাকর্ষক ও উত্তম চরিত্র রয়েছে–এর অনুকরণ করতে অক্ষম থেকে যায়, আকাশের মেঘ তার অনুকরণ করতে পারে না।

বিশ্লেষণ : تُفِيْدُ - بحث مضارع معروف - واحد مؤنث غائب, মাদ্দা فَيْدٌ বাবে افعال থেকে إِفَادَةً উপকার করা, জানানো, অবহিত করা, অবগত করা। বাবে ض থেকে م - فَيْدًا মরা, মরে যাওয়া। বাবে استفعال থেকে হাসেল করা, লাভ করা, উপকার লাভ করা। বাবে تفاعل থেকে একে অপরকে উপকার পৌঁছানো। বাবে تفعل থেকে আনন্দ উল্লাসের সাথে চলা।

فَيَّادٌ জাফরানের পাতা। فَائِدَةٌ প্রাপ্যের অধিক, মানুষ যা পায়, বহুবচন فَوَائِدُ। فَيْدٌ নর পেঁচা।

فَتَحْتَذِيْهِ - تَحْتَذِيْ - بحث مضارع معروف - واحد مؤنث غائب, মাদ্দা حَذْوٌ, বাবে افتعال থেকে জুতা পরিধান করা, অনুকরণ করা, অনুসরণ করা। বাবে ن থেকে م - حَذْوًا ও حِذَاءً অনুকরণ করা, অনুসরণ করা। বাবে مفاعله থেকে মুখামুখি হওয়া, সম্মুখে বসা, সামনে বসা। বাবে تفاعل থেকে পরস্পর সামনাসামনি হওয়া, পরস্পর মুখামুখি হওয়া। বাবে استفعال থেকে জুতা চাওয়া, জুতা তালাশ করা। حِذَاءٌ জুতা, পাদুকা, বহুবচন اَحْذِيَةٌ। حَذَّاءُ জুতা প্রস্তুতকারী, জুতার মালিক, মুচি, বহুবচন حَذَّاؤُوْنَ।

তারকীব : تُفِيْدُ ফে'ল, যমীর هِيَ ফায়েল, اَلْجُوْدَ মাফউলে বিহী, مِنْكَ জার ও মাজরূর মিলে ফে'লের সাথে متعلق, ফে'ল তার ফায়েল এবং مفعول به ও متعلق -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف عليه। فاء হরফে আত্‌ফ, تَحْتَذِيْ ফে'ল, যমীর هِيَ ফায়েল ةُ যমীর مفعول به, ফে'ল তার ফায়েল ও مفعول به কে নিয়ে জুমলায়ে فعليه হয়ে معطوف اول। وَ হরফে عطف, تَعْجِزُ ফে'ল, যমীর هِيَ ফায়েল, عَنْ হরফে জার, خَلَائِقِكَ মুরাক্কাবে اضافى হয়ে موصوف، الْعِذَابِ সিফত, সিফত ও موصوف মিলে মুরাক্কাবে توصيفى হয়ে মাজরূর, জার-মাজরূর মিলে تَعْجِزُ ফে'লের সাথে متعلق, ফে'ল তার ফায়েল ও متعلق -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف ثانى। উভয় معطوف ও معطوف আলাই মিলে জুমলায়ে عاطفه।

وَاَمَرَهُ سَيْفُ الدَّوْلَةِ بِاِجَازَةِ هٰذَا الْبَيْتِ

অর্থ : নিম্নের কবিতার সাথে শ্লোকের অত্যন্ত মিল রেখে কবিতা বলার জন্য মুতানাব্বীকে সাইফুদ্দৌলা আদেশ করেছেন–

١٦١- خَرَجْتُ غَدَاةَ النَّفْرِ اَعْتَرِضُ الدُّمٰى * فَلَمْ اَرَ اَحْلٰى مِنْكَ فِى الْعَيْنِ وَالْقَلْبِ

অর্থ : প্রিয়ার বিদায়ের দিন প্রত্যুষে আমি বের হয়েছি– এমতাবস্থায় যে, আমি সুন্দরীদের সামনে দিয়ে যাচ্ছিলাম, অতঃপর আমার চোখে ও অন্তরে তোমার চেয়ে অধিক মিষ্টি ও সুশ্রী কাউকে দেখি নাই।

অর্থাৎ যখন আমি সফরের প্রস্তুতি নিয়ে ঘর থেকে বের হয়েছি, তখন আমি সুন্দরীদের ভিড়ে পড়ে গেছি, তা সত্ত্বেও হে প্রিয়া! তোমার কোনো জুড়ি পাওয়া যায়নি, তাদের রূপ ও সৌন্দর্যতা থাকা সত্ত্বেও তুমি অপ্রতিদ্বন্দ্বি, আমার চেখে ও অন্তরে তোমার চেয়ে অধিক রূপসী ও মিষ্টি দ্বিতীয় কাউকে পাইনি।

বিশ্লেষণ : اَلنَّفْرُ বাবে ض থেকে م - نَفْرًا চলে যাওয়া, প্রস্থান করা, বেরিয়ে পড়া, ছড়িয়ে পড়া, দূরে যাওয়া, ঘৃণা করা। বাবে تفعيل থেকে ভয় দেখিয়ে তাড়িয়ে দেওয়া, আতঙ্কিত করা, بصله مِنْ ঘৃণ্য মনে করা, অপছন্দ করা। বাবে مفاعله থেকে ফয়সালার জন্য যাওয়া, বংশ নিয়ে ফখর করা। বাবে تفعل থেকে অতিক্রম করা, রওয়ানা হওয়া। বাবে افعال থেকে তাড়িয়ে দেওয়া, বিতাড়িত করা। বাবে تفاعل থেকে একসাথে ফয়সালার জন্য যাওয়া, পরস্পর ফখর করা। বাবে استفعال থেকে তাড়িয়ে দেওয়া, যুদ্ধের জন্য রওয়ানা হওয়ার অনুরোধ করা, সাহায্য চাওয়া।

نَفَرٌ ৩ থেকে ১০ জন পুরুষের জামাআত বা দল, ছোট দল, ব্যক্তি, লোক, দল, বহুবচন اَنْفَارٌ। نَفْرَةٌ ঘৃণা, অপছন্দ, অবজ্ঞা, পরিহার। يَوْمُ النَّفْرِ - يَوْمُ النَّفِيْرِ হাজীদের মিনা থেকে মক্কায় ফিরে আসার দিন এবং ঐ দিনটি ১২ই জিলহজ-এর দিন। نَفُوْرٌ - يَنْفُوْرٌ ও مُسْتَنْفِرٌ পলায়নকারী, অনেক দ্রুত পলায়নকারী।

اَعْتَرِضُ মাদ্দা عَرْضٌ . واحد متكلم . بحث مضارع معروف , বাবে افتعال থেকে পেশ হওয়া, উপস্থিত হওয়া, সামনে হওয়া। বাবে ض থেকে م - عَرْضًا উপস্থাপিত করা, পেশ করা, প্রদর্শন করা, প্রস্তাব করা, কুচকাওয়াজ করা। বাবে س থেকে م . عَرَضًا প্রকাশ হওয়া এবং সর্বদা না থাকা। বাবে ك থেকে م . عِرَضًا ও عَرَاضَةٌ প্রশস্ত হওয়া, বিস্তৃত হওয়া, সুপরিসর হওয়া। বাবে تفعيل থেকে প্রশস্ত করা, বিস্তৃত করা, পেশ করা, প্রদর্শন করা, আকারে ইঙ্গিতে বলা। বাবে افعال থেকে بصله عَنْ উপেক্ষা করা, ফিরে আসা, পরিহার করা, পরিত্যাগ করা, বিরত থাকা, মুখ ফিরানো, প্রতিবাদ করা, প্রতিদ্বন্দ্বিতা করা। বাবে مفاعله থেকে বিরোধিতা করা, বিরোধী হওয়া, পেছনে লাগা। বাবে تفعل থেকে সামনে পড়া, বাধা হওয়া, বাধা দেওয়া, হস্তক্ষেপ করা, পর্যালোচনা করা, গ্রহণ করা। বাবে تفاعل থেকে পরস্পর বিরোধিতা করা, পরস্পর বিরোধী হওয়া। বাবে استفعال থেকে উপস্থাপন করতে বলা, পর্যালোচনা করা, সমীক্ষা করা, পরীক্ষা করা, স্মরণে আনা।

عِرْضٌ সম্মান, ইজ্জত, মর্যাদা, সুনাম, বহুবচন اَعْرَاضٌ। عَرْضٌ প্রদর্শন, উপস্থাপন, প্রশস্ততা, বিস্তৃতি, ব্যাপকতা। عُرْضٌ মধ্য, মাঝ, গভীর, মধ্যভাগ, মূল অংশ, পার্শ্ব, (পর্বতের) ঢাল, বহুবচন عِرَاضٌ। عُرْضَةٌ উদ্দেশ্য, লক্ষ্য, অভিলাষ, লক্ষ্যবস্তু, বহু عُرْضَاتٌ। عَرَضِيٌّ ও عَرَضِيَّةٌ আকস্মিক, আপতিত, অপ্রধান, লাক্ষণিক, লক্ষণাত্মক।

اَلدُّمٰى বহুবচন, একবচন دُمْيَةٌ পুতুল, মূর্তি, প্রতিমূর্তি।

বাবে س থেকে م - دَمًى ও دَمْيًا রক্ত বের হওয়া, রক্তাক্ত হওয়া। বাবে افعال ও تفعيل থেকে রক্ত বের করা, রক্তাক্ত করা। বাবে استفعال থেকে রক্ত নেওয়া। دَمَةٌ রক্তের টুকরা। دَامِيٌ যার রক্ত প্রবাহিত হয়। دَمَيَاءُ ভালাই, মঙ্গল ও বরকত।

اَحْلٰى মাদ্দা حُلْوٌ. واحد مذكر - بحث اسم تفضيل বাবে ن - ك ও س থেকে م -حَلَاوَةً ও حُلْوَانًا মিষ্ট হওয়া, মিঠা হওয়া, মধুর হওয়া, সুস্বাদু হওয়া, সুন্দর হওয়া। বাবে افعال থেকে মিষ্ট পাওয়া, মিঠা বানানো, মিষ্টি তৈরি করা। বাবে تفعل থেকে সজ্জিত হওয়া, অলঙ্কৃত হওয়া, ভূষিত হওয়া, بصله اَلْمَرْأَةُ অলঙ্কার পরিধান করা। বাবে استفعال থেকে মিষ্ট পাওয়া, পছন্দ করা, ভাল লাগা, সুখকর মনে করা। বাবে تفاعل থেকে মিষ্টতা প্রকাশ করা।

حُلْوٌ ও حُلْوَةٌ মিষ্ট, মিঠা, মধুর, সুস্বাদু, সুন্দর, মনোহর। حَلْوَاءُ মিষ্টান্ন, মিঠাই, হালুয়া। حَلْوَانِيٌّ মিষ্টিওয়ালা, মিষ্টান্ন বিক্রেতা, ময়রা, বহুবচন حَلْوَانِيُّوْنَ। حَلْوٰى মিষ্টান্ন, মিঠাই, হালুয়া, বহুবচন حَلَاوٰى ও حَلْوَايَاتٌ।

তারকীব : خَرَجْتُ ফে'ল, যমীর اَنَا যুলহাল, غَدَاةَ النَّفْرِ মুরাক্কাবে اضافى হয়ে مفعول فيه ও فاعل তার ফে'ল اَعْتَرِضُ، اَعْتَرِضُ মাফ্‌উলে বিহী, اَلدُّمٰى ফায়েল اَنَا যমীর ,ফে'ল مفعول به কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে تباويل مفرد হাল। হাল-যুলহাল মিলে خَرَجْتُ ফে'লের فاعل, ফে'ল তার ফায়েল ও মাফউলে فيه-কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف আলাই। فاء হরফে আত্‌ফ, لَمْ اَرَ ফে'ল, যমীর اَنَا ফায়েল, فِىْ হরফে জার, اَلْعَيْنِ وَالْقَلْبِ - معطوف আলাই ও মা'তূফ মিলে মাজরূর, জার মাজরূর মিলে ফে'লের সাথে متعلق। اَحْلٰى শিবহে ফে'ল, مِنْكَ জার-মাজরূর মিলে শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল তার متعلق -কে নিয়ে শিবহে জুমলা হয়ে مفعول به। لَمْ اَرَ ফে'ল তার فاعل ও متعلق এবং مفعول به কে নিয়ে- জুমলায়ে فعليه হয়ে معطوف। معطوف ও معطوف আলাই মিলে জুমলায়ে আতেফা।

فَقَالَ اَبُوالطَّيِّبِ

অতঃপর আবুত্তাইয়িব (মুতানাব্বী) বলেছে:

١٦٢- فَدَيْنَاكَ اَهْدَى النَّاسِ سَهْمًا اِلٰى قَلْبِىْ * وَاَقْتَلَهُمْ لِلدَّارِعِيْنَ بِلَاحَرْبِ

١٦٣- تَفَرَّدَ بِالْاَحْكَامِ فِىْ اَهْلِهِ الْهَوٰى * فَاَنْتَ جَمِيْلُ الْخُلْفِ مُسْتَحْسَنُ الْكِذْبِ

١٦٤- وَاِنِّىْ لَمَمْنُوْعُ الْمَقَاتِلِ فِى الْوَغٰى * وَاِنْ كُنْتُ مَبْذُوْلَ الْمَقَاتِلِ فِى الْحُبِّ

١٦٥- وَمَنْ خُلِقَتْ عَيْنَاكَ بَيْنَ جُفُوْنِهٖ * اَصَابَ الْحُدُوْرَ السَّهْلَ فِى الْمُرْتَقَى الصَّعْبِ

١٦٢- فَدَيْنَاكَ اَهْدَى النَّاسِ سَهْمًا اِلٰى قَلْبِىْ * وَاَقْتَلَهُمْ لِلدَّارِعِيْنَ بِلَاحَرْبِ

অর্থ : আমি নিজ প্রাণ আপনার উপর উৎসর্গ করেছি– হে ঐ ব্যক্তি! যে সবচেয়ে বেশি আমার অন্তরের দিকে সোজা তীর নিক্ষেপকারী এবং লোহার পোশাক পরিধানকারী সৈন্যদেরকে যুদ্ধ ব্যতীত সবচেয়ে বেশি হত্যাকারী।

অর্থাৎ কবি এ কবিতায় সাইফুদ্দৌলার বীরত্ব বর্ণনা করার উদ্দেশ্যে বলেছে : অন্যান্য লোকদের নিশানা সময় সময় ভুলও করে ফেলে, কিন্তু আপনার নিশানা কখনো ভুল করে না, আপনার তীরসোজাসুজি অন্তরে এসে লেগে যায়, আর লেহার পোশাক পরিধানকারী ফৌজদেরকে হত্যা করা সহজ ব্যাপার নয়, কিন্তু আপনি খুবই সহজে যুদ্ধ ব্যতীতই তাদেরকে হত্যা করে ফেলেন।

বিশ্লেষণ : سَهْمًا তীর, শর, বর্শা, তীর-চিহ্ন, বহুবচন سِهَامٌ। سَهْمٌ অংশ, ভাগ, শেয়ার, বহুবচন اَسْهُمٌ।

বাবে ك ف ও ل থেকে م - سُهُوْمَةً ও سُهُوْمًا দুর্বলতার কারণে রং পরিবর্তন হওয়া। বাবে مفاعله থেকে অংশগ্রহণ করা, অংশীদার হওয়া, অবদান রাখা, লটারি ধরা। বাবে افعال থেকে অংশ নির্ধারণ করা, فِى الْكَلَامِ বিস্তারিত আলোচনা করা। বাবে تفاعل ও افتعال থেকে পরস্পর লটারি ধরা, পরস্পর বণ্টন করা। سَهْمُ الرَّامِىْ একটি নক্ষত্রের নাম। سُهُمٌ সূর্যের কিরণ। سَهِيْمٌ অংশীদার।

لِلدَّارِعِيْنَ - جمع مذكر - بحث اسم فاعل একবচন دَارِعٌ বর্ম পরিধানকারী, লোহার পোশাক পরিধানকারী। বাবে تفعيل থেকে বর্ম পরানো। বাবে تفعل ও افتعال থেকে বর্ম পরিধান করা। دِرْعٌ বর্ম, অনুত্রাণ, সাঁজোয়া, বহুবচন دُرُوْعٌ ও اَدْرُعٌ। دِرَاعَةٌ জুব্বা, কোট, বহুবচন دَرَائِعُ। مِدْرَعَةٌ জুব্বা, কোট, বহুবচন مَدَارِعُ।

তারকীব : فَدَيْنَا ফে'ল, যমীর نَحْنُ ফায়েল, كَ যুলহাল, اَهْدَى النَّاسِ-এর পূর্বে হরফে নেদা মাহযূফ থাকার কারণে اَهْدٰى মুনাদা মুযাফ منصوب (ও শিবহে ফে'ল), النَّاسِ মুযাফ ইলাই, মুযাফ-মুযাফ ইলাই মিলে মুরাক্কাবে اضافى হয়ে মুমাইয়ায, তমীয সَهْمًا اِلٰى قَلْبِىْ، জার-মাজরূর মিলে اَهْدٰى শিবহে ফে'লের সাথে متعلق। اَهْدٰى তার متعلق ও তমঈয-মুমাইয়ায সবকে নিয়ে শিবহে জুমলা হয়ে معطوف আলাই। و হরফে عطف، اَقْتَلَهُمْ ও اَهْدَى النَّاسِ-এর ন্যায় মুনাদা মুযাফ منصوب هُمْ، যুলহাল, لِلدَّارِعِيْنَ জার-মাজরূর মিলে اَقْتَلَ শিবহে ফে'লের

সাথে بِلَاحَرْبٍ، متعلق জার-মাজরূর মিলে حَاصِلًا শিবহে ফে'লের সাথে متعلق হয়ে শিবহে জুমলা হয়ে হাল। হাল-যুলহাল মিলে اَقْتَلَ মুযাফের مضاف ইলাই। اَقْتَلَ শিবহে ফে'ল তার متعلق ও হাল-যুলহাল সবকে নিয়ে শিবহে جملہ হয়ে معطوف। معطوف আলাই ও معطوف মিলে জুমলায়ে مفعول بہ হয়ে لَكَ যুলহালের হাল, হাল-যুলহাল মিলে مفعول بہ، فَدَيْنَا ফে'ল তার ফায়েল ও عاطفه -কে নিয়ে جملہ ফে'লিয়া হয়ে دعائيه।

۱٦٣- تَفَرَّدَ بِالْاَحْكَامِ فِيْ اَهْلِهِ الْهَوٰى * فَاَنْتَ جَمِيْلُ الْخُلْفِ مُسْتَحْسَنُ الْكِذْبِ

অর্থ : প্রেমিকদের ব্যাপারে প্রেম ও মহব্বতের হুকুমাবলি ভিন্ন, তোমার অঙ্গীকার বিরোধী কার্যাবলি অত্যন্ত চমৎকার, আর তোমার মিথ্যা কথা খুবই পছন্দনীয় মনে করা হয়।

অর্থাৎ অন্যান্য হুকুমাবলি থেকে প্রেমের হুকুমাবলি যে একেবারে পৃথক- কবি এ কবিতায় তা-ই বলেছে : দুনিয়াতে প্রেমের বিধানসমূহ একেবারেই ভিন্ন, যেমন–ওয়াদা খেলাপী একটি দূষণীয় কাজ, কিন্তু যারা প্রেমে লিপ্ত-প্রেমের ক্ষেত্রে তাদের অঙ্গীকার ভঙ্গ করা কোনো দূষণীয় কাজ নয়। যেমন- মিথ্যা বলা একটি দূষণীয় কাজ এবং মিথ্যাকে সকলেই ঘৃণা করে, কিন্তু প্রেমিক ও মহব্বতের লোকদের মিথ্যা প্রেমের ক্ষেত্রে কোনো প্রকার দূষণীয় নয়, বরং প্রশংসার যোগ্য ও পছন্দনীয় কাজ।

বিশ্লেষণ : تَفَرَّدَ মাদ্দা فَرْدٌ, বাবে تفعل ও استفعال থেকে একা হওয়া, একাকী হওয়া, তুলনাহীন হওয়া, অদ্বিতীয় হওয়া, একা পাওয়া। বাবে ن - س ও ك থেকে م - فُرُوْدًا এবং বাবে انفعال থেকে একা হওয়া, একাকী হওয়া, একক হওয়া, بصله عَنْ বিচ্ছিন্ন হওয়া, পৃথক হওয়া, আলাদা হওয়া।

فَرْدٌ ব্যক্তি, জন, একজন, একটি, বেজোড় (সংখ্যা), বহুবচন اَفْرَادٌ ও فُرَادٰى। فُرَادٰى এক এক করে, একজন একজন করে, একা একা।

বাবে تفعيل থেকে লোকদের থেকে পৃথক হওয়া, (দীনের মাসায়েলের ব্যাপারে) পণ্ডিত হওয়া, মন্তব্যের ক্ষেত্রে বা রায়ের ক্ষেত্রে একা হওয়া। বাবে افعال থেকে পৃথক করা, ছিন্ন করা, জুদা করা।

اَلْفَرِيْدُ একা, একক, মূর্তি। مفرد এক এবং এর মোকাবেলায় হচ্ছে جمع, জঙ্গলী গরু।

بِالْاَحْكَامِ - اَحْكَامٌ বহুবচন, একবচন حُكْمٌ ফয়সালা, সিদ্ধান্ত, আদেশ, নির্দেশ, আজ্ঞা, বিধান, আইন, নীতি, রায়। حَكَمٌ আদেশ বা হুকুম প্রয়োগকারী, বিচারক, সালিস, (খেলার) রেফারী, বহুবচন حُكَّامٌ। حَاكِمٌ ফয়সালাকারী, শাসনকর্তা, শাসক, প্রশাসক, গভর্ণর, বিচারক, হাকিম, নির্দেশদানকারী, আদেশকারী, হুকুমদাতা, কাজি, বহুবচন حَاكِمُوْنَ ও حُكَّامٌ। حُكْمٌ শাসন, পরিচালনা, শাসনকাল, কর্তৃত্ব, বিচার, রায়। حِكْمَةٌ প্রজ্ঞা, বিজ্ঞতা, বিচক্ষণতা, সারগর্ভ উক্তি, তাৎপর্য, বহুবচন حِكَمٌ। حُكُوْمَةٌ শাসন, প্রশাসন, সরকারি, রাষ্ট্র, বহুবচন حُكُوْمَاتٌ। حُكُوْمِيٌّ ও حُكُوْمِيَّةٌ সরকারি রাষ্ট্রীয়।

বাবে ن থেকে م - حُكْمًا শাসন করা, পরিচালনা করা, মীমাংসা করা, বিচার করা, রায় দেওয়া। বাবে ك থেকে م - حِكْمَةً জ্ঞানী হওয়া, বিজ্ঞ হওয়া, বিচক্ষণ হওয়া। বাবে تفعيل থেকে শাসক বানানো, বিচারক বানানো, সালিস মানা, বিচারের ভার দেওয়া। বাবে مفاعله থেকে ঝগড়া করা, ঝগড়াকে বিচারকের সামনে নিয়ে যাওয়া। বাবে افعال থেকে পাকা-পোক্তভাবে করা, দৃঢ়তার সাথে করা। বার تفعل থেকে হুকুম প্রয়োগ করা, নিজ ইচ্ছানুযায়ী কর্তৃত্ব করা। বাবে

افتعال ও تفاعل থেকে মোকদ্দামা বিচারকের কাছে নিয়ে যাওয়া। বাবে استفعال থেকে মজবুত হওয়া, শক্তিশালী হওয়া।

جَمِيْلٌ সুন্দর, সুদর্শন, মনোরম, চমৎকার, অনুগ্রহ, ভাল কাজ, جَمِيْلَةٌ - مؤنث। جَمَلٌ-উট, উষ্ট্র, ক্রমেল, ক্রমেলক, বহুবচন جِمَالٌ ও اَجْمَالٌ। جُمْلَةٌ বাক্য, সমষ্টি, মোট, গোটা, সমুদয়, সকল, বহুবচন جُمَلٌ। جُمْلَةٌ সার্বিকভাবে, সম্পূর্ণরূপে, পুরাপুরিভাবে, একত্রে, সকল। بالجملة সম্পূর্ণরূপে, পুরাপুরিভাবে, পাইকারী। جُمْلَةٌ مُعْتَرِضَةٌ (ব্যাকরণগতভাবে পূর্বাপর সম্পর্কহীন), মধ্যবর্তী বাক্য। جُمْلَةٌ اِسْمِيَّةٌ বিশেষ্য বা সর্বনাম দ্বারা শুরু হওয়া বাক্য, উদ্দেশ্য ও বিধেয় দ্বারা গঠিত বাক্য। جُمْلَةٌ فِعْلِيَّةٌ ক্রিয়া দ্বারা শুরু হওয়া বাক্য, ক্রিয়া-সূচিত বাক্য।

বাবে ك থেকে م - جَمَالًا সুন্দর হওয়া, সুদর্শন হওয়া, চমৎকার হওয়া। বাবে تفعيل থেকে সুন্দর করা, সুসজ্জিত করা, সাজানো। বাবে مفاعلة থেকে উত্তম ব্যবহার করা। বাবে افعال থেকে একত্রিত করা, সংক্ষিপ্তভাবে উল্লেখ করা। বাবে تفعل থেকে সুসজ্জিত হওয়া, সুন্দর হওয়া। বাবে استفعال থেকে সুন্দর মনে করা।

جَمَالٌ সৌন্দর্যতা। جَمَّالٌ উটের মালিক বা উটের রাখাল। جُمَيْلٌ বুলবুল পাখি, বহুবচন جِمْلَانٌ।

اَلْخُلْفُ অঙ্গীকার বা ওয়াদা পূর্ণ না করা, কিয়াসের বিপরীত, বহুবচন خُلُوْفٌ। خِلْفٌ বিভিন্ন, বহুবচন اَخْلَافٌ। خَلَفٌ উত্তরাধিকারী, বংশধর, বহুবচন اَخْلَافٌ। خَلْفٌ পিছন, পশ্চাৎ, পশ্চাদ্ভাগ, উত্তরাধিকারী, বংশধর। خَلْفَ পিছনে, পশ্চাতে, পরে। خِلْفَةٌ - অমিল, গরমিল, পার্থক্য, পিছন, পশ্চাৎ, পরিবর্তন, পিছনে পিছনে, একটির পর আরেকটি। خَلْفِيَّةٌ পটভূমি, পটভূমিকা, প্রেক্ষাপট, বহুবচন خَلْفِيَّاتٌ। خُلْفَةٌ রোগের কারণে ক্ষুধা দূর হয়ে যাওয়া, বহুবচন خُلَفٌ। خَالِفٌ বুদ্ধিহীন, ঐ ব্যক্তি যে তোমরা চলে যাওয়ার পর বসে থাকে।

বাবে ن থেকে م - خِلَافَةٌ পরবর্তী হওয়া, প্রতিনিধিত্ব করা, উত্তরাধিকারী হওয়া, খলিফা হওয়া। বাবে تفعيل থেকে উত্তরাধিকারী করা, বংশধর রেখে যাওয়া, খলীফা বানানো, পিছনে ফেলা, পশ্চাদ্বর্তী করা। বাবে مفاعلة থেকে বিরোধিতা করা, খেলাফ করা, লঙ্ঘন করা, অমান্য করা। বাবে افعال থেকে গন্ধ পরিবর্তন হওয়া অথবা বিনষ্ট হওয়া, অঙ্গীকার পুরা না করা, অঙ্গীকারের বিপরীত পাওয়া, খেলাফ করা, ভঙ্গ করা, রেখে যাওয়া, ফেলে যাওয়া। বাবে تفعل থেকে পিছনে পড়া, থেকে যাওয়া, পিছনে থাকা। বাবে تفاعل ও افتعال থেকে ভিন্ন হওয়া, ভিন্নমত হওয়া, ভিন্নরূপ হওয়া, বিভিন্ন হওয়া, বারবার আসা-যাওয়া। মতানৈক্য হওয়া। বাবে استفعال থেকে নিজ স্থলাভিষিক্ত বানানো, উত্তরাধিকারী করা, প্রতিনিধি বানানো, খলিফা নিয়োগ করা।

اَلْكِذْبُ - كَذِبٌ - كِذْبٌ ও كِذْبَةٌ মিথ্যা, অসত্য। كَذُوْبٌ মিথ্যুক, মিথ্যাবাদী। كَذَّابٌ মিথ্যুক, মিথ্যাবাদী, প্রতারক, বহুবচন كَذَّابُوْنَ। كِذَّابٌ মিথ্যা প্রতিপন্নকরণ, অবিশ্বাস।

বাবে ض থেকে م - كَذِبًا - كِذْبًا - كَذْبَةً - كِذْبَةً - كِذَابًا মিথ্যা বলা, মিথ্যা মনে করা, মিথ্যা হওয়া, জেনে-বুঝে ভুল সংবাদ দেওয়া, ধোঁকা দেওয়া। বাবে تفعيل থেকে মিথ্যা অভিহিত করা, মিথ্যাবাদী বলা, অবিশ্বাস করা। বাবে افعال থেকে মিথ্যুক পাওয়া, মিথ্যা প্রকাশ করা। বাবে تفعل থেকে ভান করে মিথ্যা বলা। বাবে مفاعلة থেকে কাউকে বলা যে, তুমি মিথ্যা বলেছ। বাবে تفاعل থেকে একে অপরকে মিথ্যাবাদী বলা।

তারকীব : تَفَرَّدَ ফে'ল اَلْهَوٰى ফায়েল, باء হরফে জার اَلْاَحْكَامِ - موصوف - اَلْكَائِنَةِ শিবহে ফে'ল মাহযূফ। فِىْ হরফে জার, اَهْلِهِ মুরাক্কাবে اضافى হয়ে মাজরূর। জার মাজরূর মিলে শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল তার متعلق -কে নিয়ে শিবহে جملة হয়ে صفت, সিফত ও موصوف মিলে মুরাক্কাবে توصيفى হয়ে باء হরফে জারের-মাজরূর। জার-মাজরূর মিলে تَفَرَّدَ ফে'লের সাথে متعلق, ফে'ল-তার ফায়েল ও متعلق -কে নিয়ে জুমলায়ে فعليه। فاء - تفريعيه، اَنْتَ মুব্‌তাদা, جَمِيْلُ الْخُلُقِ মুরাক্কাবে اضافى হয়ে خبر اول، مُسْتَحْسَنُ الْكِذْبِ মুরাক্কাবে اضافى হয়ে خبر ثانى, মুব্‌তাদা তার উভয় খবরকে নিয়ে জুমলায়ে খবরিয়ায়ে تفريعيه।

١٦٤- وَاِنِّىْ لَمَمْنُوْعُ الْمَقَاتِلِ فِى الْوَغٰى * وَاِنْ كُنْتُ مَبْذُوْلَ الْمَقَاتِلِ فِى الْحُبِّ

অর্থ : এবং নিশ্চয়ই আমি এমন ব্যক্তি যে, যুদ্ধের ময়দানে আমার মাক্তালসমূহ (যে অঙ্গগুলো কেটে গেলে মানুষ বাঁচে না– আমিও বাঁচব না) অবশ্যই হেফাজতে থাকে, যদিও আমার ঐ অঙ্গগুলো মহব্বতের ময়দানে কেটে দেওয়া সহজ।

অর্থাৎ যে সমস্ত অঙ্গগুলোর উপর যুদ্ধের মধ্যে হত্যা করার উদ্দেশ্যে শত্রু পক্ষ আঘাত করে থাকে, আমার ঐ অঙ্গসমূহের উপর যুদ্ধের ময়দানে আঘাত করা অসম্ভব। কেননা, ঐ অঙ্গগুলো অত্যন্ত কঠোর হেফাজতে থাকে। কিন্তু প্রেমের ময়দানে আমার ঐ অঙ্গগুলোর উপর আঘাত করা প্রিয় ব্যক্তির জন্য একেবারে সহজ, কেননা প্রেমের ক্ষেত্রে আমি ঐ অঙ্গগুলোর হেফাজত করি না।

বিশ্লেষণ : لَمَمْنُوْعُ মাদ্দা مَنْعٌ - واحد مذكر - بحث اسم مفعول , বাবে ف থেকে مَنْعًا - م ও বাবে تفعيل থেকে নিষেধ করা, বাধা দেওয়া, নিষিদ্ধ করা, রক্ষা করা, প্রতিরোধ করা। বাবে ك থেকে مَنَاعَةً - م সুরক্ষিত হওয়া, সুদৃঢ় হওয়া। বাবে مفاعله থেকে বিরোধিতা করা, প্রতিরোধ করা, নিষেধ করা। বাবে تفعل ও افتعال থেকে বিরত থাকা, নিবৃত্ত হওয়া, ক্ষান্ত হওয়া। বাবে تفاعل থেকে বিরত থাকা, সহায়তা করা।

مَنْعٌ নিষেধ, বাধা, প্রতিরোধ, মানা, বারণ, নিবারণ, নিষেধাজ্ঞা। مَنْعَةٌ ও مِنْعَةٌ শক্তি, ক্ষমতা, দাপট, প্রভাব, প্রতিরক্ষা। مَنْعَةٌ ইজ্জত, শক্তি, সম্মান, মজবুত ও শক্তিশালী দুর্গ, বহুবচন مَنَعَاتٌ। مَنَّاعٌ কৃপণ, ব্যয়কুণ্ঠ, বখিল, বহুবচন مَنَّاعُوْنَ।

اَلْوَغٰى ও اَلْوَغْىُ যুদ্ধ, সমর, গণ্ডগোল, হৈ চৈ, শোরগোল।

مَبْذُوْلٌ মাদ্দা بَذْلٌ - واحد مذكر - بحث اسم مفعول বাবে ض ও ن থেকে بَذْلًا-م ব্যয় করা, দান করা, ত্যাগ করা, নিয়োজিত করা। বাবে تفعل ও افتعال থেকে সম্মানহীন হওয়া, সম্মানের পরিপন্থী কাজ করা। বাবে افتعال থেকে পুরানো বস্ত্র পরিধান করা, দৈনন্দিন পরিধানের কাপড় ব্যবহার করা।

بَذْلٌ ব্যয়, দান, ত্যাগ, নিয়োগ। بَذْلَةٌ ও بِذْلَةٌ স্যুট, পোশাক, ইউনিফর্ম।

بَذَّالٌ ও مِبْذَالٌ অনেক দানকারী। مِبْذَلٌ ও مِبْذَلَةٌ দৈনন্দিন ব্যবহারিত কাপড়, পুরাতন কাপড়, বহুবচন مَبَاذِلُ।

তারকীব : وَ হরফে عطف، اِنَّ হরফে مشبه بالفعل، ى ইয়ায়ে متكلم ইস্‌মে اِنَّ, لَامْ তাকীদ, مَمْنُوْعُ (শিবহে ফে'ল) মুযাফ, اَلْمَقَاتِلِ মুযাফ ইলাই, فِى الْوَغٰى জার মাজরূর মিলে শিবহে ফে'লের সাথে متعلق। শিবহে ফে'ল তার মুযাফ ইলাই ও متعلق নিয়ে শিবহে জুমলা হয়ে খবরে اِنَّ। اِنَّ তার ইস্‌ম ও খবরকে নিয়ে জুমলায়ে ইস্‌মিয়ায়ে খবরিয়া হয়ে معطوف।

وَاِنْ ইনে وصليه -এর সাথে وَ অতিরিক্ত ব্যবহৃত হয়, كُنْتُ ফে'লে ناقص, যমীর اَنَا তার ইস্‌ম, مَبْذُوْلَ (শিবহে ফে'ল) মুযাফ, الْمَقَاتِلِ মুযাফ ইলাই, فِى الْحُبِّ জার ও মাজরূর মিলে

শিবহে ফে'লের সাথে متعلق। শিবহে ফে'ল-তার মুযাফ ইলাই ও متعلق -কে নিয়ে শিবহে জুমলা হয়ে ফে'লে ناقص -এর খবর। ফে'লে ناقص তার اسم ও خبر কে নিয়ে জুমলায়ে ইস্মিয়ায়ে جملہ معترضہ خبریہ হয়ে।

١٦٥- وَمَنْ خُلِقَتْ عَيْنَاكَ بَيْنَ جُفُوْنِهِ * أَصَابَ الْحَدُوْرَ السَّهْلَ فِي الْمُرْتَقَى الصَّعْبِ

অর্থ : আর যার চোখের পাতার মাঝে আপনার দু'টি নয়নের ন্যায়-নয়ন সৃষ্টি করা হবে-সে অত্যন্ত কঠিন "চড়ার স্থানকে" অতি উত্তম ও সহজে নামার স্থানের ন্যায় পাবে।

অর্থাৎ এ কবিতা দ্বারা মুতানাব্বী সাইফুদ্দৌলার সাহসের প্রশংসা করেছে : যে চোখের দ্বারা আপনি সমস্ত কঠিন কাজ ও সমস্যাগুলোকে সহজ দেখেন এবং আপনার দৃষ্টিতে কঠিন বলতে কিছু নেই, যদি এ চোখ অন্যরাও পেয়ে যায়, তবে তারাও সকল কঠিনকে সহজ মনে করবে এবং উপরে চড়ার ন্যায় কঠিন কার্যাবলিকে নিচে নামার ন্যায় সহজ অনুভব করবে।

বিশ্লেষণ : أَصَابَ বাবে افعال থেকে إِصَابَةً - م সঠিক মনে করা, ঠিক করা, লক্ষ্যে আঘাত করা, দুরস্ত করা। বাবে ن থেকে صَوْبًا - م সঠিক হওয়া, সত্য হওয়া, ঠিকমত লাগা, লক্ষ্যে আঘাত করা। বাবে تفعيل থেকে ঠিক করা, (লক্ষ্য) স্থির করা, তাক করা, সঠিক বলে মনে করা, শুদ্ধ করা, সত্য মনে করা, সমর্থন করা, সোজা করা। বাবে تفعل থেকে নিচে নামা, ঠিক হওয়া, শুদ্ধ হওয়া। বাবে استفعال থেকে সঠিক মনে করা, অনুমোদন করা, সম্মতি দেওয়া।

صَوْبٌ কিনারা, দিক, দিকে, প্রান্ত, সঠিক, শুদ্ধ, যথাযথ। صَوَابٌ সত্য, ন্যায়, সঠিক, সঠিকতা, সঠিক পথ। صَابَةٌ বিপদ, বুদ্ধির ক্রটি, বুদ্ধির দুর্বলতা। صُوْبَةٌ শস্যের স্তূপ। صَبُوْبٌ সংশোধনকারী, বৃষ্টি। الْأَصْوَبُ কঠিন বিপদগ্রস্ত।

اَلْحَدُوْرُ - اَلْحَدْرَاءُ ও اَلْحَادُوْرُ ঐ স্থান-যে স্থান দ্বারা নিচে নামা যায়। اَلْحُدُوْرَةُ - اَلْحَدُوْرَةُ ও حَدْرٌ অশ্রু প্রবাহিত হওয়া। اَلْحَدَرُ ঢালু জায়গা, ঐ স্থান-যে স্থান দ্বারা নিচে নামা যায়। اَلْحَادُوْرَةُ দ্রুত পঠন। حَيْدَرٌ বাঘ, নাটা, সিংহ।

বাবে ض ও ن থেকে حَدْرًا ও حُدُوْرًا - م নামা, নামানো, নোয়ানো, ঝরানো, দ্রুত (পাঠ) করা। বাবে تفعل - تفاعل ও انفعال থেকে নামা, নিচে নামা।

اَلصَّعْبُ ও اَلصَّعْبَةُ কঠিন, জটিল, কষ্টকর, কষ্টসাধ্য। صَعُوْبٌ কঠিন, জটিল, বহুবচন صُعُبٌ।

বাবে ك থেকে صُعُوْبَةً - م কঠিন হওয়া, জটিল হওয়া, কষ্টকর হওয়া। বাবে افعال থেকে কঠিন পাওয়া, মুশকিল হওয়া, জটিল হওয়া, কঠিন মনে করা। বাবে مفاعله থেকে কঠোরতা করা, কঠিন করা। বাবে تفعيل থেকে কঠিন করা, জটিল করা। বাবে تفعل ও استفعال থেকে কঠিন হওয়া, কষ্টসাধ্য হওয়া, কষ্টকর হওয়া, মুশকিল হওয়া। বাবে تفاعل থেকে পরস্পর কঠোরতা করা।

তারকীব : وَ হরফে عطف . مَنْ - موصوله (متضمن بمعنى الشرط)، خُلِقَتْ ফে'লে مجهول، عَيْنَاكَ নায়েবে فاعل, بَيْنَ যরফ مضاف، جُفُوْنِهِ মুরাক্কাবে اضافى হয়ে নায়েবে فاعل, بَيْنَ যরফ মুরাক্কাবে اضافى হয়ে মাযরূফ مضاف ইলাই, যরফ ও মাযরূফ মিলে خُلِقَتْ-এর সাথে متعلق। ফে'ল তার নায়েবে فاعل ও متعلق -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে صله। موصوله ও صله মিলে شرط। أَصَابَ ফে'ল, যমীর هُوَ ফায়েল (راجع - مَنْ-এর দিকে) اَلْحَدُوْرَ السَّهْلَ মুরাক্কাবে توصيفى হয়ে مفعول به ، فِي হরফে জার, الْمُرْتَقَى الصَّعْبِ মুরাক্কাবে توصيفى হয়ে মাজরূর, জার-মাজরূর মিলে ফে'লের সাথে متعلق, ফে'ল তার ফায়েল ও مفعول به এবং متعلق -কে নিয়ে جمله ফে'লিয়া হয়ে جزاء। شرط ও جزاء মিলে جمله শর্তিয়াহ্।

وَقَالَ يُعَزِّيْهِ بِعَبْدِهِ يَمَاك وَقَدْ تَوَفِّى فِىْ شَهْرِ رَمَضَانَ سَنَةَ اَرْبَعِيْنَ وَثَلَاثِمَائَةٍ

অর্থ : সাইফুদ্দৌলার গোলাম য়ামাক ৩৪০ হিজরিতে মাহে রমজানে মরে গেছে, সাইফুদ্দৌলা ঐ গোলামের জন্য শোক করছিলেন, তাঁকে সান্তনা দেওয়ার জন্য মুতানাব্বী বলেছে:

١٦٦- لَا يُحْزِنِ اللّٰهُ الْاَمِيْرَ فَاِنَّنِىْ * لَاٰخُذُ مِنْ حَالَاتِهِ بِنَصِيْبِ

١٦٧- وَمَنْ سَرَّ اَهْلَ الْاَرْضِ ثُمَّ بَكٰى اَسًى * بَكٰى بِعُيُوْنٍ سَرَّهَا وَقُلُوْبِ

١٦٨- وَاِنِّىْ وَاِنْ كَانَ الدَّفِيْنُ حَبِيْبَهُ * حَبِيْبٌ اِلٰى قَلْبِىْ حَبِيْبُ حَبِيْبِىْ

١٦٩- وَقَدْ فَارَقَ النَّاسُ الْاَحِبَّةَ قَبْلَنَا * وَاَعْيٰى دَوَاءُ الْمَوْتِ كُلَّ طَبِيْبِ

١٧٠- سُبِقْنَا اِلَى الدُّنْيَا فَلَوْ عَاشَ اَهْلُهَا * مُنِعْنَا بِهَا مِنْ جَيْئَةٍ وَ ذُهُوْبِ

١٧١- تَمَلَّكَهَا الْاٰتِىْ تَمَلُّكَ سَالِبٍ * وَفَارَقَهَا الْمَاضِىْ فِرَاقَ سَلِيْبِ

١٧٢- وَلَا فَضْلَ فِيْهَا لِلشَّجَاعَةِ وَالنَّدٰى * وَصَبْرِ الْفَتٰى لَوْلَا لِقَاءُ شَعُوْبِ

١٧٣- وَاَوْفٰى حَيٰوةِ الْغَابِرِيْنَ لِصَاحِبٍ * حَيٰوةُ امْرِئٍ خَانَتْهُ بَعْدَ مَشِيْبِ

١٦٦- لَا يُحْزِنِ اللّٰهُ الْاَمِيْرَ فَاِنَّنِىْ * لَاٰخُذُ مِنْ حَالَاتِهِ بِنَصِيْبِ

অর্থ : আল্লাহ তা'আলা আমীর সাইফুদ্দৌলাকে শোকাকুল না করুন– আমিও তো তাঁর অবস্থা হতে পরিপূর্ণ অংশগ্রহণকারী।

অর্থাৎ আল্লাহ তা'আলা আমীরকে কোনো মর্মাহত অবস্থায় লিপ্ত না করুন, এ দোয়া করার কারণ হচ্ছে এটাই যে, তাঁর দুঃখে আমিও সমকক্ষ অংশীদার।

অতএব, এ দোয়া আমীরের জন্য নয়, বরং মুতানাব্বী নিজের জন্য করেছে।

বিশ্লেষণ : نَصِيْبٌ ভাগ্য, অংশ, ভাগ, বহুবচন نُصُبٌ। نُصْبَةٌ খুঁটি, স্তম্ভ, সাইনপোস্ট, বহুবচন نَصَبٌ ও نُصُبٌ نُصُبَاتٌ। نُصُبٌ প্রতিমা, মূর্তি, খুঁটি, স্তম্ভ, কষ্ট, দুঃখ, বহুবচন اَنْصَابٌ। نَصْبٌ স্থাপন, রোপণ, (শব্দের শেষে) "নসব" দান, প্রতিষ্ঠা, নিয়োগ। نَصْبٌ স্থাপিত বস্তু, স্থাপনা, বহুবচন اَنْصَابٌ। نَصَبٌ ক্লান্তি, কষ্ট, চেষ্টা, শ্রম।

বাবে ض ও ن থেকে م - نَصْبًا স্থাপন করা, পুঁতে দেওয়া, নিয়োগ করা, তাক করা, (শব্দের শেষে) নসব দেওয়া, ক্লান্ত-করা, কষ্ট দেওয়া। বাবে س থেকে م - نَصَبًا ক্লান্ত হওয়া, কষ্ট করা, চেষ্টা করা, পরিশ্রম করা। বাবে **تفعيل** থেকে ঠিক করা, সোজা করা, নিয়োগ করা, প্রতিষ্ঠিত করা। বাবে **افعال** থেকে ক্লান্ত করা, হিস্যা নির্ধারণ করা, কষ্ট দেওয়া। বাবে **مفاعلة** থেকে দুশমনী করা, প্রতিদ্বন্দ্বিতা করা। বাবে **افتعال** ও **تفعل** থেকে সোজা দাঁড়ানো, খাড়া হওয়া, স্থাপিত হওয়া, সেট হওয়া। বাবে **تفاعل** থেকে পরস্পর বণ্টন করা, পরস্পর ভাগা-ভাগি করা।

তারকীব : وَ হরফে عطف । لَا يُحْزِنِ ফে'ল, اَللّٰهُ ফায়েল, اَلْاَمِيْرَ - مفعول به তার **فعل** **فاعل** ও **مفعول به** -কে নিয়ে জুমলায়ে **فعليه** হয়ে **معلل** । فَاءِ - تعليليه, اِنَّ হরফে **مشبه** بِالْ **فعل**, নূনে বেক্বায়া ইয়ায়ে **متكلم** তার ইস্‌ম, لام তাকীদ, اٰخُذُ ফে'ল, যমীর اَنَا ফায়েল, بِنَصِيْبِ - بَاء হরফে জার শিবহে ফে'ল مِنْ, مبين হরফে জার (بيانيه), حَالَاتِهِ মুরাক্কাবে اضافى হয়ে نَصِيْبِ

মাজরূর, জার ও মাজরূর মিলে শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল তার متعلق -কে নিয়ে শিবহে جملہ হয়ে باء হরফে জারের মাজরূর, জার মাজরূর মিলে أَخُذُ ফে'লের সাথে متعلق, ফে'ল তার فاعل ও متعلق- -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে ان ـ بتاويل مفرد -এর খবর, ان তার ইস্‌ম্ ও খবরকে নিয়ে জুমলায়ে ইস্‌মিয়ায়ে খবরিয়া হয়ে مُعَلِّل। مُعَلَّل ও مُعَلِّل মিলে جملہ تعليليه হয়ে دعائيه।

١٦٧- وَمَنْ سَرَّ اَهْلَ الْاَرْضِ ثُمَّ بَكٰى اَسًى * بَكٰى بِعُيُوْنٍ سَرَّهَا وَقُلُوْبِ

অর্থ : আর যে ব্যক্তি সমস্ত জগতবাসীকে আনন্দিত করেছে – পরে কোনো দুঃখের কারণে কেঁদেছে, (তবে বলা যায় যে,) সে ঐ সমস্ত অন্তর ও চোখের দ্বারা কেঁদেছে –যেগুলোকে সে (অতীতে) আনন্দ দিয়েছে।

অর্থাৎ কবি বলে যে, আমার প্রশংসিত ব্যক্তির দুঃখ–শুধু তাঁর একা দুঃখ নয়, বরং তাঁর এ দুঃখে ও শোকে সমস্ত দুনিয়াবাসী শরিক– যারা অতীতে তাঁর দ্বারা আনন্দ পেয়েছিল, আনন্দের মধ্যে যখন তাঁর অংশীদার ছিল, এখন তাঁর দুঃখেও অংশীদার থাকবে।

তারকীব : وَ হরফে عطف ـ مَنْ – موصوله (متضمن معنى الشرط)، سَرَّ ফে'ল, যমীর هُوَ ফায়েল, (راجع ـ مَنْ -এর দিকে) اَهْلَ الْاَرْضِ মুরাক্কাবে اضافى হয়ে مفعول به। ফে'ল তার ফায়েল ও مفعول به -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف আলাই। ثُمَّ হরফে عطف، بَكٰى ফে'ল, যমীর هُوَ ফায়েল, اَسًى মাফ্‌উলে লাহু। ফে'ল তার فاعل ও مفعول له -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف। معطوف ও معطوف আলাই মিলে জুমলায়ে عاطفه হয়ে صله। صله ও موصوله মিলে شرط। بَكٰى ফে'ল, যমীর هُوَ فاعل، باء হরফে জার। عُيُوْنٍ মা'তূফ আলাই, و হরফে عطف، قُلُوْبِ – معطوف। معطوف ও معطوف আলাই মিলে موصوف। سَرَّ ফে'ল, যমীর هُوَ ফায়েল, هَا যমীর مفعول به (راجع – عُيُوْنٍ ও قُلُوْبِ এর দিকে) فعل তার فاعل ও مفعول به নিয়ে জুমলায়ে فعليه হয়ে صفت। صفت ও موصوف মিলে মুরাক্কাবে توصيفى হয়ে মাজরূর। জার-মাজরূর মিলে بَكٰى ফে'লের সাথে متعلق, ফে'ল তার فاعل ও متعلق -কে নিয়ে জুমলায়ে فعليه হয়ে جزاء। جزاء ও شرط মিলে جملہ শর্তিয়াহ।

١٦٨- وَاِنِّىْ وَاِنْ كَانَ الدَّفِيْنُ حَبِيْبَهٗ * حَبِيْبٌ اِلٰى قَلْبِىْ حَبِيْبُ حَبِيْبِىْ

অর্থ : আর যদিও দাফনকৃত ব্যক্তি সাইফুদ্দৌলার বন্ধু, কিন্তু অবশ্যই আমার অবস্থা এমন যে, আমার বন্ধুর বন্ধু–আমার অন্তরের বন্ধু।

অর্থাৎ কবি বলে যে, দাফনকৃত য়ামাক যদিও সাইফুদ্দৌলার বন্ধু, কিন্তু আমার অন্তরও তার মহব্বতে বন্দি, কেননা য়ামাক আমার বন্ধু-সাইফুদ্দৌলার বন্ধু। আর বন্ধুর বন্ধু–বন্ধুই হয়, এটাই কানুন।

বিশ্লেষণ : اَلدَّفِيْنُ দাফনকৃত, কবরস্থ, সমাহিত, গুপ্ত, বহুবচন دُفَنَاءُ। دَفِيْنَةٌ মাটির নিচে সংরক্ষিত সম্পদ, গুপ্তধন, বহুবচন دَفَائِنُ। دَفْنٌ দাফন, সমাহিত করণ, কবরস্থকরণ।

বাবে ض থেকে دَفْنًا ـ م দাফন করা, কবর দেওয়া, সমাহিত করা, পুঁতে রাখা। বাবে تفعل ও انفعال থেকে লুকিয়ে যাওয়া, ছুপে যাওয়া, আড়াল হওয়া, গোপন হওয়া। বাবে افتعال থেকে পলায়ন করা, পলানো, ভাগা। বাবে تفاعل থেকে পরস্পর একে অপর থেকে গোপন করা, লুকিয়ে রাখা।

তারকীব : وَ হরফে عطف ، اِنَّ হরফে مشبه بالفعل ، ياء متكلم ইস্‌মে اِنَّ । حَبِيْبُ শিবহে فعل ، اِلَى হরফে জার, قَلْبِى মুরাক্কাবে اضافى হয়ে মাজরূর। জার-মাজরূর মিলে শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে فعل তার متعلق -কে নিয়ে শিবহে জুমলা হয়ে খবরে مقدم । حَبِيْبُ মুযাফ, حَبِيْبِىْ মুরাক্কাবে اضافى হয়ে মুযাফ ইলাই, মুযাফ-মুযাফ ইলাই মিলে মুরাক্কাবে اضافى হয়ে মব্‌তদায়ে مؤخر । খবরে مقدم ও মুব্‌তাদায়ে مؤخر মিলে জুমলায়ে খবরিয়া হয়ে খবরে اِنَّ - اِنَّ তার ইস্‌ম ও খবরকে নিয়ে জুমলায়ে ইস্‌মিয়ায়ে খবরিয়া হয়ে معطوف ।

وَاِنْ ইনে وصليه -এর সাথে وَ অতিরিক্ত, كَانَ ফে'লে ناقص ,اَلدَّفِيْنُ ইস্‌মে كَانَ ,حَبِيْبَهُ মুরাক্কাবে اضافى হয়ে খবরে كَانَ । كَانَ তার ইস্‌ম্ ও খবরকে নিয়ে জুমলায়ে ইস্‌মিয়ায়ে خبريه হয়ে جمله معترضه ।

১৬৯- وَقَدْ فَارَقَ النَّاسُ الْاَحِبَّةَ قَبْلَنَا * وَاَعْيَى دَوَاءُ الْمَوْتِ كُلَّ طَبِيْبِ

অর্থ : আর আমাদের পূর্বেও মানুষ নিজ বন্ধুদের থেকে পৃথক হয়েছে এবং মৃত্যুর প্রতিকার সমস্ত চিকিৎসকদেরকে অক্ষম করে দিয়েছে।

অর্থাৎ য়ামাকের মৃত্যুর ঘটনা- কোনো নুতন ঘটনা নয়, বরং সদা-সর্বদাই মানুষ নিজ বন্ধুদের থেকে পৃথক হচ্ছে এবং কোনো ডাক্তার আজো পর্যন্ত মৃত্যুর কোনো প্রতিষেধক করতে পারে নাই, মৃত্যুর সামনে সকলেই অক্ষম ও নির্বাক।

বিশ্লেষণ : فَارَقَ বাবে مفاعله থেকে পৃথক হওয়া, আলাদা হওয়া, বিচ্ছিন্ন হওয়া, ছেড়ে যাওয়া। বাবে ن ও ض থেকে م - فَرْقًا ও فُرْقَانًا পৃথক করা, বিদীর্ণ করা, পার্থক্য করা, জুদা করা, আলাদা করা। বাবে س থেকে م - فَرَقًا ভীত হওয়া, ভয় করা, ভয় পাওয়া, আতঙ্কিত হওয়া, শঙ্কিত হওয়া, দিশেহারা হওয়া, হতভম্ব হওয়া। বাবে افعال থেকে اَلطَّائِرُ পাখি বিষ্ঠা করা। বাবে تفعيل থেকে ভাগ করা, বিভক্ত করা, আলাদা করা, بصله بَيْنَ বিভেদ সৃষ্টি করা, বিভক্ত করা, পার্থক্য করা, পৃথক করা। বাবে تفعل - افتعال ও انفعال থেকে পৃথক হওয়া, ভিন্ন হওয়া, বিচ্ছিন্ন হওয়া, আলাদা হওয়া।

فَارِقَةٌ ও فَارِقٌ পার্থক্যকারী, বিভেদ সৃষ্টিকারী। فَرِيْقٌ দল, গোষ্ঠী, শ্রেণী, বহুবচন فُرُوْقٌ ও فَرِيْقٌ । فَرِيْقٌ اَوَّلُ লেফটেনেন্ট জেনারেল, জেনারেল (পদ), বহুবচন فُرَقَاءُ । فَرِيْقٌ জেনারেল। اَفْرِقَةٌ ثَانِىْ লেফটেনেন্ট জেনারেল। فُرْقَةٌ মানুষের দল, বহুবচন فِرَقٌ ।

اَعْيٰى বাবে افعال থেকে অক্ষম করা, অপারগ করা। বাবে س থেকে م - عِيًا ও عَيَاءٌ এবং বাবে ف- থেকে م - عَيًّا অক্ষম হওয়া, অপারগ হওয়া, অসমর্থ হওয়া। বাবে مفاعله ও تفعيل থেকে অস্পষ্ট কথা বলা। বাবে تفاعل থেকে অক্ষম করা। বাবে استفعال থেকে আযোগ্য হওয়া, অক্ষম হওয়া।

عَيٌّ অক্ষমতা, কথা বলতে অক্ষমতা, ক্লান্তি। عَيَاءٌ অক্ষমতা, অপারগতা, ব্যর্থতা, দুর্বলতা, ক্লান্তি।

طَبِيْبٌ চিকিৎসক, ডাক্তার, বহুবচন اَطِبَّاءُ । طَبِيْبُ الْاَسْنَانِ দন্ত চিকিৎসক, দাঁতের ডাক্তার। طَبِيْبٌ جَرَّاحٌ শল্য চিকিৎসক, সার্জন। طَبِيْبُ الْعُيُوْنِ চক্ষু-চিকিৎসক, চোখের ডাক্তার।

বাবে ن ও ض থেকে م - طَبًّا চিকিৎসা করা, ডাক্তারী করা। বাবে مفاعله থেকে প্র্যাক্টিস করা। বাবে تفعل থেকে ডাক্তার হওয়া, চিকিৎসক হওয়া। বাবে استفعال থেকে ঔষধ নির্ধারণ করানো।

طِبٌّ ইচ্ছা, খাহেশ, মনের চাহিদা, অবস্থা, মর্যাদা, অভ্যাস। طِبٌّ চিকিৎসা, চিকিৎসা -বিজ্ঞান। طِبَابَةٌ চিকিৎসা, চিকিৎসকের পেশা, ডাক্তারী।

তারকীব : وَ হরফে عطف, قَدْ فَارَقَ ফে'ল, النَّاسُ ফায়েল الْاَحِبَّةَ - مفعول به ، قَبْلَنَا মুরাক্কাবে اضافى হয়ে مفعول فيه। فعل তার ফায়েল مفعول به ও যরফ مفعول فيه-কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف আলাই। وَ হরফে عطف, اَعْيَى ফে'ল, دَوَاءُ الْمَوْتِ মুরাক্কাবে اضافى হয়ে مفعول به। فعل তার فاعل ও مفعول به-কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف। معطوف ও معطوف আলাই মিলে জুমলায়ে عاطفه। কে- كُلَّ طَبِيْبٍ মুরাক্কাবে اضافى হয়ে فاعل,

১৭০- سُبِقْنَا اِلَى الدُّنْيَا فَلَوْعَاشَ اَهْلُهَا * مُنِعْنَا بِهَا مِنْ جَيْئَةٍ وَ ذُهُوْبٍ

অর্থ : (সাইফুদ্দৌলাকে সান্ত্বনা দেওয়ার লক্ষ্যে কবি এ কবিতায় বলেছে:) আমরা দুনিয়াতে পরে এসেছি, যদি দুনিয়াবাসী সকলেই জীবিত থাকত, তবে আমাদেরকে দুনিয়াতে আসা -যাওয়াতে বাধা দেওয়া হতো।

অর্থাৎ আমাদের পূর্বে দুনিয়াতে কোটি কোটি মানুষ সৃষ্টি হয়েছে এবং চলে গেছে, প্রথম সৃষ্টি থেকে নিয়ে এ পর্যন্ত সমস্ত সৃষ্টি যদি জীবিত থাকত, তবে জমিন সংকীর্ণ হয়ে যেত এবং দুনিয়াতে চলাফেরা কত পূর্বেই বন্ধ হয়ে যেত।

বিশ্লেষণ : سُبِقْنَا - جمع متكلم ، بحث ماضى مجهول, বাবে ض ও ن থেকে سَبْقًا - م অগ্রবর্তী হওয়া, পূর্ববর্তী হওয়া, আগে যাওয়া, আগে হওয়া। বাবে تفعيل থেকে অগ্রবর্তী করা, পূর্ববর্তী করা, আগে নেওয়া, এগিয়ে আনা। বাবে مفاعله থেকে আগে যাবার চেষ্টা করা, প্রতিযোগিতা করা, দৌড়ানো। বাবে تفاعل ও افتعال থেকে আগে বাড়ার মধ্যে প্রতিযোগিতা করা।

سَبْقٌ অগ্রবর্তিতা, পূর্ববর্তিতা। سَابِقٌ সাবেক, পূর্ববর্তী, অগ্রবর্তী, অগ্রগামী, বিজয়ী, বহুবচন سَابِقُوْنَ ও سُبَّاقٌ। سَابِقًا পূর্বে, আগে, ইতঃপূর্বে। سَابِقَةٌ - অগ্রাধিকার, পূর্বদৃষ্টান্ত, নজির, পূর্বের রেকর্ড, অতীত ইতিহাস, বহুবচন سَوَابِقُ।

اَلدُّنْيَا এটা اَدْنَى ইসমে তাফযীলের مؤنث, নিকটতর, ন্যূনতম, নগণ্যতর, নিকৃষ্টতর, নিম্নতর।

دُنْيَا পৃথিবী, দুনিয়া, বিশ্ব, জগৎ, ইহকাল, ইহলোক, বহুবচন دُنًى। دَنِىٌّ ও دَنِيَّةٌ নীচ, হীন, নিকৃষ্ট, ইতর। دُنُوٌّ নিকটত্ব, সান্নিধ্য, ঘনিষ্ঠতা। دُنْيَاوِىٌّ - دُنْيَاوِيَّةٌ পার্থিব, জাগতিক, ইহকালীন, ইহলৌকিক, ধর্মনিরপেক্ষ। دُنْيَاوِيَّةٌ পার্থিবতা, জাগতিকতা, দুনিয়াদারি, ধর্মনিরপেক্ষতা। دَنِىٌّ - دَنِيْئَةٌ নীচ, হীন, নিকৃষ্ট, ইতর। دُنْيَوِىٌّ - دُنْيَوِيَّةٌ পার্থিব, জাগতিক, ইহকালীন, ইহলৌকিক, ধর্মনিরপেক্ষ। دُنْيَوِيَّةٌ পার্থিবতা, জাগতিকতা, দুনিয়াদারি, ধর্মনিরপেক্ষতা। دَنَاءَةٌ নীচতা, হীনতা, নিকৃষ্টতা। دَنَاوَةٌ কাছ, নিকটত্ব, সান্নিধ্য, ঘনিষ্ঠতা।

বাবে ن থেকে دُنُوًّا - م নিকটবর্তী হওয়া, কাছে আসা, ঘনিয়ে আসা, ঘনিষ্ঠ হওয়া। বাবে ن থেকে دَنَاءَةً ـ م হীন হওয়া, নীচ হওয়া, নিকৃষ্ট হওয়া, ইতর হওয়া। বাবে س থেকে دَنًا ـ م دَنَايَةً নিম্নমানের হওয়া, নিকৃষ্ট হওয়া। বাবে تفعيل থেকে تَدْنِيَةً - م কাছে করা, নিকটে করা। বাবে افعال থেকে সংকীর্ণ জীবন যাপন করা, নিকটবর্তী হওয়া, নিকটস্থ করা, কারো নিকটে করা। বাবে تفعل থেকে অল্প অল্প নিকট হওয়া। বাবে تفاعل থেকে একে অপরের নিকট হওয়া। বাবে استفعال থেকে নিকটস্থ হওয়ার জন্য বলা, সান্নিধ্যে আসার জন্য বলা।

عَاشَ বাবে ض থেকে م - عَيْشًا - عَيْشَةً - مَعَاشًا - مَعِيْشًا - مَعِيْشَةً ও عَيْشُوْشَةً বেঁচে থাকা, জীবন যাপন করা, জীবিকা নির্বাহ করা। বাবে افعال ও تفعيل থেকে বাঁচানো, বাঁচতে দেওয়া, জীবিকার ব্যবস্থা করা। বাবে تفعل থেকে জীবন যাপনের সামানাদির জন্য চেষ্টা করা। বাবে تفاعل থেকে একসাথে জীবন যাপন করা।

عَيْشٌ জীবন, জীবনপদ্ধতি, জীবনযাত্রা, জীবিকা, খাদ্য, রুটি। عِيْشَةٌ জীবনপদ্ধতি, জীবনযাত্রা, জীবিকা, জীবন। عَيَّاشٌ রুটি বিক্রেতা, খাদ্যদ্রব্য বিক্রেতা।

جَيْئَةٌ - جِيْئَةٌ আগমন, উপস্থিতি। বাবে ض ও ن থেকে م - مَجِيْئًا - مَجِيْئَةً ও جَيًّا - جَيْئَةً আসা, আগমন করা, পৌঁছা, সম্পন্ন করা, بصله بَاء নিয়ে আসা, আনা, আনয়ন করা।

ذُهُوْبٌ বাবে ف থেকে م - ذَهَابًا - ذُهُوْبًا ও مَذْهَبًا যাওয়া, গমন করা, চলে যাওয়া, উধাও হওয়া, মরে যাওয়া, بصله باء সঙ্গে নেওয়া, নিয়ে যাওয়া, উধাও করা, ধ্বংস করা, অবসান করা। বাবে س থেকে م - ذَهَبًا স্বর্ণের খনিতে অনেক স্বর্ণ পেয়ে হতভম্ব হওয়া। বাবে افعال ও تفعيل থেকে স্বর্ণের কালাই করা, স্বর্ণের রঙ্গে রঙ্গীন করা। ذَهَبٌ স্বর্ণ, সোনা, কণক, সুবর্ণ, সর্ণপিণ্ড, স্বর্ণমুদ্রা, বহুবচন ذُهُوْبٌ ـ أَذْهَابٌ ও ذُهْبَانٌ। ذَهَابًا ও إِيَابًا যেতে আসতে, আসতে যেতে, যাওয়া আসার, আসা-যাওয়ার। ذهاب গমন, যাওন, প্রস্থান, সমাপ্তি, মৃত্যু। ذَهَابٌ ও إِيَابٌ যাওয়া-আসা, আসা-যাওয়া।

তারকীব : سُبِقْنَا ফে'লে مجهول, যমীর نَحْنُ নায়েবে فاعل ، إِلَى الدُّنْيَا জার-মাজরূর মিলে ফে'লের সাথে متعلق। فعل তার নায়েবে فاعل ও متعلق-কে নিয়ে জুমলায়ে فعليه হয়ে معلل। فَاء ـ تعليليه, لَوْ হরফে شرط, عَاشَ ফে'ল أَهْلُهَا মুরাক্কাবে اضافى হয়ে فاعل, ফেয়েল-তার فاعل-কে নিয়ে জুমলায়ে فعليه হয়ে شرط। مُنِعْنَا ফে'লে مجهول যমীর نَحْنُ নায়েবে فاعل ، بِهَا জার-মাজরূর মিলে ফে'লের সাথে متعلق আউয়াল, مِنْ হরফে জার, جِيْئَةٍ - معطوف আলাই। وَ হরফে عطف, ذُهُوْبِ ـ معطوف, معطوف ও معطوف আলাই মিলে মাজরূর, জার-মাজরূর মিলে ফে'লের সাথে متعلق ثانى। فعل তার নায়েবে فاعل ও উভয় متعلق-কে নিয়ে জুমলায়ে فعليه হয়ে جزاء। شرط ও جزاء মিলে جمله شرطيه হয়ে مُعَلَّلٌ। مُعَلَّلٌ ও مُعَلِّلٌ মিলে جمله تعليليه।

١٧١- تَمَلَّكَهَا الْآتِى تَمَلُّكَ سَالِبٍ * وَفَارَقَهَا الْمَاضِىْ فِرَاقَ سَلِيْبِ

অর্থ : আগমনকারী অপহরণকারীর ন্যায় দুনিয়ার মালিক হয়ে যায়, আর অতিক্রমকারী লুটের সম্পদ ফেলে দেওয়ার ন্যায় দুনিয়াকে ফেলে চলে যায়।

অর্থাৎ দুনিয়াতে যে আসে সে তার পৈত্রিক সম্পদগুলোকে এমনভাবে কব্জা করে নেয়– মনে হয় যে, তার নিজস্ব কামাই। অথচ এ সম্পদগুলোতে তার কোনো শ্রমই নেই। আর যে এ সম্পদগুলো ফেলে চলে যায়– সে এমন নির্দয়ভাবে ফেলে শূন্য হাতে চলে যায়, মনে হয় যে, এগুলো লুটের সম্পদ ছিল। অসুবিধায় পড়েছে– নিয়ে যেতে পারছে না, তাই যেখানে সেখানে ফেলে রিক্ত হস্তে চলে যায়।

বিশ্লেষণ : سَالِبٌ - واحد مذكر - بحث اسم فاعل, বাবে ن থেকে م - سَلْبًا ও سَلَبًا লুণ্ঠন করা, অপহরণ করা, ছিনিয়ে নেওয়া। বাবে س থেকে م - سَلَبًا শোকের বস্ত্র পরিধান করা। বাবে انفعال থেকে অনেক দ্রুত চলা।

سَلْبٌ লুণ্ঠন, লুট, অপহরণ, ছিনতাই। سَلَبٌ লুটের মাল, লুণ্ঠিত দ্রব্য, জবাইকৃত পশুর পা, চামড়া, ভুঁড়ি ইত্যাদি, বহুবচন أَسْلَابٌ। سَلْبِيٌّ - سَلْبِيَّةٌ না-সূচক, না-বোধক, নেতিবাচক।

سَلِيْبٌ বুদ্ধিহারা কিংবা সম্পদহারা বা যার সম্পদ লুট করা হয়েছে। اُسْلُوْبٌ রাস্তা, পদ্ধতি, অভ্যাস, নিয়ম, বহুবচন اَسَالِيْبُ।

তারকীব : تَمَلَّكَ ফে'ল, هَا যমীর مفعول به, اَلْاٰتِيْ ফায়েল سَالِبٍ تَمَلُّكَ মুরাক্কাবে اضافى হয়ে مفعول مطلق। فعل তার فاعل ও مفعول به এবং مفعول مطلق- কে নিয়ে জমলه فعليه হয়ে معطوف আলাই। وَ হরফে عطف, فَارَقَ ফে'ল, هَا যমীর مفعول به, اَلْمَاضِيْ ফায়েল, فِرَاقَ سَلِيْبٍ মুরাক্কাবে اضافى হয়ে مفعول مطلق। فعل তার فاعل ও مفعول به এবং مفعول مطلق- কে নিয়ে جمله فعليه হয়ে معطوف। معطوف ও معطوف عليه মিলে جمله عاطفه।

١٧٢- وَلَا فَضْلَ فِيْهَا لِلشَّجَاعَةِ وَالنَّدٰى * وَصَبْرِ الْفَتٰى لَوْلَا لِقَاءُ شُعُوْبِ

অর্থ : আর যদি মৃত্যুর সাথে সাক্ষাৎ না হতো, তবে বিক্রমের ও দানশীলতার এবং যুবকদের ধৈর্যের কোনো মর্যাদা হতো না।

অর্থাৎ বীরের বীরত্বের প্রশংসা এ জন্য হয় যে, মৃত্যুকে অকাট্য জানা সত্ত্বেও ভয়াতুর থেকে ভয়াতুর কাজ করে সফলতা অর্জন করে, তবেই তো পৃথিবী তার প্রশংসা করে। কেননা, মৃত্যুর চোখে আঙ্গুল রেখে কোনো কঠিন কাজের জন্য আগে বাড়া সর্বজনের কাজ নয়। যদি মৃত্যু না-ই আসত, তবে সকল মানুষই বীর পুরুষ হয়ে যেত, কেননা, প্রাণনাশের আশঙ্কাই যদি না থাকে, তবে বীরত্ব প্রশংসার যোগ্য কোনো গুণই থাকবে না।

এমনিভাবে মৃত্যু না থাকলে উদারতার কোনো মূল্যই হতো না। কেননা, কেউ যদি দান-খয়রাত করে নিজ সম্পদ শেষ করে দেয়, আর এমতাবস্থায় যদি তার মৃত্যু না আসত, তবে সে বেঁচে থেকে ভবিষ্যতে আবারও সম্পদ উপার্জন করে সচ্ছল হতে পারত, কিন্তু এখন মৃত্যু অকাট্য হওয়ার কারণে এ উপার্জনের সুযোগ হয়তো সে আর নাও পেতে পারে, তাই তার উদারতার মূল্য রয়েছে–মৃত্যু থাকার কারণে।

তেমনিভাবে মৃত্যু না থাকলে ধৈর্যের কোনো মূল্যই হতো না। কেননা, কোনো সক্ষম যুবক যদি বিপদে ধৈর্যধারণ করে–এমতাবস্থায় যদি তার মৃত্যু না আসত, তবে সে বেঁচে থেকে ভবিষ্যতে পুনরায় শান্তি লাভ করতে পারত, কিন্তু এখন মৃত্যু অকাট্য হওয়ার কারণে এ শান্তি লাভের সুযোগ হয়তো আর নাও পেতে পারে, তাই তার ধৈর্যের মূল্য রয়েছে মৃত্যু থাকার কারণে।

বিশ্লেষণ : اَلنَّدٰى শিশির, সিক্ততা, দানশীলতা, বদান্যতা, উদারতা, বহুবচন اَنْدَاءٌ ও اَنْدِيَةٌ। نَدِىٌّ - نَدِيَّةٌ সিক্ত, আর্দ্র, সেঁতসেঁতে, উদার, মুক্তহস্ত, দানশীল।

বাবে ن থেকে نَدْوًا একত্রে মিলিত হওয়া, সমবেত হওয়া, সমবেত করা। বাবে س থেকে نَدًى - نَدَاوَةً ও نُدُوَّةً ভিজা হওয়া, আর্দ্রতা হওয়া। বাবে تفعيل থেকে تَنْدِيَةً ভিজানো। বাবে مفاعله থেকে ডাকা, আহ্বান করা, তলব করা, ঘোষণা করা। বাবে افعال থেকে অনেক উদার হওয়া, অনেক দানশীল হওয়া। বাবে تفعل থেকে দানশীল হওয়া, দয়ালু হওয়া, তৃপ্ত হওয়া। বাবে تفاعل থেকে একে অপরকে ডাকা, একে অপরকে আহ্বান করা। বাবে انفعال থেকে সমাবেশে উপস্থিত হওয়া।

صَبْرٌ সবুর, ধৈর্য, সহ্য, সহিষ্ণুতা, সহনশীলতা। صَبْرَةٌ তীব্র ঠাণ্ডা, প্রচণ্ড শীত। صبرة স্তূপ, রাশি, ঢিপি, গাদা। صَبِيْرٌ ধৈর্যশীল, সহনশীল, সহিষ্ণু, কষ্টসহিষ্ণু। صَبُوْرٌ - صَبُوْرَةٌ ধৈর্যশীল, সহনশীল, সহিষ্ণু, কষ্টসহিষ্ণু।

বাবে ض থেকে م - صَبْرًا সবর করা, ধৈর্যধারণ করা, সহ্য করা, সহিষ্ণু হওয়া। বাবে ن থেকে بصله بِهٖ - صَبَارَةً - صَبْرًا - م জিম্মাদার হওয়া। বাবে تفعيل থেকে সান্ত্বনা দেওয়া, ধৈর্য ধারণের কথা বলা। বাবে مفاعله থেকে ধৈর্যধারণে জয়ী হওয়া। বাবে تفعل থেকে ভান করে ধৈর্য প্রকাশ করা। বাবে افتعال থেকে সহ্য করা। বাবে استفعال থেকে الشَّئُ। মোটা হওয়া।

شُعُوْب মৃত্যুর ইল্‌ম, মৃত্যুর অবগতি, মৃত্যু সম্পর্কে জানা, এটা গাইরে منصرف। شَعْبٌ জাতি, জনগণ, জনগোষ্ঠী, বংশ, গোত্র, বহুবচন شُعُوْبٌ। شَعْبَانٌ শাবান মাস : আরবি ৮ম মাস। شُعْبَةٌ শাখা, বিভাগ, অংশ, বহুবচন شُعَبٌ। شَعْبِيٌّ - شَعْبِيَّةٌ জাতীয়, জনপ্রিয়, গণ, জন, লোক। شَعْبِيَّةٌ জনপ্রিয়তা, লোকপ্রিয়তা, লোক-প্রচলন। مَشْعَبٌ রাস্তা, সঠিক পথ।

বাবে ف থেকে م - شَعْبًا একত্রিত করা, পৃথক করা, ঠিক করা, সংশোধন করা, বিনষ্ট করা, بصله الشَّئُ প্রকাশ হওয়া। বাবে تفعيل ও افعال থেকে শাখা গঠন করা, বিভিন্ন শাখায় বিভক্ত করা, ভাগ ভাগ করা। বাবে تفعل থেকে ভাগ ভাগ হওয়া, বিভিন্ন শাখায় বিভক্ত হওয়া। বাবে انفعال থেকে পৃথক হওয়া, বিভক্ত হওয়া, ভাগ হওয়া, শাখা-প্রশাখায় ছড়িয়ে পড়া بصله الرَّجُلُ মরে যাওয়া।

তারকীব : وَ হরফে عطف, لَا লায়ে নফী جنس, فَضْلَ শিবহে ফে'ল, فِيْهَا জার-মাজরূর মিলে শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল তার মুতাআল্লিককে নিয়ে ইস্‌মে لَا, لِ হরফে জার, الشَّجَاعَةِ - معطوف ও معطوف আলাই, وَ হরফে عطف, النَّدٰى - معطوف আলাই, وَ হরফে عطف - معطوف, الشَّجَاعَةِ । معطوف হয়ে اضافى মুরাক্কাবে صَبْرِ الْفَتٰى মা'তূফ আলাই তার উভয় কে নিয়ে জুমলায়ে আতেফা হয়ে মাজরূর, জার-মাজরূর মিলে موجود মাহযূফ শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল তার متعلق-কে নিয়ে শিবহে জুমলা হয়ে খবরে لَا। لَا তার اسم ও خبر-কে নিয়ে জুমলায়ে ইস্‌মিয়ায়ে খবরিয়া হয়ে জওয়াবে لَوْلَا। لَوْلَا হরফে شرط - لقاء شعوب মুরাক্কাবে اضافى হয়ে مبتدأ হয়ে شرط, আর لَا فَضْلَ فِيْهَا পুরা বাক্য খবর ও জওয়াবে لَوْلَا।

বি: দ্র: لَوْلَا-এর আসল হচ্ছে لَوْ, এর সাথে لَا যায়েদা। এর জন্য জওয়াব অত্যাবশ্যক।

١٧٣- وَاَوْفٰى حَيٰوةِ الْغَابِرِيْنَ لِصَاحِبِ * حَيٰوةُ امْرِئٍ خَانَتْهُ بَعْدَ مَشِيْبِ

অর্থ : আর অতিবাহিত লোকদের জীবনসমূহের মধ্যে সবচেয়ে অধিক পরিপূর্ণকারী ঐ ব্যক্তির জীবন, যার জীবন তার শুভ্রতার পর তার সাথে বিশ্বাসঘাতকতা করেছে।

অর্থাৎ আমীর সাইফুদ্দৌলাকে সান্ত্বনা দেয়ার লক্ষ্যে কবি বলেছে যে, জীবন বা হায়াত-সর্বদাই বিশ্বাসঘাতক, নির্দিষ্ট সময় পর্যন্ত সাথে থেকে ছেড়ে চলে যায়। হ্যাঁ এর মধ্যে কিছু বিশ্বস্ততা ও পরিপূর্ণতা পাওয়া যায় ঐ জীবন বা হায়াতের মধ্যে, যে বার্ধক্য কালে সঙ্গ ছেড়ে চলে যায়। মোটকথা, এটাও (বার্ধক্য কালে ছেড়ে চলে যাওয়াও) একটি বিশ্বাসঘাতকতা, কিন্তু যৌবনকালে ও শিশুকালে ছেড়ে চলে যাওয়ার চেয়ে কম বিশ্বাসঘাতকতা।

বিশ্লেষণ : حَيٰوةٌ হায়াত, জীবন, প্রাণ, বহুবচন حَيَوَاتٌ। حَيِّيٌ - حَيَّةٌ জীবিত, জীবন্ত, উর্বর (ভূমি)। حَيٌّ জীব, প্রাণী, গোত্র, মহল্লা, পাড়া, বহুবচন اَحْيَاءٌ। اَلْحَيُّ চিরঞ্জীবি, চিরঞ্জীব (আল্লাহ)। حَيَّ (ইসমে ফে'ল) এসো, অগ্রসর হও। حَيَاءٌ লজ্জা, শরম, হায়া, লাজুকতা। حَيَّةٌ

সর্প, বহুবচন حَيَّاتٌ ও حَيَوَاتٌ। বাবে س থেকে حَيَاةٌ - م জীবিত থাকা, বেঁচে থাকা। বাবে تفعيل থেকে تَحِيَّةٌ - م জীবিত রাখা, বাঁচিয়ে রাখা, দীর্ঘজীবী করা, সালাম দেওয়া, অভিবাদন জানানো। حَيَّاكَ اللّٰهُ আল্লাহ তোমাকে বাঁচিয়ে রাখুন। দীর্ঘজীবী করুন (বলা)। বাবে استفعال থেকে লজ্জা করা, লাজুকতা প্রকাশ করা।

اَلْغَابِرِيْنَ - بحث اسم فاعل - جمع مذكر বাবে ن থেকে غُبُوْرًا - م বিগত হওয়া, অতীত হওয়া, ধূলিবর্ণ হওয়া, ধূসর হওয়া। বাবে تفعيل থেকে ধূলি মাখানো, ধূলি মিশ্রিত করা, ধুলায় আচ্ছাদিত করা, ধূলি উড়ানো। বাবে افعال থেকে ধূলি উড়ানো, ধুলায় আচ্ছাদিত হওয়া। غُبْرٌ অবশিষ্ট বস্তু, বহুবচন اَغْبَارٌ। غَبَرَةٌ ধূলি, ধুলা, ধুলো। غُبْرَةٌ ধূসরত্ব, ধূসর বর্ণ, ধূলির রঙ। غَبْرَاءُ ধুলায় আবৃত, ধূলিময়, ধূলিবর্ণ, ধূসর (اَغْبَرُ-এর مؤنث)। غُبَارٌ ধূলি, ধুলা, ধুলো, বহুবচন اَغْبِرَةٌ। غُبَّرٌ ধুলায় আবৃত, ধূলিময়, ধূলিবর্ণ, ধূসর, (اَغْبَرُ-এর বহুবচন)।

خَانَتْهُ - خَانَتْ - واحد مؤنث غائب - بحث فعل ماضى معروف বাবে ن থেকে مَخَانَةً خِيَانَةً - خَوْنًا ও خَانَةً - م বিশ্বাসঘাতকতা করা, বিশ্বাস ভঙ্গ করা, খেয়ানত করা। বাবে تفعيل থেকে খেয়ানতের দিকে নিসবত করা, খেয়ানতকারী বলা। বাবে تفعل থেকে অল্প অল্প করে কমানো, রক্ষণাবেক্ষণ করা। বাবে افتعال থেকে খেয়ানত করা, চুরি করা। বাবে استفعال থেকে খেয়ানত করার ইচ্ছা করা।

خَانٌ সরাইখানা, পান্থশালা, হোটেল, দোকান, খানা, ঘর, বহুবচন خَانَاتٌ। خِوَانٌ - خُوَانٌ দস্তরখান, বহুবচন خُوْنٌ ও اَخْوِنَةٌ। خَانَةٌ ঘর, জায়গা, স্থান, স্তম্ভ, বহুবচন خَانَاتٌ।

مَشِيْبٌ বাবে ض থেকে شَيْبًا - شَيْبَةً - م مَشِيْبًا বৃদ্ধ হওয়া, শুভ্র হওয়া, চুল পাকা। বাবে تفعيل থেকে (কেশ) শুভ্র করা, পাকানো, শুভ্রকেশী করা, চুল পাকানো।

شَيْبٌ - شَيْبَةٌ শুভ্রকেশ, শুভ্রতা, বার্ধক্য। شِيْبٌ শুভ্র, পাকা (চুল), শুভ্র চুল বিশিষ্ট, শুভ্রকেশ, বৃদ্ধ, (اَشْيَبُ-এর বহুবচন)। شَيْبَاءُ শুভ্র, পাকা (চুল), শুভ্র চুল বিশিষ্ট, শুভ্রকেশী, বৃদ্ধ, (اَشْيَبُ-এর مؤنث)।

তারকীব : وَ হরফে عطف، اَوْفٰى ইস্‌ম تفضيل শিবহে ফে'ল মুযাফ, حَيٰوةُ الْغَابِرِيْنَ মুরাক্কাবে اضافى হয়ে মুযাফ ইলাই, لام হরফে জার, صَاحِبٍ মাজরূর, জার ও মাজরূর মিলে শিবহে ফে'লের সাথে متعلق। শিবহে ফে'ল তার মুযাফ ইলাই ও متعلق কে নিয়ে শিবহে জুমলা হয়ে মুবতাদা।

حَيٰوةُ اَمْرِئٍ মুরাক্কাবে اضافى হয়ে موصوف। خَانَتْ ফে'ল, যমীর هِىَ ফায়েল, ةٌ মাফউলে বিহী, بَعْدَ জরফ মুযাফ, مَشِيْبِ মুযাফ ইলাই, মুযাফ-মুযাফ ইলাই মিলে خَانَتْ ফে'লের সাথে متعلق। ফে'ল তার فاعل ও مفعول به এবং متعلق-কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে صفت, موصوف ও صفت মিলে মুরাক্কাবে توصيفى হয়ে খবর। مبتدا ও خبر মিলে জুমলায়ে خبريه হয়ে معطوف।

١٧٤- لَا بْقَى يَمَاكُ فِىْ حَشَاىَ صَبَابَةً * اِلٰى كُلِّ تُرْكِيِّ النَّجَارِ جَلِيْبِ

١٧٥- وَمَا كُلُّ وَجْهٍ اَبْيَضٍ بِمُبَارَكٍ * وَلَا كُلُّ جَفْنٍ ضَيِّقٍ بِنَجِيْبِ

١٧٦- لَئِنْ ظَهَرَتْ فِيْنَا عَلَيْهِ كَابَةً * لَقَدْ ظَهَرَتْ فِىْ حَدِّ كُلِّ قَضِيْبِ

١٧٧- وَفِىْ كُلِّ قَوْسٍ كُلَّ يَوْمِ تَنَاضُلٍ * وَفِىْ كُلِّ طِرْفٍ كُلَّ يَوْمِ رُكُوْبِ

١٧٨- يَعِزُّ عَلَيْهِ اَنْ يُخِلَّ بِعَادَةٍ * وَتَدْعُوْ لِاَمْرٍ وَهُوَ غَيْرُ مُجِيْبِ

١٧٩- وَكُنْتُ اِذَا اَبْصَرْتُهٗ لَكَ قَائِمًا * نَظَرْتُ اِلٰى ذِىْ لِبْدَتَيْنِ اَدِيْبِ

١٨٠- فَاِنْ يَكُنِ الْعِلْقَ النَّفِيْسَ فَقَدْتَهٗ * فَمِنْ كَفِّ مِتْلَافٍ اَغَرَّ وَهُوْبِ

١٨١- كَاَنَّ الرَّدٰى عَادٍ عَلٰى كُلِّ مَاجِدٍ * اِذَا لَمْ يُعَوِّذْ مَجْدَهٗ بِعُيُوْبِ

١٧٤- لَا بْقَى يَمَاكُ فِىْ حَشَاىَ صَبَابَةً * اِلٰى كُلِّ تُرْكِيِّ النَّجَارِ جَلِيْبِ

অর্থ : আল্লাহর কসম য়ামাক আমার অন্তরে প্রত্যেক আসল তুর্কী আমদানিকৃত ক্রীতদাসের জন্য মহব্বত স্থায়ী করে রেখে গেছে।

অর্থাৎ য়ামাকের সাথে যে আন্তরিকতা ও মহব্বত ছিল, সে আন্তরিকতা ও মহব্বতের কারণে এখন যে ব্যক্তিই য়ামাকের ন্যায় খাঁটি তুর্কী হবে, তার জন্যই আমার অন্তরে মহব্বত আছে। কেননা, সে য়ামাকের বংশধর।

বিশ্লেষণ : جَلِيْبِ শব্দটি مَجْلُوْبٌ অর্থে আমদানিকৃত, এক শহর থেকে অন্য শহরে আনা হয়েছে। جَلَّابٌ ক্রীতদাসদেরকে ব্যবসার উদ্দেশে এক শহর থেকে অন্য শহরে আমদানীকারী। আমদানিকারক, বহুবচন جَلَّابُوْنَ। جَلَّابَةٌ - جَلَّابٌ আকর্ষক, আকর্ষণীয়। جَلْبٌ আকর্ষণ, আনয়ন, উপস্থাপন, অর্জন, আমদানি। جِلْبَابٌ শেমিজ, ব্লাউজ, বড় চাদর, বহুবচন جَلَابِيْبُ। جِلْبَةٌ (জামার) আস্তিন, আস্তীন, হাতা। جُلْبَةٌ (ক্ষেতের) মামড়ি, মামড়ী। جُلْبٌ গুনাহ, অন্যায়।

বাবে ن ও ض থেকে م - جَلْبًا - جَلَبًا আকর্ষণ করা, উপস্থিত করা, আনা; টেনে আনা, লাভ করা, আমদানি করা। বাবে تفعيل থেকে চিৎকার করা, চিল্লা-ফাল্লা করা। বাবে افعال থেকে আনা, নিয়ে আসা, টেনে আনা, জড়ো করা, শোরগোল করা, গণ্ডগোল করা। বাবে انفعال থেকে আকৃষ্ট হওয়া, আমদানি হওয়া। বাবে افتعال থেকে আনা। বাবে استفعال থেকে আমদানি করা, আনতে চাওয়া, পেতে চাওয়া, তলব করা, লাভ করা, আকর্ষণ করা, কোনো কিছু হাসেল করা, কোনো কিছু পাওয়া, অর্জন করা।

تُرْكِيِّ - ياء নিসবতী, তুরস্কের দিকে নিসবত করা হয়েছে। ও النَّجَارِ

اَلنِّجَارِ অর্থ- আসল, খাঁটি, বংশ, রঙ। اَلنِّجَارَةُ সূত্রধরের কাজ, ছুতারগিরি। نَجَّارٌ কাঠমিস্ত্রি, সূত্রধর, ছুতার, বহুবচন نَجَّارُوْنَ। نَجْرَانُ নাজরান, হেজায ও ইয়ামনের মধ্যবর্তী একটি স্থান।

বাবে ن থেকে م - نَجْرًا - بصله اَلْيَوْمُ দিন গরম হওয়া, اَلرَّجُلَ প্রহার করে সরিয়ে দেওয়া, اَلْخَشَبَ কাঠ কাটা, রেঁদা মেরে সমান করা। বাবে س থেকে م - نَجَرًا অধিক পিপাসিত হওয়া।

তারকীব : لَام কসম মাহ্যূফের জওয়াব, اَبْقَى ফে'ল, يَمَاكُ ফায়েল, فِىْ হরফে জার, حَشَاىَ মুরাক্কাবে اضافى হয়ে মাজরূর। জার-মাজরূর মিলে ফে'লের সাথে متعلق মাসদার - صَبَابَةً , শিবহে ফে'ল, اِلَى হরফে জার, كُلِّ মুযাফ, عَبْدٍ (মাহ্যূফ) موصوف, تُرْكِيِّ النَّجَارِ এযাফতে لفظى হয়ে توصيفى তার উভয় صفت কে নিয়ে মুরাক্কাবে موصوف। صفت ثانيه - جَلِيْبٍ، صفت اولى হয়ে মুযাফ ইলাই, كُلِّ মুযাফ তার মুযাফ ইলাইকে নিয়ে মাজরূর, জার-মাজরূর মিলে শিবহে ফে'লের সাথে متعلق। শিবহে ফে'ল তার متعلق-কে নিয়ে শিবহে জুমলা হয়ে ابقى، مفعول به ফে'ল তার فاعل ও متعلق এবং مفعول به-কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে لَقَدْ اَبْقَى কসমে মাহ্যূফের জওয়াবে قسم।

١٧٥- وَمَا كُلُّ وَجْهٍ اَبْيَضٍ بِمُبَارَكٍ * وَلَا كُلُّ جَفْنٍ ضَيِّقٍ بِنَجِيْبٍ

অর্থ : আর প্রত্যেক সাদা চেহারা ওয়ালা মানুষ শুভ নয় এবং প্রত্যেক ছোট চোখওয়ালা মানুষ মহৎ নয়।

অর্থাৎ য়ামাকের শরীরের রঙ সাদা ছিল, চক্ষু ছোট ছিল এবং সম্ভ্রান্ত ছিল, কিন্তু তাই বলে সকল সাদা রং ওয়ালা এবং ছোট চোখওয়ালা য়ামাক হয়ে যাবে! তা নয়।

বিশ্লেষণ : وَجْه মুখমণ্ডল, চেহারা, উপরিভাগ, বহির্ভাগ, পৃষ্ঠদেশ, দিক, কারণ, মর্যাদা, বহুবচন اَوْجُهٌ -وُجُوْهٌ ও اُجُوْهٌ। وَجْهُ الْاَرْضِ ভূপৃষ্ঠ, পৃথিবীর উপরিভাগ। وَجْهُ - وَجْهُ الشِّبْهِ উপমার ক্ষেত্র, তুলনার দিক। اَلْوُجَهَاءُ সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ, বিশিষ্ট লোকজন। وِجْهَةُ التَّشْبِيْهِ দিক, ঝোঁক, লক্ষ্য, গতিপথ, মুখ ফিরানোর দিক, কেবলা, বহুবচন وجهات। وجهة দিক, ঝোঁক, লক্ষ্য, গতিপথ, বহুবচন وِجْهَاتٌ। وِجْهَةُ النَّظْرِ - وُجْهَةُ النَّظْرِ দৃষ্টিকোণ, দৃষ্টিভঙ্গি।

বাবে ض থেকে م - وَجْهًا মুখে মারা এবং ফিরিয়ে দেওয়া। বাবে ك থেকে م - وَجَاهَةً সম্মানিত হওয়া, মর্যাদাবান হওয়া, খ্যাতিমান হওয়া। বাবে تفعيل থেকে পাঠানো, প্রেরণ করা, ফিরানো, মুখ ফিরানো, মনোযোগ দেওয়া। বাবে افعال থেকে সম্মানিত বানানো, সম্মানিত পাওয়া, ফিরিয়ে দেওয়া। বাবে مفاعله থেকে সামনা-সামনি মোকাবেলা করা। বাবে تفعل থেকে লক্ষ্য করা, ইচ্ছা করা, নিয়ত করা। বাবে افتعال থেকে লক্ষ্য করা, মনে মনে চিন্তা করা।

مُبَارَكٌ - واحد مذكر - بحث اسم مفعول বরকতময়, কল্যাণময়, শুভ। বাবে مفاعله থেকে বরকতের জন্য দোয়া করা, রাজি হওয়া, সন্তুষ্ট হওয়া, বরকত দেওয়া, কল্যাণ করা, মঙ্গল করা, অভিনন্দন জানানো। বাবে ن থেকে م - بُرُوْكًا বসে পড়া, হাঁটু গেড়ে বসা। বাবে تفعيل থেকে বসানো, হাঁটু গেড়ে বসানো, بصله عَلَى - فِىْ মঙ্গল কামনা করা, আশীর্বাদ করা। বাবে افعال থেকে উটকে বসানো, বসানো।

বাবে تفعل থেকে শুভকামনা করা, বরকত লাভ করা। বাবে تفاعل থেকে মহিমান্বিত হওয়া, বরকতময় হওয়া।

بُرْكَانٌ আগ্নেয়গিরি, বহুবচন بَرَاكِيْنُ। بَرَكَةٌ বরকত, কল্যাণ, মঙ্গল প্রাচুর্য, বহুবচন بَرَكَاتٌ। بِرْكَةٌ পুকুর, পুষ্করিনী, ডোবা, জলাশয় বহুবচন بِرَكٌ ও بِرْكَاتٌ। بِرْكَةُ السِّبَاحَةِ সুইমিং পুল। بَرْكٌ সীনা, উটের পাল।

ضَيِّقَةٌ - ضَيِّقٌ সংকীর্ণ, সঙ্কটময়, কঠিন, কষ্টসাধ্য। ضَيْقٌ - ضِيْقٌ সঙ্কীর্ণতা, কষ্ট, সঙ্কট, সঙ্কোচন। ضَيْقَةٌ - ضِيْقَةٌ সঙ্কট, কষ্ট, যাতনা, দারিদ্র্য। বাবে ض থেকে م - ضِيْقًا - ضَيْقًا বাবে

تفعل ও تفاعل থেকে সঙ্কীর্ণ হওয়া, কষ্টসাধ্য হওয়া, সঙ্কুচিত হওয়া, কষ্টে পড়া, সঙ্কটাপন্ন হওয়া, সঙ্কটে পড়া। বাবে تفعيل ও افعال থেকে সঙ্কীর্ণ করা, চাপ দেয়া, পীড়াপীড়ি করা, সঙ্কটে ফেলা।

نَجْبٌ সম্ভ্রান্ত, অভিজাত, সদ্বংশীয়, উচ্চবংশীয়, মহৎ, শ্রেষ্ঠ, বহুবচন نُجُبٌ - نُجَبَاءُ। نَجِيْبٌ ও نَجَابَةٌ দানশীল, সম্ভ্রান্ত। مَنْجُوْبٌ বড় বর্তন। مُنْجِبٌ সম্ভ্রান্ত সন্তানের পিতা, বহুবচন مَنَاجِبُ।

বাবে ك থেকে م - نَجَابَةٌ সম্ভ্রান্ত হওয়া, অভিজাত হওয়া, উচ্চ বংশীয় হওয়া, মহৎ হওয়া। বাবে افعال থেকে উচ্চবংশীয় হওয়া, অভিজাত হওয়া, মহৎ হওয়া, উদার হওয়া, (সন্তান) জন্ম দেয়া।

তারকীব : وَ হরফে عطف، مَا বমা'না لَيْسَ, كُلُّ মুযাফ। وَجْهٍ - موصوف, اَبْيَضٍ - صفت, موصوف ও صفت মিলে মুরাক্কাবে توصيفى হয়ে মুযাফ ইলাই। মুযাফ ও মুযাফ ইলাই মিলে ইস্‌মে مَا। بِمُبَارَكٍ জার-মাজরূর মিলে مَوْجُوْدًا মাহ্‌যূফ শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল-তার متعلق কে নিয়ে শিবহে জুমলা হয়ে খবরে مَا। مَا তার ইস্‌ম্ ও খবরকে নিয়ে জুমলায়ে ইসমিয়ায়ে খবরিয়া হয়ে معطوف আলাই। وَ হরফে عطف، لَا বমা'না لَيْسَ, كُلُّ মুযাফ, جَفْنٍ ضَيِّقٍ মুরাক্কাবে توصيفى হয়ে মুযাফ ইলাই, মুযাফ ও মুযাফ ইলাই মিলে-ইস্‌মে لَا। بِنَجِيْبٍ জার-মাজরূর মিলে مَوْجُوْدًا মাহ্‌যূফ শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল তার متعلق-কে নিয়ে শিবহে জুমলা হয়ে খবরে لَا, لَا তার ইস্‌ম্ ও খবরকে নিয়ে جمله اسميه خبريه হয়ে معطوف। معطوف ও معطوف আলাই মিলে জুমলায়ে عاطفه।

১৭৬- لَئِنْ ظَهَرَتْ فِيْنَا عَلَيْهِ كَآبَةٌ * لَقَدْ ظَهَرَتْ فِىْ حَدِّ كُلِّ قَضِيْبِ

অর্থ : যদি য়ামাকের মৃত্যুর কারণে আমাদের ذوى العقول -এর মধ্যে শোক ও দুঃখ বেদনা প্রকাশ হয়ে থাকে, তবে অবশ্যই এ শোক ও বেদনা প্রতিটি তলোয়ারের ধারের মধ্যে (যদিও এগুলো ذوى العقول নয়) প্রকাশ হয়েছে।

অর্থাৎ য়ামাকের মৃত্যুতে শুধু আমরা ذوى العقول সম্প্রদায়ই শোকাতুর না, বরং غير ذوى العقول প্রতিটি তলোয়ারের ধারও শোকাকুল, যে তলোয়ার য়ামাকের মতো লোকেরা ব্যবহার করে না। (কবি এ কবিতা দ্বারা য়ামাক যে কত মহৎ লোক ছিল তা বুঝাতে চাচ্ছে: প্রাণী-অপ্রাণী সকলেই য়ামাকের মৃত্যুতে শোকাতুর)

বিশ্লেষণ : ظَهَرَتْ - بحث ماضى معروف، واحد مؤنث غائب বাবে ف থেকে م - ظُهُوْرًا প্রকাশিত হওয়া, স্পষ্ট হওয়া, জাহির হওয়া, আবির্ভূত হওয়া, আত্মপ্রকাশ করা, দেখা দেওয়া, بصله عَلٰى বিজয়ী হওয়া, পরাস্ত করা, পরাভূত করা, প্রাধান্য বিস্তার করা। বাবে ن থেকে م - ظَهَارَةً মজবুত পিঠ বিশিষ্ট হওয়া। বাবে س থেকে م - ظَهَرًا পিঠে রোগাক্রান্ত হওয়া। বাবে افعال থেকে প্রকাশ করা, পিছনে ফেলে দেওয়া, ভ্রুক্ষেপ না করা। বাবে تفعيل থেকে মনোযোগী না হওয়া, লক্ষ্য না করা। বাবে مفاعله থেকে সাহায্য করা, মায়ের সাথে স্ত্রীর উপমা দেওয়া। বাবে تفاعل থেকে একে অপরকে সাহায্য করা, প্রকাশ হওয়া, প্রকাশ করা, একে অপর থেকে দূর হওয়া। বাবে استفعال থেকে প্রদর্শন করা, মুখস্থ করা, মনে রাখা, بصله بَاء সমর্থন চাওয়া, সাহায্যের জন্য আবেদন করা, সতর্কতা অবলম্বন করা, সাহায্য চাওয়া।

ظُهَارٌ পিঠের ব্যথা, পিঠ ব্যথা। ظِهَارَةٌ (কাপড়ের) বাহিরের দিক, সঠিক পাশ। ظَهْرٌ পিঠ, পৃষ্ঠদেশ, বহির্ভাগ, উপরিভাগ, বহুবচন ظُهُوْرٌ، اَظْهُرٌ، ظُهْرَانٌ। ظُهْرٌ মধ্যাহ্ন, দ্বিপ্রহর, দুপুর, জোহর (নামাজ), বহুবচন اَظْهَارٌ। بَعْدَ الظُّهْرِ অপরাহ্ন, বিকেল, قَبْلَ الظُّهْرِ পূর্বাহ্ন, সকাল। ظِهْرِيًّا

অবহেলায়, অবহেলা ভরে, ভুলে গিয়ে। ظُهُوْرٌ প্রকাশ, আত্মপ্রকাশ, আবির্ভাব। ظَهِيْرٌ সাহায্যকারী, পৃষ্ঠপোষক, (ফুটবলে) ব্যাক, বহুবচন ظُهَرَاءُ। ظَهِيْرَةٌ মধ্যাহ্ন, দ্বিপ্রহর, দুপুর, দুপুরের তাপ।

كَآبَةٌ কঠিন বিষণ্নতা, অতি দুঃখ। বাবে س থেকে كَآبَةً ভারাক্রান্ত হওয়া, শোকাহত হওয়া, শোকগ্রস্ত হওয়া।

قَضِيْبٌ ধারালো তলোয়ার, কাটা ডালা, সোজা ডাল দ্বারা বানানো কামান, দণ্ড, বহুবচন قُضُبٌ ও قُضْبَانٌ। سَيْفٌ قَاضِبٌ অনেক ধারালো তলোয়ার, বহুবচন قَوَاضِبُ। قَضْبٌ পুষ্টিকর শাক-সবজি, ডালপালা বিশিষ্ট গাছ। قُضَابَةٌ কাটা টুকরা।

বাবে ض থেকে م - قَضْبًا কাটা। বাবে تفعيل থেকে টুকরো-টুকরো করা। বাবে افعال থেকে শাক-সবজি উদ্ভিদ করা। বাবে انفعال থেকে কেটে যাওয়া। বাবে افتعال থেকে কাটা।

তারকীব : لَامْ জওয়াবে قسم - اِنْ হরফে شرط-এর উপর দাখেল হয়েছে, মূলে ছিল وَاللّٰهِ لَئِنْ - وَاللّٰهِ، قسم - لَئِنْ، قسم জওয়াবে ظَهَرَتْ। فِيْنَا ফে'ল, জার-মাজরূর মিলে ফে'লের সাথে متعلق، عَلَيْهِ জার-মাজরূর মিলে كَآبَةٌ শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে ফে'ল তার متعلق কে নিয়ে শিবহে জুমলা হয়ে فاعل। ফে'ল তার متعلق ও فاعل-কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে شرط, জওয়াবে شرط অর্থাৎ جزاء - محذوف - لَاعَجَبَ। شرط ও جزاء মিলে-জুমলায়ে شرطيه। لَقَدْ ظَهَرَتْ - لام জওয়াবে قسم قَدْ ظَهَرَتْ، ফে'ল, যমীর هِيَ ফায়েল (راجع - كَآبَةٌ-এর দিকে) فِيْ হরফে জার حَدِّ মুযাফ, كُلِّ قَضِيْبٍ মুরাক্কাবে اضافى হয়ে মুযাফ ইলাই। মুযাফ ও মুযাফ ইলাই মিলে মাজরূর, জার-মাজরূর মিলে معطوف আলাই।

১৭৭- وَفِيْ كُلِّ قَوْسٍ كُلَّ يَوْمِ تَنَاضُلٍ * وَفِيْ كُلِّ طَرْفٍ كُلَّ يَوْمِ رُكُوْبِ

অর্থ : এবং (য়ামাকের মৃত্যুর কারণে শোক প্রকাশ হতে থাকবে) প্রতিটি ধনুকে (কামানে) তীর নিক্ষেপের প্রত্যেক দিন এবং প্রতিটি উত্তম ঘোড়ার মধ্যে আরোহণের প্রত্যেক দিন।

অর্থাৎ কবি বলে যে, য়ামাককে ভুলা যাবে না, বরং তার কথা মনে করে তার জন্য শোক প্রকাশ করতে হবে-যখন বর্শা নিক্ষেপের জন্য ধনুক হাতে নিবে এবং যখন আস্তাবল থেকে আরোহণের জন্য ঘোড়া বের করে আনবে– তখন ধনুক দ্বারা তীর নিক্ষেপকারী এবং উত্তম ঘোড়ায় আরোহণকারী য়ামাকের জন্য শোক প্রকাশ করবে।

বিশ্লেষণ : قَوْسٍ ধনুক, খিলান, বেহালার ছড়, পাঁজরের হাড়, বহুবচন اَقْوَاسٌ - قِسِيٌّ ও قُوَيْسِنٌ - قَوْسَانٌ। اَلْقَوْسُ ধনুরাশি রাশিচক্রের নবম রাশি। قَوْسُ قُزَحٍ রঙধনু, রংধনু, রামধনু। قُسَيٌّ বন্ধনী, ব্র্যাকেট।

বাবে تفعيل থেকে বাঁক করা, নোয়ানো, ধনুকাকৃতি করা, বাঁকা হওয়া। বাবে ن থেকে م - قَوْسًا অগ্রগামী হওয়া, আগে বাড়া। বাবে س থেকে م - قَوْسًا ও বাবে تفعل এবং استفعال থেকে বাঁকা হওয়া। বাবে افتعال থেকে অনুমান করা।

اَلْقَوَّاسُ ধনুকের অধিকারী। اَلْقَيَّاسُ ধনুক ঠিককারী।

تَنَاضُلٍ বাবে تفاعل-এর م, বাবে تفاعل ও افتعال থেকে তীর নিক্ষেপে প্রতিদ্বন্দ্বিতা করা। বাবে ن থেকে م - نَضْلًا তীর নিক্ষেপে আগে বাড়া, তীর নিক্ষেপে জয়ী হওয়া। বাবে س থেকে م - نَضَلًا দুর্বল হওয়া, ক্লান্ত হওয়া, কাহিল হওয়া। বাবে مفاعله থেকে তীর নিক্ষেপে মোকাবেলা করা। বাবে افعال থেকে দুর্বল করা, কাহিল করা, ক্লান্ত করা। বাবে تفعل ও افتعال থেকে বের করা।

তারকীব : وَ হরফে عطف, فِىْ হরফে জার, كُلِّ قَوْسٍ মুরাক্কাবে اضافى হয়ে মাজরূর। জার -মাজরূর মিলে يَوْمِ تَنَاضُلٍ - موصوف ও صفت মিলে মুযাফ ইলাই। মুযাফ-মুযাফ ইলাই মিলে ظَهَرَتْ ফে'লের مفعول فيه আউয়াল। وَ হরফে عطف, فِىْ হরফে জার, كُلِّ طِرْفٍ মুযাফ-মুযাফ ইলাই মিলে মাজরূর। জার মাজরূর মিলে فِىْ حَدِّ كُلِّ قَضِيْبٍ-এর উপর। كُلَّ মুযাফ, يَوْمِ رُكُوْبٍ - موصوف ও صفت মিলে মুযাফ ইলাই, মুযাফ-মুযাফ ইলাই মিলে ظَهَرَتْ ফে'লের مفعول فيه সানী। ১৭৬ নং শে'রে উল্লিখিত (فِىْ حَدِّ كُلِّ قَضِيْبٍ) মা'তূফ আলাই ১৭৭ নং শে'রে উল্লিখিত উভয় معطوف-কে নিয়ে জুমলায়ে عاطفه হয়ে قَدْ ظَهَرَتْ ফে'লের সাথে متعلق, فعل তার فاعل ও متعلق এবং উভয় مفعول فيه-কে নিয়ে جمله فعليه হয়ে জওয়াবে قسم।

১৭৮- يَعِزُّ عَلَيْهِ اَنْ يُخِلَّ بِعَادَةٍ * وَتَدْعُوْ لِاَمْرٍ وَهُوَ غَيْرُ مُجِيْبٍ

অর্থ : য়ামাকের জন্য অত্যন্ত কষ্টকর ব্যাপার ছিল- তার কোনো অভ্যাসকে ত্যাগ করা এবং আপনি তাকে কোনো কাজের জন্য ডাকবেন আর সে ডাকের সারা দেবে না?

অর্থাৎ আপনার ডাকের সারা দেওয়া তার উপর জরুরি ছিল—সে এটার অভ্যস্ত ছিল এবং নিজ অভ্যাসকে পরিবর্তন করা তার জন্য খুবই কঠিন কাজ ছিল। কিন্তু আজ আপনি তাকে বারবার ডাকছেন, অথচ তার পক্ষ থেকে কোনো উত্তর নেই, মৃত্যু তাকে বাধ্য করছে উত্তর না দেওয়ার জন্য, যদিও এটা তার অভ্যাসের বিপরীত।

বিশ্লেষণ : يَعِزُّ বাবে ض থেকে م - عِزًّا ও عِزَّةً সম্মানিত হওয়া, শক্তিশালী হওয়া, প্রভাব খাটানো, بصله عَلٰى কঠিন হওয়া, কষ্টসাধ্য হওয়া। বাবে ن থেকে م - عَزًّا শক্তিশালী করা, সম্মান লাভের প্রচেষ্টায় জয়ী করানো। বাবে تفعيل থেকে শক্তিশালী করা, জোরদার করা, সম্মান করা, সম্মানিত করা, সাহায্য করা। বাবে مفاعله থেকে সম্মান লাভে মোকাবেলা করা, কথায় জয়ী হওয়া। বাবে افعال থেকে সম্মানিত করা, মহব্বত করা, ভালবাসা। বাবে افتعال থেকে শক্তিশালী হওয়া, নিজকে শক্তিশালী মনে করা, ফখর করা। বাবে تفعل থেকে শক্তিশালী হওয়া। বাবে استفعال থেকে কঠোরতা করা, জয়ী হওয়া।

عِزٌّ - عِزَّةٌ ইজ্জত, সম্মান, মর্যাদা, গৌরব, শক্তি, প্রভাব, দাপট। عَزِيْزٌ সম্ভ্রান্ত, শক্তিশালী, বিরল, সম্মানিত, সম্রাট, বহুবচন عِزَازٌ ও اَعِزَّاءُ।

عَادَةٌ অভ্যাস, স্বভাব, আদত, রীতি, প্রথা, আচার, বহুবচন عَادَاتٌ। عَادَةً স্বভাবত, স্বাভাবিকভাবে। عَادٌّ গণনাকারী, হিসাবকারী, বহুবচন عَادُّوْنَ।

বাবে ن থেকে م - عَوْدَةً - بصله اِلٰى ফিরে আসা, ফিরে যাওয়া, প্রত্যাবর্তন করা। বাবে ن থেকে م - عِيَادًا ও عِيَادَةً (অসুস্থ ব্যক্তিকে) দেখতে যাওয়া, (ডাক্তার) রুগী দেখা। বাবে ن থেকে م - عَوْدًا অভ্যাস বানিয়ে নেওয়া। বাবে تفعيل থেকে عَوَّدَ অভ্যস্ত করে দেওয়া। বাবে تفعيل থেকে عَيَّدَ ঈদে উপস্থিত হওয়া। বাবে مفاعله থেকে অভ্যাস করে নেওয়া, প্রথমটির দিকে ফিরে আসা। বাবে افعال থেকে ফিরানো, দৌড়ানো, অভ্যাস করে নেওয়া। বাবে افتعال থেকে অভ্যস্ত হওয়া। বাবে استفعال থেকে ফিরে আসার জন্য বলা, অভ্যস্ত হওয়া।

তারকীব : يَعِزُّ ফে'ল, عَلَيْهِ জার-মাজরূর মিলে ফে'লের সাথে متعلق। اَنْ - مصدريه - يُخِلَّ ফে'ল, যমীর هُوَ ফায়েল (উদ্দেশ্য يَمَاكُ)। بَاءٌ - হরফে জার, عَادَةٍ - موصوف - حسنة - صفت মাহ্যূফ, মাউসূফ ও সিফত মিলে মাজরূর। জার-মাজরূর মিলে يُخِلَّ ফে'লের সাথে متعلق,

ফে'ল তার فاعل ও متعلق -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف عليه। وَ হরফে আত্‌ফ, لامر। ذوالحال - محذوف যমীর هٗ (উদ্দেশ্য সাইফুদ্দৌলা), فاعل - اَنْتَ ফে'ল, যমীর تَدْعُوْ اضافى মুরাক্কাবে غَيْرُ مُجِيْبٍ মুব্‌তাদা, هُوَ - حاليه - وَ। متعلق জার মাজরূর মিলে ফে'লের সাথে تدعو। مفعول به হাল ও যুলহাল মিলে حال, خبر ও مبتدأ মিলে জুমলায়ে খবরিয়া হয়ে خبر হয়ে। معطوف। معطوف ফেয়ল তার ফায়েল ও متعلق এবং مفعول به -কে নিয়ে জুমলায়ে فعليه হয়ে معطوف আলাই ও معطوف মিলে জুমলায়ে عاطفه হয়ে يعز ফে'লের فاعل, ফে'ল তার فاعل ও متعلق -কে নিয়ে জুমলায়ে فعليه হয়ে معطوف আলাই।

١٧٩- وَكُنْتُ إِذَا اَبْصَرْتُهُ لَكَ قَائِمًا * نَظَرْتُ إِلٰى ذِىْ لِبْدَتَيْنِ اَدِيْبِ

অর্থ : আর যখন আমি তাকে আপনার সামনে দাঁড়ানো দেখতাম, তখন আমি এক সভ্য সিংহ যার গর্দানের দু'দিকে জঠবদ্ধ কেশর ছিল–দেখতাম।

অর্থাৎ যখন য়ামাক আপনার সামনে আপনার আদেশ শুনার জন্য দাঁড়ায়ে থাকত, তখন আমি অনুভব করতাম যে, একটি বীর সিংহ যার গর্দানের উপর দু'দিকে জটবদ্ধ কেশর ছড়ানো-অত্যন্ত সভ্যতার সাথে দাঁড়ায়ে রয়েছে।

বিশ্লেষণ : اَبْصَرْتُ اَبْصَرْتُهٗ - بحث فعل ماضى معروف، واحد متكلم বাবে افعال থেকে দেখা, দর্শনকারী বানানো। বাবে س ও ك থেকে م - بَصَرًا ও بَصَارَةً দেখা, প্রত্যক্ষ করা, দৃষ্টি দেওয়া, তাকানো। বাবে تفعيل থেকে দেখানো, প্রদর্শন করা, বুঝানো। বাবে تفعل থেকে দেখা, পর্যবেক্ষণ করা, ভেবে দেখা, বিবেচনা করা, লক্ষ্য করে দেখা। বাবে استفعال থেকে পর্যবেক্ষণ করা, অনুসন্ধান করা, বিবেচনা করা। প্রকাশ হওয়া, প্রকাশ করা, ভালভাবে দেখা।

بَصَرٌ দৃষ্টি, অন্তর্দৃষ্টি, চক্ষু, চোখ, বহুবচন اَبْصَارٌ। بَصَرِىٌّ - بَصَرِيَّةٌ দৃষ্টি-সম্বন্ধীয়, দৃষ্টিসম্পন্ন। بَصِيْرٌ দ্রষ্টা, দৃষ্টিসম্পন্ন, দূরদৃষ্টিসম্পন্ন, দূরদর্শী, বহুবচন بُصَرَاءُ। بَصِيْرَةٌ দৃষ্টি, দূরদৃষ্টি, অন্তর্দৃষ্টি, দূরদর্শিতা, বুদ্ধিমত্তা, পর্যবেক্ষণ। بَاصِرَةٌ চক্ষু, বহুবচন بَوَاصِرُ।

لِبْدَتَيْنِ - تثنيه, একবচনে لِبْدَةٌ (ঘোড়া বা সিংহের) কেশর, ভিড়, চাপ, দল, বহুবচন لِبَدٌ - اَلْبَادٌ ও لُبُوْدٌ। لُبْدَةٌ জটবদ্ধ চুল বা পশম, (ঘোড়া বা সিংহের) কেশর, বিপুল সম্পদ, বহুবচন لُبَدٌ ও اَلْبَادٌ। لِبْدٌ গাদানো পশম, জটবদ্ধ চুল, জিনের গদি, বহুবচন لُبُوْدٌ ও اَلْبَادٌ - لِبَدَةٌ। لَبِدٌ জটবদ্ধ (চুল বা পশম) বিজড়িত। لَبَدٌ পশম, লোম।

বাবে ن থেকে م - لُبُوْدًا লেগে থাকা, এঁটে থাকা, অবস্থান করা, বাস করা। বাবে س থেকে م - لَبَدًا বাস করা, অবস্থান করা। বাবে تفعيل থেকে লাগানো, লাগিয়ে রাখা, জমাট করা, গাদানো।

তারকীব : وَ হরফে عطف، اِذَا যরফ (متضمن معنى الشرط) اَبْصَرْتُ ফে'ল, যমীর فاعل - اَنَا. هٗ যমীর যুল্‌হাল, لَكَ জার-মাজরূর মিলে قَائِمًا শিবহে ফে'লের সাথে متعلق, শিবহে فعل তার متعلق -কে নিয়ে শিবহে জুমলা হয়ে–হাল। হাল-যুলহাল মিলে مفعول به, فعل তার فاعل ও مفعول به -কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে شرط।

كُنْتُ ফে'লে ناقص, যমীর اَنَا তার ইস্‌ম। نَظَرْتُ ফে'ল, যমীর اَنَا ফায়েল, اِلٰى হরফে জার, صفت - اَدِيْبٍ , اولى اضافى হয়ে সিফতে মুরাক্কাবে ذِىْ لِبْدَتَيْنِ মাহযূফ, موصوف - اَسَدٍ ثانيه। موصوف তার উভয় صفت -কে নিয়ে মুরাক্কাবে توصيفى হয়ে মাজরূর, জার ও মাজরূর মিলে نَظَرْتُ ফে'লের সাথে متعلق, فعل তার فاعل ও متعلق -কে নিয়ে জুমলায়ে فعليه হয়ে বতাবীলে মুফরাদ খবরে كُنْتُ। كُنْتُ তার ইস্‌ম ও খবরকে নিয়ে জুমলায়ে اسميه خبريه হয়ে بمنزله - جزاء ، شرط ও جزاء মিলে جمله شرطيه।

১৮০- فَاِنْ يَكُنِ الْعِلْقَ النَّفِيْسَ فَقَدْتَهُ * فَمِنْ كَفِّ مِتْلَافٍ اَغَرَّ وَهُوْبٍ

অর্থ : অতঃপর যদি আপনি প্রিয়-উত্তম বস্তুকে (য়ামাককে) হারিয়ে থাকেন, তবে আপনি তাকে এমন হাত দ্বারা হারিয়েছেন–যে হাত অধিক বিলোপকারী, অনেক দানশীল–অতি শুভ্র।

